উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ণ

উপজেলা: মহেশখালী, জেলা: কক্সবাজার

পরিকল্পনা প্রনয়ণে:

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, মহেশখালী, কক্সবাজার

সমন্বয়ে:

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

আগষ্ট ২০১৪

সার্বিক সহযোগিতায়:

কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি- ২)
দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়

বানী

বাংলাদেশ বিশ্বের মধ্যে অন্যতম দুর্যোগ প্রবণ একটি দেশ। আবহাওয়া, জলবায়ু ও ভৌগলিক অবস্থানগত কারণে এদেশের প্রতিটি জেলা নানাবিধ দুর্যোগে আক্রান্ত হয়ে থাকে। এসব জেলার মধ্যে কক্সবাজার জেলা হলো অন্যতম। সমুদ্র উপকুলবর্তী ও পাহাড়ী এলাকা হওয়ায় সামুদ্রিক জলোচ্ছাস, বন্যা, পাহাড় ধ্বস, পাহাড়ী ঢল, লবণাক্ততাসহ নানাবিধ আপদে প্রায় প্রতি বছর জেলার ৮টি উপজেলা কোন না কোন দুর্যোগে পতিত হয়ে থাকে, যার মধ্যে মহেশখালী একটি অন্যতম ঝুঁকিপ্রবণ উপজেলা। এই উপজেলা একটি দ্বীপ হওয়ায় প্রায় সারা বছর সামুদ্রিক জলোচ্ছ্বাস, জোয়ারের প্লাবন, পাহাড়ী ঢল, লবণাক্ততা, বৃক্ষ ও প্যারাবন নিধনসহ নানাবিধ আপদ/ দুর্যোগের সম্মুখীন হয়ে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়, যার প্রভাব পড়ে থাকে জাতীয় অর্থনীতিতে ।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকার ইউএনডিপিসহ বিভিন্ন দাতা সংস্থার সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি ও ক্ষয় ক্ষতি হ্রাস করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করেছে।

এরই ধারাবাহিকতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়' এর 'কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি)'র উদ্যোগে এবং ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউকে এইড, অস্ট্রেলিয়ান এইড, সুইডেন ও নরওয়ে এ্যাম্বাসি'র সহায়তায় বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করে, যা দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রক্রিয়াকে সমৃদ্ধশালী করবে।

পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে রিক ইউনিয়নের সাধারণ জনগণ, বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তি, ইউনিয়ন পরিষদের সদস্য, সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে ইউনিয়নভিত্তিক আর্থ-সামাজিক চিত্র, আবহাওয়া-জলবায়ুর অবস্থা, আপদ-দুর্যোগে ক্ষয় ক্ষতির মাত্রা, দুর্যোগ ঝুঁকি চিহ্নিত, দুর্যোগ মোকাবেলার সক্ষমতা, ঝুঁকি হ্রাসে করণীয়সহ বিভিন্ন তথ্য সংগ্রহ ও সমন্বয় করে মহেশখালী উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়।

পরিকল্পনা প্রণয়নে রিক এর কর্মীদের অক্লান্ত পরিশ্রম সত্যিই প্রশংসার দাবী রাখে। এই পরিকল্পনাটি দুর্যোগ প্রতিরোধ ও ঝুঁকি হ্রাসকল্পে যথার্থ অবদান রাখবে। এটি সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে মহেশখালী উপজেলার জনগণের জীবন-জীবিকা ও সম্পদ রক্ষার ক্ষেত্রে ভূমিকা রাখবে।

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নে রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এর কর্মকর্তাবৃন্দ, ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, সকল ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তবৃন্দ এবং উপজেলাবাসীর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

মোহাম্মদ আনোয়ারুল নাসের

উপজেলা নির্বাহী অফিসার

মহেশখালী , কক্সবাজার

মুখবন্ধ

বাংলাদেশ বিশ্বের দুর্যোগপূর্ণ দেশগুলির মধ্যে অন্যতম। সুদুর অতীতকাল থেকেই বাংলার ব-দ্বীপ অঞ্চলটির জনগণ বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগের সাথে মোকাবেলা করে আসছে। দুর্যোগগুলির মধ্যে কতগুলো ধীর কর্মক্ষমতা সম্পন্ন, পৌনঃপুনিক এবং কতগুলি রয়েছে আকস্মিক, ধ্বংস ক্রিয়ায় প্রগাঢ় ও বৈশিষ্ট্যে বিপর্যয়কারী। বহুমূখী দুর্যোগের জন্য দেশটির ভৌগলিক অবস্থান অনেকটা দায়ী। ভৌগোলিক অবস্থান, আবহাওয়া ও নদী মাতৃকার কারণে এ দেশে বন্যা, ঘূর্নিঝড়, খড়া, টর্নেডো/ কালবৈশাখী, সামুদ্রিক জলোচ্ছাস ও অঞ্চল ভেদে মঙ্গা, ম্যালেরিয়া, পাহাড় ধ্বস, বন্যহাতি আক্রমণসহ নানাবিধ আপদে ঝুঁকিপূর্ণ। অবস্থানগত কারণে ভুমিকম্প, সুনামী এদেশের জন্য বড় আপদ হিসেবে দেখা দিতে পারে। তাছাড়া পাহাড়ী ও নদীমাতৃক হওয়ায় প্রতিবছর নদী ভাঙ্গন, বন্যা, পাহাড়ী ঢলে লাখ লাখ মানুষ জানমাল, বসতভিটা হারিয়ে নিঃস্ব হয়ে পড়ছে। এছাড়াও মানব সৃষ্ট নানান আপদ মানুষের জীবনকে প্রতিনিয়ত আতংকগ্রস্ত করে রাখছে। এ সবের মধ্যে বৃক্ষ ও প্যারাবন নিধন, পাহাড় কাটা, মাটি কাটা, ইটভাটার দূষণ, তামাক চায়, ক্ষতিকর রাসায়নিক সার ব্যবহার, বার্ড ফ্লু প্রভৃতি আপদে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়ে থাকে। এতে করে জাতীয় জীবন তথা অর্থনীতিতে ব্যাপক প্রভাব ফেলছে।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সরকারর দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউকে এইড, অস্ট্রেলিয়ান এইড, সুইডেন ও নরওয়ে এ্যাম্বাসি'র আর্থিক ও কারিগরী সহায়তায় সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর মাধ্যমে দুর্যোগের ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে এক যুগান্তকারী কর্মসূচি হাতে নিয়েছে। এই কর্মসূচির আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (জেলা বা উপজেলার আর্থ-সামাজিক অবস্থা বা অবস্থান, আবহাওয়া ও জলবায়ু পরিস্থিতি, আপদ, দুর্যোগ, সক্ষমতা, বিপদাপন্নতা, ঝুঁকি চিহ্নিত, ঝুঁকি হ্রাসে করণীয় উপায়সহ বিভিন্ন তথ্য) প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে এ কর্মসূচীর প্রণয়নকৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দুর্যোগে ঝুঁকি হ্রাসে সূদুরপ্রসারী অবদান রাখবে বলে মনে করা হয়।

এরই ধারাবাহিকতায় বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) কে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে রিক এর কর্মীদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম পরিকল্পনা প্রণয়নে যথার্থ অবদান রেখেছে। ফলে উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। এই পরিকল্পনায় দুর্যোগ প্রতিরোধে নদী ভাঙ্গন রোধ, প্রয়োজনীয় বাঁধ নির্মাণ, সামাজিক বনায়ন, মজবুত ও দুর্যোগ সহনশীল অবকাঠামো তৈরী, নলকুপ স্থাপন, আবহাওয়া ও জীববৈচিত্র্য রক্ষার্থে নিবিড় বনায়ন প্রভৃতি ঝুঁকি হ্রাসকল্পে কর্মসূচি গ্রহণ করতে হবে, যা বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবন-জীবিকার নিশ্চয়তা ও সহায় সম্পত্তির ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে।

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নে সহায়তা করার জন্য ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, উপজেলা প্রশাসন এবং উপজেলাবাসীর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

আবুল হাসিব খান
পরিচালক
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সূচীপত্র

বিষয় পৃষ্ঠা নং

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি ৬
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য ৬
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি ৭
১.৩.১ জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান ৮
১.৩. ২ আয়তন ৯
১.৩.৩ জনসংখ্যা ১২
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা থাকতে হবে ১২
১.৪.১ অবকাঠামো ১২
১.৪.২ সামাজিক সম্পদ ২০
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু ৩৮
১.৪.৪অন্যান্য ৩৯

দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস ৪৮
২.২ জেলা/উপজেলার আপদ সমুহ ৪৯
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ননা ৫০
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা ৫৩
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা ৫৫
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ ৫৯
২.৭ সামাজিক মানচিত্র ৬৪
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র ৬৫
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি ৬৭
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি ৬৯
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা ৭০
২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা ৭১
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব ৭৩

তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস

৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ ৭৫
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ ৭৯
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৮৩
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা ৮৪
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি ৮৪
৩.৪.২ দুর্যোগ কালীন ৮৫
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী ৮৬
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে ৮৭

বিষয় পৃষ্ঠা নং

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান

৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC) ৮৯
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা ৮৯
৪.২ আপদ কালীন পরিকল্পনা ৯০
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা ৯২
৪.২.২ সতর্ক বার্তা প্রচার ৯২
৪.২.৩ **জনগণকে আশ্রয়কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করা** ৯২
৪.২.৪ নৌকা, **গাড়ী, ভ্যান** প্রস্তুত রাখা ৯২
৪.২.৫ উদ্ধার **কাজ ব্যবস্থাপনা** ৯২
৪.২.৬ প্রাথমিক চিকিৎসা প্রদান ৯২
৪.২.৭ **মৃত প্রাণীর (মানুষ ও গবাদী পশু পাখি) ব্যবস্থাপনা** ৯৩
৪.২.৮ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৯৩
৪.২.৯ গবাদী পশুর চিকিৎসা/ টিকা ৯৩
৪.২.১০ আশ্রয় কেদ্র রক্ষনাবেক্ষন ৯৩
৪.২.১১ ত্রান কার্যক্রম সমন্বয় করা ৯৪
৪.২.১২ মহড়ার আয়োজন করা ৯৪
৪.২.১৩ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ ৯৪
৪.২.১৪ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা ৯৪
৪.৩ জেলা/ উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা ৯৫
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৯৭
৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৯৮
৪.৬ অর্থায়ন ৯৮
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ১০০

পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ১০২
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার ১০৩
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ১০৩
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ১০৩
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ১০৪
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ১০৪

<u>সংযুক্তি</u>

সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট ১০৫
সংযুক্তি ২ জেলা/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ১০৭
সংযুক্তি ৩ উপজেলার/ ইউনয়ন সেচ্ছাসেবকদের তালিকা ১০৮
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ১২০
সংযুক্তি ৫ ইউনিয়নভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ১২৩
সংযুক্তি ৬ এক নজরে জেলা/উপজেলা ১২৮
সংযুক্তি ৭ ইউনিয়নভিত্তিক রাস্তাসমূহের তথ্য ১২৯
সংযুক্তি ৮ ইউনিয়নভিত্তিক খালসমূহের তথ্য ১৩৩
সংযুক্তি ৯ ইউনিয়নভিত্তিক কালভার্টসমূহের তথ্য ১৩৭
সংযুক্তি ১০ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠানসূচী ১৪৪
উপসংহার ও তথ্যসূত্র ১৪৫

প্রথম অধ্যায়

স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকি হ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারীতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠির অংশগ্রহণের উপর নির্ভরশীল।

বাংলাদেশ বিশ্বের দুর্যোগপূর্ণ দেশগুলির মধ্যে অন্যতম। ভৌগলিক অবস্থান ও আবহাওয়াজনিত কারণে স্থানভেদে এদেশে প্রতি বছর বন্যা, অতিবৃষ্টি, ঘুর্ণিঝড়/ টর্নেডো, খরা, শৈত্য প্রবাহ, সামুদ্রিক জলোচ্ছ্বাস, পাহাড়ী ঢল, পাহাড় ধ্বস, লবণাক্ততা, আর্সেনিক দূষণ, কালবৈশাখীর মত নানা ধরণের প্রাকৃতিক আপদ আঘাত হানে।

অবস্থানগত কারণে ভূমিকম্প এদেশের জন্য একটা বড় আপদ। অন্যদিকে নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছর বন্যা ও নদী ভাঙ্গনে এদেশের প্রতিটি জেলা কম বেশী কোন না কোন ভাবে আক্রান্ত হয়ে থাকে। এ ছাড়াও মানবসৃষ্ট বিভিন্ন আপদ, যেমন বৃক্ষ/ প্যারাবন নিধন, পাহাড়/ মাটি কাটা, তামাক চাষ, ইটভাটার দূষণ, রাসায়নিক সার বা ঔষধ ব্যবহার, অগ্নিকান্ড প্রভৃতি মানব জীবনকে প্রতিনিয়ত আতঙ্কগ্রস্ত করে রাখে। এসব জেলার মধ্যে কক্সবাজার জেলা অন্যতম। কক্সবাজার জেলার ৮টি উপজেলা প্রতিবছর কোন না কোন দুর্যোগে পতিত হয়ে থাকে, যার মধ্যে মহেশখালী একটি অন্যতম ঝুঁকিপ্রবণ উপজেলা। এই উপজেলার ৮টি ইউনিয়ন নিয়ে গঠিত। এই ৮টি ইউনিয়ন প্রায় সারা বছর ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস, পাহাড়ী ঢল, জোয়ারের প্লাবন, পাহাড় ধ্বস, লবণাক্ততা, বৃক্ষ ও প্যারাবন নিধনসহ নানাবিধ আপদ/ দুর্যোগের কবলে থাকে। উপজেলার প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড ও গ্রামে প্রায় সারা বছর কোন না কোন আপদ/ দুর্যোগ ঘটে এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর ব্যাপক ক্ষতিকর প্রভাব পড়ে থাকে। সারা বছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও বিগত সময়ে দুর্যোগ প্রতিরোধ বা দুর্যোগ ঝুঁকি হ্রাস করা এবং মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর জন্য উপজেলা পর্যায়ে কোন সুদুরপ্রসারী কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়নি। সেদিক বিবেচনা করে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি মহেশখালী উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য:

প্রায় সারা বছর প্রাকৃতিক ও মানব সৃষ্ট অসংখ্য আপদ/ দুর্যোগে সমুদ্র উপকূলবর্তী দ্বীপপুঞ্জ মহেশখালী উপজেলায় জনগোষ্ঠীর জীবনযাত্রা ও পেশা ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস, লবণাক্ততা, বৃক্ষ নিধনের মত আপদে চরমভাবে ঝুঁকিপূর্ণ। ফলশ্রুতিতে ক্রমবর্ধমানহারে মানুষের জীবনযাত্রায় নেমে এসেছে দারিদ্রতা।

মূল উদ্দেশ্য:

বিদ্যমান আপদ/ দুর্যোগের সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করে তা নিরসনে কার্যকরী কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি স্থানীয় জনগোষ্ঠী এবং তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও বাস্তবায়নের মাধ্যমে আপদ/ দুর্যোগ সংশ্লিষ্ট ঝুঁকি হ্রাস করে ক্ষয়ক্ষতি কমাতে এবং বিপদাপন্নতা নিরসনে সহায়তা করবে।

সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন - উপজেলা - জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায়সমূহ চিহ্নিত করা;
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহার করে ঝুঁকি হ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন করা;
- দুর্যোগ পরবর্তী উদ্ধার, অপসারণ, চাহিদা নিরূপণ, ত্রাণ বিতরণ ও তাৎক্ষণিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ করা;
- একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরি করা;
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় বেসরকারী সংস্থা, দাতা সংস্থা প্রভৃতি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করা;
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করা;
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা ।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

বাংলাদেশের সর্ব দক্ষিণে অবস্থিত জেলা হলো কক্সবাজার । পৃথিবীর দীর্ঘতম সমুদ্রনগরী । সাগর ও পাহাড়ের মিলন মেলার এক অপূর্ব এই জেলা । বড় সুখ দুঃখের স্মৃতি বিজরিত ও ইতিহাস খ্যাত কক্সবাজার জেলার একটি দ্বীপপুঞ্জ হলো **মহেশখালী** উপজেলা । ইহার মূল অংশ ছাড়াও ধলঘাটা, মাতারবাড়ী, সোনাদিয়া দ্বীপসহ তিনটি দ্বীপের সমন্বয়ে ৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে মহেশখালী উপজেলা গঠিত । এ দ্বীপের দক্ষিণ ও পশিমে বঙ্গোপসাগর ও কুতুবদিয়া প্রণালী/ চ্যানেল এবং উত্তর পূর্বে মহেশখালী প্রণালী/ চ্যানেল দ্বারা বেষ্টিত । দ্বীপের পূর্ব পার্শ্বে উঁচু-নিচু পাহাড় ও টিলা রয়েছে । তন্মধ্যে সর্বোচ্চ পাহাড়ের উচ্চতা সমুদ্র পৃষ্ঠ হতে প্রায় ২৮৮ ফুট । মহেশখালী নামকরণের বিভিন্ন জনশ্রুতি আছে । যেমন কক্সবাজারের ইতিহাস গ্রন্থে পাওয়া যায় হিন্দুদের দেবতা 'শিব' এর অপর নাম মহেশ । মহেশ এর নামানুসারে দ্বীপের মহেশখালী নামকরণ হয়েছে বলে অনেকে মনে করেন । ইষ্ট ইন্ডিয়া কোম্পানী রেকর্ড পত্রে নাম লেখা হয় মইশখাল । আবার অনেকে মনে করেন স্থানীয়ভাবে মহিশকে 'মুইশ' বলা হয় । এক সময় দ্বীপের বনাঞ্চলে প্রচুর 'বন্য মুইশ' থাকতো । সে কারণে দ্বীপের নামকরণ মহেশখালী হয়েছে । তবে ঐতিহাসিকদের বর্ণনা মতে মহেশখালীর পূর্বে কক্সবাজার জেলা মূল ভূখন্ডের সাথে সংযুক্ত ছিল । ১৫৬৯ সালে প্রচন্ড ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের ফলে এ অংশটি মুল ভূখন্ডের হতে আলাদা হয়েছে । আর সে কারণে ইউরোপিয়ানরা এটাকে 'Mexal' দ্বীপ বর্ণনা করেছে । এই 'Mexal' শব্দটা ক্রমান্নয়ে `Moiscal' বা 'Mohesh Island' বা 'Moheshkhali Island' হয়েছে ।

কক্সবাজার জেলা সদর থেকে ৯ কিলোমিটার পশ্চিম উত্তরে মহেশখালী উপজেলার সীমানা । পশ্চিমে ২ কিলোমিটার গেলে রাস্তার পার্শ্বে তৈরী করা হয়েছে উপজেলা পরিষদ ।

উপজেলাটি ভূ-প্রকৃতি ও অবস্থানগত কারণে প্রাকৃতিক ও মানবসৃষ্ট অসংখ্য আপদে ঝুঁকিপূর্ণ । সামুদ্রিক জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, জোয়ারের প্লাবন, লবণাক্ততাসহ নানাবিধ আপদে চরমভাবে আতংকগ্রস্ত থাকে উপজেলার সিংহভাগ মানুষ । এছাড়া পাহাড় কাটা, বৃক্ষ/ প্যারাবন নিধন, ইটভাটার দূষণ প্রভৃতি মানবসৃষ্ট আপদ চরমভাবে গ্রাস করছে উপজেলার জনগণকে ।

কক্সবাজার সদর থেকে সমুদ্র পথে স্পীড বোটে ২০ - ৩০ মিনিট ও ইঞ্জিন বোটে ১ - ২ ঘন্টায় মহেশখালী পৌঁছা যায় এবং সড়ক পথে ৩ - ৪ ঘন্টায় চকেরিয়া/ বদরখালী হয়ে বাস, জীপ বা ট্যাক্সি করেও পৌঁছানো যায় ।

মহেশখালী উপজেলার প্রায় শতকরা ৮০ - ৯০ ভাগ মানুষ মৎস্য আহরণ, পান ও লবণ ব্যবসার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত। জীবন বাজী রেখে গভীর সমুদ্রে মৎস্য আহরণে যায় এখানকার মৎসজীবীরা।

মহেশখালীর বড় রাখাইন পাড়ায় আনুমানিক ২০০ বছরের পুরানো বৌদ্ধ মন্দির ও ১২০ বছরের পুরানো জাতীয় শান্তি প্যাগোডা/ ক্যায়াং আছে। আনুমানিক ১২০ বছর পূর্বে এই বঙ্গদেশে এক মহামারী রোগের প্রাদুর্ভাব দেখা দিলে বৌদ্ধরা ধর্মীয় গুরূর পরামর্শক্রমে মহামারী রোগ থেকে পরিত্রাণ পাবার জন্য জাতীয় শান্তি প্যাগোডা স্থাপন করে। বৌদ্ধ মন্দির কম্পাউন্ডে স্থাপিত আছে মুনজালিন্দা বুদ্ধ। কথিত আছে মহামানব গৌতম বুদ্ধ তার বুদ্ধত লাভের পাঁচ সপ্তাহ পরে ভারতের বৌদ্ধ গয়ায় মুনজালিন্দা ডোবায় ৭ দিন ব্যাপী ধর্মীয় ধ্যানরত থাকাকালীন অতি ঝড়-বৃষ্টি শুরু হলে নাগরাজ সেই ঝড়-বৃষ্টি থেকে ধ্যানরত বুদ্ধকে রক্ষা করে। তারই প্রতিচ্ছবি হিসেবে এখানে স্থাপিত হয়েছে মুনজালিন্দা বুদ্ধ। মহেশখালীতে আরো আছে পৌরানিক মৈনাক পর্বতে অবস্থিত উপমহাদেশখ্যাত হিন্দুদের প্রাচীন তীর্থ স্থান ও পুণ্য মন্দির 'আদিনাথ মন্দির'। শিবের ১০৮টি নামের আদি/ প্রথম নামানুসারে এ মন্দিরের নামকরণ করা হয়। ১৯১০ খ্রীষ্টাব্দে এর পার্শ্বে অষ্টভূজার মন্দির স্থাপন করা হয়। কথিত আছে, অষ্টভূজা দেবী প্রতিমা নেপাল রাজবংশের ঐতিহ্য। সেই সূত্র ধরে চৈত্র সংক্রান্তির মেলায় মন্দিরের তীর্থ যাত্রীদের সুবিধার্থে ২০০৬ খ্রীষ্টাব্দে নেপাল সরকারের অনুদানে একটি জেটি নির্মাণ করা হয়। এছাড়াও পাহাড়ের উপর গড়ে উঠেছে মহেশখালীর প্রথম মুসলিম বসতি সিপাহী পাড়া। জানা যায় সম্রাট শাহ সুজা পরাজয়ের পরে আরাকানে পালিয়ে যাওয়ার পথে তার কিছু সিপাহী বিচ্ছিন্ন হয়ে এখানে বসতি গড়ে।

উল্লেখিত এইসবই পর্যটকদের এখানে আসার জন্য বারংবার আকর্ষণ করে থাকে।

১.৩.১. জেলা/ উপজেলার ভৌগলিক অবস্থান:

ভৌগলিক অবস্থান:

মহেশখালী উপজেলার পশ্চিম ও দক্ষিণে বঙ্গোপসাগর এবং কুতুবদিয়া প্রণালী/ চ্যানেল, উত্তরে পেকুয়া উপজেলার উজানটিয়া ইউনিয়ন, পূর্বে মহেশখালী চ্যানেল ও কক্সবাজার জেলা সদর।

ভূ-প্রাকৃতিক অবস্থা:

উপজেলার মাঝে পাহাড় ও পাহাড়ের চার পাশে ঢালু হয়ে সমতল ভূমি, দুই পাশে নদী এবং অন্য ২ পাশে সাগর।

মাটির ধরণ:

জমির মাটি বেলে দো-আঁশ, নদীর পাড়ের মাটি এটেল, সাগর পাড়ের মাটি বেলে প্রকৃতির। উপজেলার কোন কোন স্থানে মাটিতে লবণাক্ততার মাত্রা বেশী।

প্রাকৃতিক সম্পদ:

মহেশখালী উপজেলার প্রাকৃতিক সম্পদের মধ্যে রয়েছে সাগর, নদী, খাল, চর, জমি, গাছ পালা, প্যারাবন, মৎস্য, গৃহপালিত ও বন্য পশু-পাখি ইত্যাদি।

১.৩.২ আয়তন

মহেশখালী উপজেলার আয়তন প্রায় ৩৮৮.৫ বর্গ কিলোমিটার। ৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে এই উপজেলা গঠিত। ৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় রয়েছে ৮১টি ওয়ার্ড, ৩২টি মৌজা ও ২০৬টি গ্রাম। নিম্নে ইউনিয়নভিত্তিক ওয়ার্ড, মৌজা ও গ্রামের তথ্য তুলে ধরা হলো:

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম ও ওয়ার্ড	গ্রামভিত্তিক মৌজার নাম
১.	**বড় মহেশখালী** **মোট গ্রামের সংখ্যা: ২৯টি**	বড়ডেইল, শুকরিয়া কাটা, ফকিরা কাটা, মগরিয়া কাটা (১নং ওয়ার্ড), মুন্সির ডেইল, মাঝের ডেইল, পাহার তলী, পূর্ব মুন্সির ডেইল (২নং ওয়ার্ড), মিয়াজির পাড়া, মাহারা পাড়া, মনছুর আলী পাড়া (৩নং ওয়ার্ড), দেবেঙ্গা পাড়া, গুলগুলিয়া পাড়া, হিন্দু পাড়া, পাহাড়তলী পাড়া (৪নং ওয়ার্ড), মধুয়ার ডেইল, মহুরীর ডেইল, পশ্চিম সিপাহির পাড়া, নাপিত পাড়া, লাতুয়ার ডেইল (৫নং ওয়ার্ড), বড় কুলাল পাড়া, ছোট কুলাল পাড়া, সাতঘরিয়া পাড়া, নিজতালুক পাড়া (৬নং ওয়ার্ড), মধ্যম জাগিরা ঘোনা (৭নং ওয়ার্ড), পশ্চিম জাগিরা ঘোনা, পূর্ব ফকিরা ঘোনা (৮নং ওয়ার্ড), ফকিরা ঘোনা, পশ্চিম ফকিরা ঘোনা (৯নং ওয়ার্ড)।	১. বড় মহেশখালী মৌজা ২. জাগিরা ঘোনা মৌজা ৩. ফকিরা ঘোনা মৌজা
২.	**ছোট মহেশখালী** **মোট গ্রামের সংখ্যা: ১৩টি**	উত্তর সিপাহীর পাড়া (১নং ওয়ার্ড), সিপাহীর পাড়া (২নং ওয়ার্ড), দক্ষিণ নলবিলা (৩নং ওয়ার্ড), উত্তরকুল ছোট মহেশখালী (৪নং ওয়ার্ড), দক্ষিণকুল ছোট মহেখালী, লম্বা ঘোনা (৫নং ওয়ার্ড), মুদিরছড়া, আহম্মদিয়া কাটা (৬নং ওয়ার্ড), ঠাকুরতলা ডেইল পাড়া (৭নং ওয়ার্ড), তেলী পাড়া, পশ্চিম ঠাকুর তলা (৮নং ওয়ার্ড), ঠাকুর তলা , উত্তর ঠাকুর তলা (৯নং ওয়ার্ড)	১. পাহাড় ঠাকুরতলা মৌজা, ২. ছোট মহেশখালী মৌজা, ৩. দক্ষিণ নলবিলা মৌজা, ৪. সীপাহীর পাড়া মৌজা, ৫. ১২ নং মৌজা (খাস)
৩.	**ধলঘাটা** **মোট গ্রামের সংখ্যা: ১৫টি**	নাছির মো: ডেইল, উত্তর মহুরী ঘেনা (১নং ওয়ার্ড), পানির ছড়া, মহুরী ঘেনা (২নং ওয়ার্ড), বনজামির ঘেনা, মাইজ পাড়া (৩নং ওয়ার্ড), সরাই তলী, মাইজ পাড়া (৪নং ওয়ার্ড), সিকদার পাড়া, উত্তর সুতরিয়া (৫নং ওয়ার্ড), মধ্যম সুতরিয়া (৬নং ওয়ার্ড), দক্ষিন সুতরিয়া (৭নং ওয়ার্ড), বেগুন বুনিয়া, পন্ডিতের ডেইল (৮নং ওয়ার্ড), সাপমারার ডেইল (৯নং ওয়ার্ড)	১. ধলঘাটা মৌজা

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম ও ওয়ার্ড	গ্রামভিত্তিক মৌজার নাম
৪.	**হোয়ানক** **মোট গ্রামের সংখ্যাঃ ২৭টি**	ছনখোলা পাড়া, ডেইল্যাঘোনা (১নং ওয়ার্ড), হরিয়ার ছড়া, কালাগাজীর পাড়া (২নং ওয়ার্ড), পদ্ম পুকুড় পাড়া, হামিদুর রহমান পাড়া, কাঠালতলী পাড়া, ফকির খালী পাড়া, খরশা পাড়া (৩নং ওয়ার্ড), পুঁইছড়া, জামাল পাড়া, বানিয়া কাটা (৪নং ওয়ার্ড), বড়ছড়া. মাঝের পাড়া, আলগাদিয়া (৫নং ওয়ার্ড), রাজুয়ার ঘোনা (৬নং ওয়ার্ড), কেরুণ তলী, নয়া পাড়া, আদ্যমুলা পাড়া, ভেওয়াখালী (৭নং ওয়ার্ড), কালালিয়া কাটা, মোহরা কাটা, ধলঘাট পাড়া (৮নং ওয়ার্ড), পানির ছড়া, বারঘর পাড়া, ছড়ার আগা, জৈয়ার কাটা (৯নং ওয়ার্ড)	১. হরিয়ারছড়া মৌজা ২. হোয়নক মৌজা ৩. আমাবশ্যাখালী মৌজা ৪. এতালিয়া মৌজা ৫. পানিরছড়া মৌজা ৬. কেরুণ তলী মৌজা
৫.	**কালামারছড়া** **মোট গ্রামের সংখ্যাঃ ২২টি**	চালিয়া তলী, দরগা ঘোনা, উত্তর নলবিলা (১নং ওয়ার্ড), বড়ুয়া পাড়া, আফজালিয়া পাড়া, উত্তর নলবিলা (২নং ওয়ার্ড), ইউনুছ খালী, মাইঝ পাড়া (৩নং ওয়ার্ড), মারকা ঘোনা, উত্তর ঝাপুয়া (৪নং ওয়ার্ড), চিকনি পাড়া, দক্ষিন ঝাপুয়া (৫নং ওয়ার্ড), নয়া পাড়া ও সোনা পাড়া (৬নং ওয়ার্ড), মোঃ শাহ ঘোনা, ফকিরজোম পাড়া, ছামিরা ঘোনা,অফিস পাড়া (৭নং ওয়ার্ড), নুনাছড়ি, ফকিরা ঘোনা (৮নং ওয়ার্ড), আধার ঘোনা, মিজ্জির পাড়া (৯নং ওয়ার্ড)	১. কালারমারছড়া মৌজা ২. কালিগঞ্জ মৌজা ৩. ঝাপুয়া মৌজা ৪. ইফনুছ খালী মৌজা ৫. উত্তর নলবিলা মৌজা
৬.	**কুতুবজুম** **মোট গ্রামের সংখ্যাঃ ২৪টি**	পশ্চিম ঘটি ভাঙ্গা, মধ্যম ঘটি ভাঙ্গা, ঢেম্বুনিপাড়া (১নং ওয়ার্ড), পূর্ব সোনাদিয়া, পশ্চিম সোনাদিয়া (২নং ওয়ার্ড), তাজিয়া কাটা, আদর্শ গ্রাম, চর পাড়া (৩নং ওয়ার্ড), নয়াপাড়া, চর পাড়া (৪নং ওয়ার্ড), পশ্চিম পাড়া, চাঁন্দা কাটা (৫নং ওয়ার্ড), দৈলার পাড়া, মগ কাটা, লাল মোঃ সিকদার পাড়া (৬নং ওয়ার্ড), কুতুবজোম, পূর্ব পাড়া, বুজরুক পাড়া, দক্ষিণ পাড়া (৭নং ওয়ার্ড), কামিতার পাড়া, উত্তর পাড়া, মেহেরিয়া পাড়া (৮নং ওয়ার্ড), খন্দকার পাড়া, উত্তর খন্দকার পাড়া, দক্ষিণ খন্দকার পাড়া (৯নং ওয়ার্ড) ।	১. ঘটি ভাঙ্গা মৌজা ২. কুতুবজোম মৌজা ৩. সোনদিয়া মৌজা
৭.	**মাতারবাড়ি** **মোট গ্রামের সংখ্যাঃ ২৭টি**	সিকাদার পাড়া, উত্তর সিকদার পাড়া, পশ্চিম সিকদার পাড়া (১নং ওয়ার্ড), বান্ডী সিকদার পারা, খন্দার বিল, পূর্বপাড়া (২নং ওয়ার্ড), উত্তর রাজঘাট, দক্ষিণ রাজঘাট, বিল পাড়া (৩নং ওয়ার্ড), সাতঘরপাড়া, লাইল্যা ঘোনা, মন হাজীর পাড়া (৪নং ওয়ার্ড), মিয়জীর	১. মাতারবাড়ী মৌজা

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম ও ওয়ার্ড	গ্রামভিত্তিক মৌজার নাম
		পাড়া, উত্তর মিয়াজীর পাড়া, বলীর পাড়া, সাইট পাড়া (৫নং ওয়ার্ড), তিতা মাঝির পাড়া (৬নং ওয়ার্ড), মাইজ পাড়া, মাঝের ডেইল, ফুলজান মুড়া, নয়াপাড়া, মশরফ আলী সিকদার পাড়া (৭নং ওয়ার্ড), হংসমিয়াজী পাড়া, মগডেইল (৮নং ওয়ার্ড), সরদার পাড়া, সাইরার ডেইল, সাইট পাড়া (৯নং ওয়ার্ড) ।	
৮.	**শাপলাপুর** **মোট গ্রামের সংখ্যাঃ ১৯টি**	ষাইট মারা (১নং ওয়ার্ড), জে এম ঘাট, শাকের মোহাম্মদ কাটা, জমির ছড়ি (২নং ওয়ার্ড), মিঠাছড়ি হিন্দু পাড়া, বারিয়া ছড়ি (৩নং ওয়ার্ড), মৌলভী কাটা, ঘোনা পাড়া (৪নং ওয়ার্ড), মনিপুর নাপিত, সচিমার পাড়া (৫নং ওয়ার্ড), সাতঘড় পাড়া, জাহিদা ঘোনা (৬নং ওয়ার্ড), মুকবেকী, ঘোনা পাড়া (৭নং ওয়ার্ড), ছাদেকের কাটা, নুনা ছড়ি, কায়দাবাদ (৮নং ওয়ার্ড), দিনেশপুর , কুতুবদিয়া পাড়া (৯নং ওয়ার্ড)	১. শাপলাপুর মৌজা ২. মুকবেকী মৌজা ৩. নুনা ছড়ি মৌজা ৪. দ্বিনেশপুর মৌজা ৫. ১২ নং মৌজা (খাস)
৯.	**মহেশখালী পৌরসভা** **মোট গ্রামের সংখ্যাঃ ৩০টি**	লম্বা হায়দার পাড়া, মুহুরী ডেইল, খুইশ্যার মার পাড়া (১নং ওয়ার্ড), ইয়ার মোহাম্মদ পাড়া, আমির চাঁদ পাড়া, পাল পাড়া, কায়স্ত পাড়া, মোবারক আলী মাতব্বর পাড়া (২নং ওয়ার্ড), দক্ষিণ পুটি বিলা, দাসী মাঝির পাড়া, মোশারফ আলী পাড়া, মোখলেছুর রহমান পাড়া, নতুন পাড়া (৩নং ওয়ার্ড), বড় রাখাইন পাড়া, দক্ষিণ রাখাইন পাড়া, ডাক বাংলো পাড়া, উপজেলা পরিষদ পাড়া, থানা পরিষদ পাড়া (৪নং ওয়ার্ড), দক্ষিণ ঘোনা পাড়া, বিজয় রাম সর্দার পাড়া, উত্তর ঘোনা পাড়া, উত্তর চর পাড়া, (৫নং ওয়ার্ড), দক্ষিণ হিন্দু পাড়া, বলরাম পাড়া (৬নং ওয়ার্ড), বাজার এলাকা, জলদাশ পাড়া, মধ্যম পশ্চিম গোরকঘাটা, সরকার পাড়া (৭নং ওয়ার্ড), সিকদার পাড়া (৮নং ওয়ার্ড), গোরকঘাটা চর পাড়া (৯নং ওয়ার্ড),	১. গোরকঘাটা মৌজা ২. পুটিবিলা মৌজা ৩. হামিদার দিয়া মৌজা

উৎসঃ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও পৌরসভা

১.৩.৩ জনসংখ্যা

২০১১ সালের গণনা অনুযায়ী উপজেলার মোট জনসংখ্যা **৩২১২১৮** জন। এর মধ্যে পুরুষ প্রায় **১৬৫৬৯৩** ও নারী প্রায় **১৫৫৫২৫** জন। মোট খানা/ পরিবার প্রায় ৫৮১৭৭টি।

মোট জনসংখ্যার ৫২% জন অতি বিপদাপন্ন এবং ৭.৬% জন মধ্যম বিপদাপন্ন।

জন্ম হার- ৩.৩৪%, মৃত্যু হার- ০.৮৯%।

২০১১ সালের তথ্যানুযায়ী মোট জনসংখ্যার প্রায় ৯০.০৮% মুসলিম, প্রায় ৭.৮% হিন্দু এবং প্রায় ১.৩% বৌদ্ধ।

ইউনিয়ন	পুরুষ (১৫-৫৯)	মহিলা (১৫-৫৯)	মোট জনসংখ্যা	বৃদ্ধ (৬০+)	শিশু (০-১৫)	প্রতিবন্ধি	পরিবার/খানা	ভোটার
বড় মহেশখালী	২৩৪৬৬	২১৬০২	৪৫০৬৮	২৫৬৯	১৮৯২৯	৭৫০	৮১৪৯	২৭৩১৫
ছোট মহেশখালী	১৩৩১২	১১৯৪৩	২৫২৫৫	১৩৩৯	১১৩৬৫	৪৮৬	৪৬৫০	১৪৯৫৮
ধলঘাটা	৬৬৮৮	৬১৮৯	১২৮৭৭	৭৬০	৫৫৩৭	২৬০	২২৫০	৮৩৮৩
হোয়ানক	২৬৫১৫	২৫০৭২	৫১৫৮৭	২৮৮৯	২৩২১৪	৪৫৬	৯৩৭৩	২৮৮৯৭
কালামারছড়া	২৫৬১৫	২৩৬৫৩	৪৯২৬৮	২৮০৮	২১১৮৫	৪৭৮	৮৯৩০	৩০৬৮৬
কুতুবজুম	১৫৭৬৬	১৪৮৭১	৩০৬৩৭	১৫৯৩	১৩৪৮০	৫৪০	৫৩৬৭	১৬০৪১
মাতারবাড়ি	২২৮০১	২২১৩৬	৪৪৯৩৭	২৬৯৬	১৯৩২৩	৫৮০	৮১৬৮	২৭৩৮৯
শাপলাপুর	১৭৪৬১	১৬৮০৭	৩৪২৬৮	১৭৪৮	১৬৭৯১	৫৩৫	৬২২৯	১৭৪২২
মহেশখালী পৌরসভা	১৪০৬৯	১৩২৫২	২৭৩২১	১৬১২	১০৩৮১	৪৩০	৫০৬১	১৬৬৩৭
মোট	**১৬৫৬৯৩**	**১৫৫৫২৫**	**৩২১২১৮**	**১৮০১৪**	**১৪০২০৪**	**৪৫২৪**	**৫৮১৭৭**	**১৮৭৭২৮**

উৎস: সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও পৌরসভা

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা থাকতে হবে

১.৪.১ অবকাঠামো

- **বাঁধ:**

মহেশখালী উপজেলায় মোট **১৬** টি বাঁধ আছে। যার মোট দৈর্ঘ্য ১০৭কিঃমিঃ। এই বাঁধগুলো নদী ভাঙ্গন, বন্যা, জোয়ারের প্লাবন ও জলোচ্ছ্বাসের কবল থেকে ফসলী জমি, রাস্তা ঘাট, ঘরবাড়িসহ বিভিন্ন স্থাপনাকে রক্ষা করতে সহায়তা করে থাকে। নীচে ইউনিয়নভিত্তিক বাঁধসমূহের তথ্য প্রদান করা হলো:

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
বড় মহেশখালী	ওয়াপদা বেড়ী বাঁধ	৬ কি: মি: ১৭ থেকে ২০ ফুট	ফাটা ঘোনা থেকে ভাঙ্গার খাল পর্যন্ত	৯ , ৮, ৭, ৩ ও ১ নং ওয়ার্ড	না
ছোট মহেশখালী	ঠাকুরতলা বেড়ী বাঁধ আহম্মদিয়া কাটা	৪ কি: মি: ৫ ফুট (তবে ২০০৬ সালে	৯নং ওয়ার্ডের ঠাকুর তলা হইতে ৬নং ওয়ার্ডের	৯ ও ৬ নং ওয়ার্ড	না

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	বেড়ী বাঁধ	নেপাল সরকারের অর্থায়নে ছোট মহেশখালী ইউনিয়নের ৯নং ওয়ার্ড ঠাকুরতলার আদিনাথ মন্দির সামুদ্রিক জলোচ্ছ্বাস এর কবল থেকে রক্ষা করার জন্য সিমেন্ট বল্ক দেওয়া হয় প্রায় ০.৫ কি:মি:)	আহম্মদিয়া কাটার উত্তর সীমা পর্যন্ত		
ধলঘাটা	মাতারবাড়ী ধলঘাটা বেড়ী বাঁধ (৭০ নং ফোল্ডার)	২৭ কি: মি: উচ্চতা: প্রায় ১৭ থেকে ২০ ফিট (২৭ কি:মি: এর মধ্যে ১৯ কি:মি: ভাঙ্গা) ।	ধলঘাটার ইউনিয়নের সাপমারা ডেইল ৯নং ওয়ার্ড - ১নং ওয়ার্ডের মহুরী ঘোনা পর্যন্ত ।	১ হতে ৯ নং ওয়ার্ড পর্যন্ত	এখানে প্রায় ৩০ জেলে পরিবার তাদের ঘড়বাড়ী হারিয়ে বাঁধের উপর স্থায়ী বসতি গড়ে তুলেছে
হোয়ানক	হোয়ানক বেড়ী বাঁধ	৭ কি: মি: উচ্চতা: প্রায় ১৫ফুট	১নং ডেইল্যা ঘোনার পশ্চিম পাশ থেকে শুরু হয়ে ৯নং ওয়ার্ডের জৈয়ার কাটা পশ্চিম পাশ পর্যন্ত	১ হতে ৯ নং ওয়ার্ড পর্যন্ত	না
কালামারছড়া	চাককাটা কাটি চারিয়াতলী মিল ঘোনা সাথীর বাপের ঘোনা ফকিরা ঘোনা কাটি সদুর ঘোনা কাটি শুকুরিয়া ঘোনা কাটি তেইত্যা ঘোনা কাটি জুইঘ্যা ঘোনা কাটি শুদ্ধ খালী ঘোনা	৮ কি: মি: ৫ ফুট ২ কি:মি: ৫ ফুট ৫ কি:মি: ৪ ফুট ৪ কি:মি: ৫ ফুট	১নং ওয়ার্ডের সাইট মারা থেকে ৩ নং ওয়ার্ডের বয়না কাট পর্যন্ত ৪নং ওয়ার্ডের হারকিলা খালী হইতে ৫ নং ওয়ার্ডের ঝাপুয়া খাল পর্যন্ত ৫ নং ওয়ার্ডের ঝাপুয়া খাল হইতে হইতে ৭নং ওয়ার্ডের নুনাছড়ি খাল পর্যন্ত ৮ নং ওয়ার্ডের নুনাছড়ি খাল থেকে ৯ নং ওয়ার্ডে	১ ও ৩ নং ওয়ার্ড ৫ ও ৪ নং ওয়ার্ড ৫,৬ ও ৭ নং ওয়ার্ড ৮ ও ৯ নং ওয়ার্ড	না

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
	কালাপাড়া ঘোনা		কালিপাড়া পর্যন্ত		
কুতুবজুম	কুতুবজুম বেড়ী বাঁধ	১৪ কি মি: ১৬ ফুট (তবে উল্লেখ্য যে ৩নং ওয়ার্ডের তাজিয়াকাটা, আদর্শ গ্রাম ও ৪নং ওয়ার্ডের চরপাড়া গ্রামের প্রায় ১.৫ কি:মি: বেড়ী বাঁধ অনেক অংশ ভাঙ্গা ।	৯ নং ওয়ার্ডের খন্দকার পাড়া থেকে শুরু হয়ে ১ নং ওয়ার্ডের ভংঙ্গার খাল ব্রীজ পর্যন্ত	৯, ৮, ৭,৩ ও ১ নং ওয়ার্ড	না
	বালির বস্তা দিয়ে অস্থায়ী বাঁধ নির্মাণ	৩০০ ফুট ৭ ফুট । (সোনাদিয়া দ্বীপে পশ্চিম পাড়া গ্রাম রক্ষা করার জন্য একটি করা হয়) ।	সোনাদিয়া দ্বীপে	২ নং ওয়ার্ড	
মাতারবাড়ি	সাইরার ডেইল বেড়ী বাঁধ,	৫ কি: মি:, ৭ মিটার	৯ নং ওয়ার্ডের দ: সীমা থেকে ৫ নং ওয়ার্ডের উত্তর সীমা পর্যন্ত	৯ ও ৫নং ওয়ার্ড	না
	কানকাটি ঘেনা বেড়ী বাঁধ,	৩ কি: মি:, ৭ মিটার	৫নং ওয়ার্ডের উত্তর মিয়াজী পাড়া হতে ২নং ওয়ার্ডের দ: সীমা পর্যন্ত	৫ ও ২নং ওয়ার্ড	না
	ধোনার ঘোনা বেড়ী	৩ কি মি: ৭ মিটার	২নং ওয়ার্ডের মধ্যখান হতে ৮নং ওয়ার্ডের দক্ষিণ অথবা শেষ সীমা পর্যন্ত	২ ও ৮নং ওয়ার্ড	
শাপলাপুর	ওয়াপদা বেড়ী বাঁধ	১৪ কি: মি: ১৮ থেকে ২০ ফুট (তবে এই ১৪ কি:মি: ওয়াপদা বেড়ী বাঁধটির প্রায় ১২.৬ কি:মি: ভিন্ন অংশ ভাঙ্গা হওয়ায় প্রতিনিয়ত	৯নং ওয়ার্ডের দিনেশপুর ও কুতুবদিয়া পাড়া থেকে শুরু হয়ে ১নং ওয়ার্ডের সাইট মারার শেষ সীমা পর্যন্ত	১, ২, ৩, ৪, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড	না

ইউনিয়ন	বাঁধের নাম	কিলোমিটার ও উচ্চতা	অবস্থান	ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
		স্বাভাবিক জোয়ারের পানি পার্শ্ববতী গ্রাম গুলোতে ডুকছে) ।			
মহেশখালী পৌরসভা	ওয়াপদা বেড়ী বাঁধ	৩.৫ কি: মি: ১৭ থেকে ২০ ফুট (দ:ঘোনা পাড়া থেকে মহেশেখালী জেটি পর্যন্ত ৩.৫ কি: মি: ওয়াপদা বেড়ী বাঁধের প্রায় ২.৮ কি:মি: বিভিন্ন অংশ ভাঙ্গা মাত্র)	দক্ষিণ ঘোনা পাড়া থেকে শুরু হয়ে গোরকঘাটা চর পাড়া হয়ে মহেশখালী জেটি পর্যন্ত	৫, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড	না
	ওয়াপদা বেড়ী বাঁধ	১.৫ কি: মি: ১৫ থেকে ১৬ ফুট (বড় রাখাইন পাড়া থেকে খইশ্যার মার পাড়া পর্যন্ত ১.৫ কি:মি: বেড়ী বাঁধের প্রায় .৭৫ কি: মি: ভিন্ন অংশ ভাঙ্গা)	বড় রাখাইন পাড়া থেকে শুরূ হয়ে বরুনা ঘাট খাল থেকে খুইশ্যার মার পাড়া পূর্ব পাশ পর্যন্ত	৪, ২ ও ১নং ওয়ার্ড	

- **স্লুইচ গেট :**

মহেশখালী উপজেলায় মোট **৩১**টি **স্লুইচ গেট** আছে। এই **স্লুইচ গেট**গুলো নদী ও খালের পানির স্বাভাবিক প্রবাহের পথকে সহায়তা করে থাকে। নীচে ইউনিয়নভিত্তিক **স্লুইচ গেট**সমূহের তথ্য প্রদান করা হলো:

ইউনিয়ন	স্লুইচ গেটের নাম	কোন নদী বা খালের সংযোগ স্থলে	ওয়ার্ডে/ অবস্থান	কাজ করে কিনা
বড় মহেশখালী	সিলেটিয়া পুল **স্লুইচ** গেট , ভোল খালী গেট, বড় দিয়া **স্লুইচ** গেট = ২টি	সিলেটিয়া খাল, ভোল খালী খাল, বড় দিয়া খাল	১ ও ৯ নং ওয়ার্ড	কাজ করে
ছোট মহেশখালী	বরুনা ঘাট **স্লুইচ** গেট = ১টি	বরুনা খাল	৮ নং ওয়ার্ড	
ধলঘাটা	মাদ্রাসা **স্লুইচ** গেট, পানির ছড়া **স্লুইচ** গেট, বধুয়ার ঘাট **স্লুইচ** গেট, পন্ডিতের ডেইল **স্লুইচ** গেট, নতুন ঘেনা	কুহেলীয়া নদী (প্রথম ৫টি) ও বঙ্গোপসাগরের মোহানায়	১, ২, ৬, ৮ ও ৩নং ওয়ার্ড	মাদ্রাসা **স্লুইচ** গেট অকেজো । বাকী ৫টি কাজ করে

ইউনিয়ন	স্লুইচ গেটের নাম	কোন নদী বা খালের সংযোগ স্থলে	ওয়ার্ডে/ অবস্থান	কাজ করে কিনা
	স্লুইচ গেট, বনজামির ঘেনা **স্লুইচ** গেট =৭টি			
হোয়ানক	জামিরা খাল **স্লুইচ** গেট ভাঙ্গার খাল **স্লুইচ** গেট = ২টি	জামিরা খাল এর সাথে কুহেলীয়া নদীর সংযোগ ভাঙ্গার খাল এর সাথে কুহেলীয়া নদীর সংযোগ	২, ৮ ও ৯নং ওয়ার্ড	কাজ করে
কালামারছড়া	**স্লুইচ** গেট নাই	নাই	-	-
কুতুবজুম	পানির ছড়া **স্লুইচ** গেট, বোল খালী খালের **স্লুইচ** গেট, বড়দিয়া **স্লুইচ** গেট, ঘটি ভাঙ্গা **স্লুইচ** গেট, খন্দকার পাড়া **স্লুইচ** গেট = ৫টি	ভংঙ্গা খাল, বোলখালী খাল, বড়দিয়া খাল, ঘটি ভাঙ্গা খাল ও খন্দকার পাড়া খাল	১ ও ৯নং ওয়ার্ড	বোল খালী খালের ও বড়দিয়া **স্লুইচ** গেট ২টি অকেজো। আর বাকী ৩টি কাজ করে।
মাতারবাড়ি	কানকাটি ঘেনা **স্লুইচ** গেট, ধোনার ঘোনা **স্লুইচ** গেট, বানিয়াকাটা **স্লুইচ** গেট, রাঙ্গাখালী **স্লুইচ** গেট রুস্তম ধোনা **স্লুইচ** গেট ও টিয়া কাটা **স্লুইচ** গেট = ৬টি	খুদারকুম হরনিয়া খাল, ধোনার ঘোনা খাল, খন্দার বিল, রাঙ্গাখালী খাল, রুস্তম ধোনার খাল ও টিয়া কাটি খালে।	১, ২, ৩, ৭ ও ৮নং ওয়ার্ড	রুস্তম ধোনা **স্লুইচ** গেট টি অকেজো। বাকী সবগুলো কাজ করে।
শাপলাপুর	দিনেশপুর লইল্যা ছাড়া **স্লুইচ** গেট, বাড়িয়া পাড়া **স্লুইচ** গেট, মুকবেকী **স্লুইচ** গেট, শাপলাপুর **স্লুইচ** গেট, জে এম ঘাট **স্লুইচ** গেট, সাইট মারা **স্লুইচ** গেট = ৬টি	মহেশখালী চ্যানেল	৯, ৮, ৭, ৫, ২ ও ১ নং ওয়ার্ড	সবগুলোই অকেজো প্রতিটি স্লুইচ গেটের অবস্থান ওয়াপদা বেড়ী বাঁধে। সব স্লুইচ গেটের ডালা/ দরজা অকেজো থাকায় মহেশখালী চ্যানেলের পানি প্রবেশ করে প্রতিনিয়ত গ্রামগুলো প্লাবিত হয়।
মহেশখালী	বরুনা ঘাট **স্লুইচ** গেট	বরুনা ঘাট খাল	২ ও ৫ নং	কাজ করে

ইউনিয়ন	স্লুইচ গেটের নাম	কোন নদী বা খালের সংযোগ স্থলে	ওয়ার্ডে/ অবস্থান	কাজ করে কিনা
পৌরসভা	ঘোনাপাড়া **স্লুইচ** গেট = ২টি	বাকখালী খাল	ওয়ার্ড	

- **ব্রীজ:**

মহেশখালী উপজেলায় মোট **১১৮টি ব্রীজ** আছে। **ব্রীজ**গুলো কংক্রিট ও লোহার তৈরি। এই ব্রীজগুলো নদী ও খালের পানি প্রবাহকে সহায়তা করে থাকে।

ইউনিয়নভিত্তিক **ব্রীজ**সমূহের তথ্য **সংযুক্তি ৮ এ** দেয়া হয়েছে।

- **কালভার্ট/ পাইপ কালভার্ট ঃ**

মহেশখালী উপজেলায় মোট ২৭৯টি কালভার্ট ও পাইপ কালভার্ট আছে। কালভার্টগুলো ওয়ার্ডে বিভিন্ন রাস্তা/ সড়ক, ছড়া ও খালে এবং পাহাড়ের পানি প্রবাহিত ও জমির পানি নিষ্কাশনের পথে তৈরি করা হয়েছে।

ইউনিয়নভিত্তিক **কালভার্ট**সমূহের তথ্য **সংযুক্তি ৯ এ** দেয়া হয়েছে।

- **র‍্যাম:**

র‍্যাম এর নাম	কোন নদী বা খালের সংযোগস্থলে	ইউনিয়ন ও ওয়ার্ড	কাজ করে কিনা
সাইট মারা র‍্যাম, উ: সাইট মারা র‍্যাম, রোওর ঝিরি র‍্যাম	সাইট মারা ছড়া ফরেষ্ট অফিস ছড়া	**শাপলাপুর** ইউনিয়ন ১ নং ওয়ার্ড	কাজ করে

- **রাস্তা:**

মহেশখালী উপজেলার ভিতরের অধিকাংশ রাস্তা পাকা। বিগত ৫- ১০ বছরের মধ্যে এখানে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। তবে উপজেলার প্রায় সব ইউনিয়নের ভিতরের যোগাযোগ খুব একটা ভালো নয়। প্রতিটি ইউনিয়নের সাথে উপজেলার যোগাযোগের মূল রাস্তাটি পাকা। আর মুল রাস্তা থেকে প্রায় প্রতিটি গ্রামেই ইট বিছানো ও কাঁচা রাস্তা। অধিকাংশ স্থানে ইট সরে যাওয়া/ ইট খয়ে যাওয়ায় জনগণকে বেশ কষ্ট কওে যাতায়াত করতে হয়। এই উপজেলায় মোট রাস্তা প্রায় ৫৭৫ কিলোমিটার। এর মধ্যে পাকা রাস্তা প্রায় ৭৯ কিলোমিটার, HBB রাস্তা প্রায় ১৪২ কিলোমিটার এবং কাঁচা (মাটির) রাস্তা প্রায় ৩৫৪ কিলোমিটার। বন্যায় প্লাবিত হয়ে থাকে প্রায় ১০০ কিলোমিটার। ইউনিয়নভিত্তিক রাস্তার তথ্য **সংযুক্তি ৭ এ** দেয়া হয়েছে।

- **সেচ ব্যবস্থা:**

সেচ কাজের জন্য এখানে বিদ্যুৎ চালিত অগভীর নলকুপ ও ডিজেল চালিত পাওয়ার পাম্প ব্যবহার করে। এছাড়াও সেচ কাজের জন্য স্থানীয় কৃষকরা ছোট ছোট মাটির কুপ করে পানি ধরে রাখে এবং শীত মৌসুমে ছড়ায় অস্থায়ী ভাবে মাটির বাঁধ দেয়। কৃষকরা জমি চাষে পাওয়ার ট্রেইলার ব্যবহার করে থাকে। নীচে ইউনিয়নভিত্তিক সেচ ব্যবস্থায় ব্যবহৃত গভীর অগভীর নলকুপের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়নে	গভীর নলকুপ	নষ্ট/ অকার্যকর	অগভীর নলকুপ	নষ্ট/ অকার্যকর	মন্তব্য
বড় মহেশখালী	১৬ টি	-	৩৫০০টি	১২০০টি	লবণাক্ত পানি প্রবেশ করায় নলকুপগুলো দ্রুত নষ্ট হয়ে যাওয়ায় সেচ কাজে ব্যবহার হচ্ছেনা
ছোট মহেশখালী	১৫টি	-	১৩২০টি	৭টি	
ধলঘাটা	৫০টি	১০টি	৪ টি	৪ টি	
হোয়ানক	১৫০টি	১৫টি	৪৫০০টি	২০০টি	
কালামারছড়া	১৫২টি	৫০টি	৬৫০৩টি	২২০টি	
কুতুবজুম	৩টি	২টি	৪৩০০টি	১৫০টি	
মাতারবাড়ি	২২০টি	৭০টি	৬৬৭৭টি	১১০টি	
শাপলাপুর	১২৫টি	২১টি	৪১০টি	১২৫টি	
মহেশখালী পৌরসভা	১৮টি	২টি	৩২০টি	২৫টি	
মোট	৭৪৯ টি	১৭০টি	২৭৫৩৪টি	২০৪১টি	

- **হাটবাজার:**

হাটঃ

মহেশখালী উপজেলায় ১৮টি হাট আছে। এসব হাটে মূলত: নিত্য প্রয়োজনীয় সামগ্রী ছাড়া পান বেঁচা কেনা হয়ে থাকে। নিম্নে ইউনিয়নভিত্তিক হাটের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়নে	হাটের নাম	হাট বার	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
বড় মহেশখালী	নতুন বাজার ইউনিয়ন পরিষদ সংলগ্ন মাঠে পানের হাট	মঙ্গলবার ও শুক্রবার	৪১০টি	আছে	হ্যা
ছোট মহেশখালী	লম্বাঘোনা বাজার পানের হাট	মঙ্গলবার ও শুক্রবার	সুনির্দিষ্ট কোন দোকান ঘর নাই		
ধলঘাটা	ইউনিয়নে হাট নাই	-	-	-	-
হোয়ানক	ছনখোলা বাজার হোয়ানক টাইম বাজার কেরুণ তলী বাজার কালালিয়া কাটা বাজার	রবিবার ও বুধবার রবিবার ও বুধবার রবিবার ও বুধবার রবিবার ও বুধবার	৮৫০টি	আছে	পাহাড়ী ঢলে সবগুলোই আংশিক প্লাবিত হয়। তবে পাহাড়ী এলাকা হওয়ায় পানি

ইউনিয়নে	হাটের নাম	হাট বার	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
	পানির ছড়া বাজার	মঙ্গল ও শুক্রবার			দ্রুত নেমে যায়
কালারমারছড়া	কালরমারছড়া পান হাট চালিয়া তলী পান হাট নুনাছড়ি পান হাট নয়াপাড়া পান বাজার,	সোম ও বৃহস্পতিবার মঙ্গল ও শুক্রবার রবি ও বুধবার শনি ও মঙ্গলবার	৪৩৫টি	নয়াপাড়া পান বাজার হাটে সমিতি নাই । বাকী ৩টিতে আছে ।	ঐ
কুতুবজুম	ইউনিয়নে হাট নাই	-	-	-	-
মাতারবাড়ি	ফকিরা হাট নতুন বাজার হাট মগডেইল বাজার হাট	রবিবার ও বুধবার শনি ও মঙ্গলবার সোম ও বৃহস্পতিবার	৬৫০টি	আছে	হ্যা
শাপলাপুর	শাপলাপুর বাজার কায়দাবাদ বাজার জে এম ঘাট বাজার (এগুলো শুধুমাত্র পানের হাট)	রবিবার ও বুধবার	দোকান ঘরের বাইরে পানের ব্যপারীরা তাদের পান বিক্রি করে থাকে ।	-	-
মহেশখালী	গোরকঘাটা বড় বাজার, (শুধু মাত্র পান এবং মাছের পাইকারী বিক্রির জন্য আলাদা ভাবে হাট বসে) ।	সোমবার ও শুক্রবার	-	-	-

বাজার (বড়):

মহেশখালী উপজেলায় **৩৯**টি বড় বাজার আছে । এছাড়াও রাস্তার ধারে, রাস্তার মোড়ে ও বিভিন্ন প্রতিষ্ঠানের পাশে ছোট ছোট বাজার গড়ে উঠেছে, যেখানে প্রয়োজনীয় দৈনন্দিন জিনিষ বেঁচা কেনা করা হয় । নিম্নে ইউনিয়নভিত্তিক হাটের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	বাজারের নাম	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
বড় মহেশখালী	নতুন বাজার, রাস্তার মাথা বাজার, ও লুয়াইন্না বাজার	৫৮০টি	আছে	হ্যাঁ

ইউনিয়ন	বাজারের নাম	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	বন্যামুক্ত কিনা
ছোট মহেশখালী	সিপাহী পাড়া বাজার, লম্বাঘোনা বাজার, ও ঠাকুর তলা বাজার	১৬০টি	আছে	আংশিক প্লাবিত হয়, তবে পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়
ধলঘাটা	মহুরী ঘোনা বাজার ,ও সুতরিয়া বাজার,	১৭০টি	আছে	হ্যাঁ
হোয়ানক	ছনখেলো বাজার, টাইম বাজার, কেরুন তলী বাজার, কালিয়াকাট বাজার, পানির ছড়া বাজার, কালা গাজীপাড়া বাজার, মহুরা কাটা বাজার ও বড় ছড়া বাজার	১০৫৫	আছে	পাহাড়ী ঢলে আংশিক প্লাবিত হয় পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়
কালারমারছড়া	উত্তর ঝাপুয়া বাজর, দ: ঝাপুয়া বাজার, ইউনুছখালী বাজার, বড়ুয়া পাড়া বাজার, আধার ঘোনা বাজার, মিজ্জির পাড়া বাজার, কালারমারছড়া বাজার, চালিয়া তলী বাজার ও নুনাছড়ি বাজার	৭৩৫টি	আছে	পাহাড়ী ঢলে আংশিক প্লাবিত হয় পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়
কুতুবজুম	খন্দকার পাড়া বাজার, কবির বাজার, বটতলী বাজার, কালা মিয়া বাজার, তাজিয়া কাটা বাজার, ঘটি ভাঙ্গা বাজার ও বুজরুক বাজার	২২৪টি	শুধুমাত্র খন্দকার পাড়া বাজারে কোন সমিতি নাই, বাকী ৬টিতে সমিতি আছে।	পানি আসে, তবে বালি এলাকা হওয়ায় পানি দ্রুত নেমে যায়।
মাতারবাড়ি	শান্তি বাজার ও বাংলা বাজার	২১০টি	আছে	হ্যাঁ
শাপলাপুর	শাপলাপুর বাজার, কায়দাবাদ বাজার ও জে এম ঘাট বাজার	৩১০টি	আছে	হ্যাঁ
মহেশখালী পৌরসভায়	গোরকঘাটা বড় বাজার ও বানিয়ার দোকান বাজার	৭৭০	আছে	সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় পানি জমে থাকে না

১.৪.২ সামাজিক সম্পদ

- **ঘরবাড়ি:**

মহেশখালী উপজেলার সব ইউনিয়নে সাধারণত: খড়ের ছাউনি ও মাটির দেয়াল দেয়া কাঁচা ঘর, বাঁশ/ কাঠের ঘর, টিনের চালা দেয়া মাটির ঘর, টিনের ঘর, আধাপাকা ও পাকা দালান এর বাড়ি রয়েছে। উপজেলার মোট বাড়ির ঘরের মধ্যে কাঁচা ঘর- মাটির দেয়াল ও খরের ছাউনি - ৫০%, বাঁশ/ কাঠের ঘর- বাঁশ/কাঠের দেয়াল ও খরের ছাউনি ২০%, মাটির ঘর- টিনের চালা ও মাটির দেয়াল ১২%, টিনের ঘর- টিনের চালা ও টিন/ বাঁশ/ কাঠের দেয়াল ১০%, আধাপাকা- টিনের চালা ও ইটের দেয়াল ৫%, পাকা দালান- ইট, বালি, সিমেন্ট, রড ৩%। আধা পাকা ও পাকা দালানের বাড়ি ঘর ও বিভিন্ন স্থাপনা উপজেলা সদর ও পৌরসভায় বেশী। নিম্নে ইউনিয়নভিত্তিক ঘর-বাড়ির সংখ্যা তুলে ধরা হলো:

ইউনিয়ন	মোট বাড়ির সংখ্যা	কাঁচা	বাঁশ/ কাঠের ঘর	টিনের ঘর	আধাপাকা ও পাকা দালান
বড় মহেশখালী	১১২৬৭	৫৬৩৪	৩৬০৫	১৬৯০	৩৩৮
ছোট মহেশখালী	৬৩১৩	৩১৫৭	২০২০	৯৪৭	১৮৯
ধলঘাটা	৩২১৯	১৬১০	১০৩০	৪৮৩	৯৭
হোয়ানক	১২৮৯৬	৬৪৪৮	৪১২৭	১৯৩৪	৩৮৭
কালামারছড়া	১৫৬২০	৭৮১০	৪৯৯৮	২৩৪৩	৪৬৯
কুতুবজুম	৭৬৫৯	৩৮২৯	২৪৫১	১১৪৯	২৩০
মাতারবাড়ি	১৬২৩৪	৮১১৭	৫১৯৫	২৪৩৫	৪৮৭
শাপলাপুর	৮৫৬৭	৪২৮৪	২৭৪১	১২৮৫	২৫৭
মহেশখালী পৌরসভা	৭২৫২	২২১৪	২৭২৮	১৪৩৬	৮৭৪
মোট	৮৯০২৭	৪৩১০৩	২৮৮৯৫	১৩৭০২	৩৩২৮

- **পানি:**

মহেশখালী উপজেলার মানুষ খাবার পানি এবং দৈনন্দিন অন্যান্য কাজে পুকুর, পাত কুয়া ও টিউবওয়েল/ অগভীর নলকূপের পানির উপরই নির্ভরশীল। উপজেলার সব ইউনিয়নের প্রতিটি পাড়ায় অগভীর নলকুপ/ টিউবওয়েল থাকায় সেখান থেকে প্রায় ২০০ থেকে ৩০০ পরিবার বিশেষ করে খাবার পানি সংগ্রহ করে থাকে। নলকুপের পানিতে সাধারণত: আয়রণ ও লবণাক্ততা গত ২০-৩০ আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। উপজেলার বিভিন্ন ইউনিয়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কিছু গভীর নলকুপ স্থাপন করা হয়েছে, সেগুলোতে আয়রণ বা লবণাক্ততা নেই। এরপরও এখনো প্রায় ৪০% পরিবারের নিরাপদ পানির অভাব দেখা দিচ্ছে। উপজেলার কুতুবজুম, শাপলাপুর, কালারমার ছড়া এবং মাতার বাড়ি ইউনিয়নের বেশ কিছু নলকুপ লবণাক্ততার জন্য খাবার অযোগ্য হয়ে পড়ছে। ছোট মহেশখালীসহ অন্যান্য ইউনিয়নের কিছু কিছু পাহাড়ী এলাকায় বোরিং করতে গেলে মাটির গভীরে পাথর এর স্তর থাকায় নলকূপ স্থাপন করতে ব্যক্তি/ সংস্থা উৎসাহি হয়না।

নিম্নে ইউনিয়নভিত্তিক **নলকুপের** তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	নলকুপের সংখ্যা	ভাল	অযোগ্য/ নষ্ট	ব্যবহার
বড় মহেশখালী	৩৪১৬	২৩৭৬	১১০০	খাবার পানি ও দৈনন্দিন কাজে ব্যবহার করা হয়।
ছোট মহেশখালী	১৩৩৫	১৩২৮	৭	
ধলঘাটা	৫৪	৫২	২	
হোয়ানক	৩৫১৫	২৩১৫	১২০০	
কালামারছড়া	৬৬৫২	৬৩৮২	২৭০	

ইউনিয়ন	নলকুপের সংখ্যা	ভাল	অযোগ্য/ নষ্ট	ব্যবহার
কুতুবজুম	৪৩০৩	৪১৫১	১৫২	
মাতারবাড়ি	৬৮৯৭	৬৭১০	১৮৭	
শাপলাপুর	৫৩৫	৩৯২	১৪৩	
মহেশখালী পৌরসভায়	৩৩৮	৩১১	২৭	
মোট	২৭০৪৫	২৩৯৫৭	৩০৮৮	

উপজেলায় মোট **২৭০৪৫টি** অগভির নলকুপ/ টিউবওয়েল রয়েছে, যার মধ্যে মাত্র ৩০% নলকুপের গোড়া পাকা। বন্যা লেভেলের উপরে রয়েছে প্রায় ৮০% টিউবওয়েল । টিউবওয়েল বন্যার সময় কতগুলো ব্যবহার উপযোগী থাকে প্রায় ৮৫% টিউবওয়েল।

- **পয়ঃ নিস্কাশন ব্যবস্থা:**

পয়:নিষ্কাশন ব্যবস্থায় মহেশখালী উপজেলা, বিশেষ করে বড়মহেশখালী, ধলঘাটা, কালারমার ছড়া, মাতারবাড়ি ইউনিয়নের জনগণ অনেকটা পিছিয়ে। উপজেলায় প্রায় ১১৪৪২টি স্বাস্থ্যসম্মত/ পাকা পায়খানা, ১৯৪০১টি জলাবদ্ধ/ কাঁচা পায়খানা আছে, যেগুলোর ৪০% এর ও বেশী পানি ধরার প্যান ভেঙ্গে ফেলা হয়েছে এবং ১৮৪০১টি খোলা পায়খানা আছে। বেশির ভাগই বিভিন্ন প্রতিষ্ঠান পাকা ও জলাবদ্ধ পায়খানা একটু শিক্ষিত ও সচেতন লোকের বাড়িতে স্থাপন করে দিয়েছে। এখনো প্রায় ৫% পরিবার মল-মুত্র ত্যাগ করার জন্য নির্দিষ্ট স্থান ব্যবহার করে না, খোলা জায়গায় প্রাকৃতিক কাজ সম্পন্ন করে থাকে, যা খুবই অস্বাস্থ্যকর। উল্লেখ্য যে, কোন কোন এলাকা বালিময় হওয়ায় রিং স্লাব দেবে গিয়ে ল্যাট্রিন কিছুদিন পর নষ্ট হয়ে যায় ও বর্ষা মৌসুমে পরিবেশ দূষিত হয়। নিম্নে ইউনিয়নভিত্তিক পয়:নিষ্কাশন ব্যবস্থা/ ল্যাট্রিন এর তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়ন	স্বাস্থ্যসম্মত	জলাবদ্ধ	খোলা	ব্যবহার
বড় মহেশখালী	৮২০	৪০৭৪	২৮৪৮	৩০%অধিবাসী স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহার করে থাকে। এগুলোর বেশির ভাগই বিভিন্ন প্রতিষ্ঠান ও স্বচ্ছল, শিক্ষিত ও সচেতন লোকের বাড়িতে। পৌরসভায় স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারের পরিমাণ বেশী
ছোট মহেশখালী	৭১৪	২৭০৪	৩৪৬২	
ধলঘাটা	৩৩৮	৯০০	৬৭৫	
হোয়ানক	৯২৫	১৬১২	১৯৬২	
কালামারছড়া	১০৪১	৩৭০৪	৩৭৬২	
কুতুবজুম	৬২০	১৬৪৯	১৪৬২	
মাতারবাড়ি	১৯০০	৪৪৬০	১৩৬৮	
শাপলাপুর	৯৩৪	৬৭৬	১৯৫১	
মহেশখালী পৌরসভায়	২৯৭০	১১৮০	৯১১	
মোট	১০২৬২	২০৯৬৯	১৮৪০১	

(তথ্য সূত্র: উপজেলা জন স্বাস্থ্য প্রকৌশল বিভাগ ও ইউনিয়ন পরিষদ)

- **শিক্ষা প্রতিষ্ঠান/ পাঠাগার:**

বিগত ১৫/ ২০ বছরে উপজেলার শিক্ষার সার্বিক অবস্থা ইতিবাচক পরিবর্তন হয়েছে। ১৯৯১ সালের পর থেকে শিশু শিক্ষার হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। উপজেলার স্বাক্ষরতার হার ৮৯%, শিক্ষার হার প্রায়

৬২%, শিশু শিক্ষার হার ৮৯% । উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়: ৫৭টি, বে-সরকারী প্রাথমিক বিদ্যালয়: ৬টি, বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়: ৮টি, বালক উচ্চ বিদ্যালয়: ১৫টি, বালিকা উচ্চ বিদ্যালয়: ২টি, সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়: ১টি, বিশ্বদ্যিালয়: ১টি, কলেজ: ৪টি, সিনিয়র/ দাখিল মাদ্রাসা: ৩৩টি, জুনিয়র/ এবাদতিয়া মাদ্রাসা: ৩৮টি, কিন্ডার গার্ডেন স্কুল: ১২টি, এনজিও স্কুল: ১৬৫টি, স্যাটেলাইট স্কুল: ৭টি, এতিম খানা: ২২টি, বুদ্ধ অনাথ আশ্রম: ১টি ।

ইউনিয়নভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য **সংযুক্তি ৫ এ** দেয়া হয়েছে ।

- **ধর্মীয় প্রতিষ্ঠান:**

মহেশখালী উপজেলায় মসজিদ আছে ৩৭৪টি, মন্দির ৫৩টি ও ক্যায়াং ৮টি । নিম্নে ইউনিয়নভিত্তিক ধর্মীয় প্রতিষ্ঠানের তথ্য দেয়া হলো:

মসজিদ/ মন্দির / গীর্জা / ক্যায়াং	ইউনিয়ন ও ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
মসজিদ: ৬০টি মন্দির: ১০টি	**বড় মহেশখালী** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে । মন্দির আছে ৪ ও ৫নং ওয়ার্ডে ।	উচু এলাকা হওয়া পানি বেশী সময় থাকেনা	-
মসজিদ: ৩৪টি মন্দির: ১৪টি (আদিনাথ মন্দিরসহ) ক্যায়াং: ২ টি	**ছোট মহেশখালী** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে । মন্দির আছে ৮ ও ৯ নং নং ওয়ার্ডে । ক্যায়াং আছে ৬ ও ৯নং ওয়ার্ডে ।	মসজিদগুলো আংশিক প্লাবিত হয় । মন্দিরগুলো বন্যামুক্ত নয় । ক্যায়াং ৯নং ওয়ার্ডেরটি বন্যামুক্ত ।	**আদিনাথ মন্দিরঃ** ৯নং ওয়ার্ডেও ঠাকুরতলায় ছোট মহেশখালীর চ্যানেলের পাড়ে সূউচ্চ টিলার উপর পৌরানিক মৈনাক পর্বতে অবস্থিত উপমহাদেশখ্যাত আদিনাথ মন্দিরের অবস্থান। এখানে অষ্ঠভূজাকৃতির দূর্গামূর্তি রয়েছে। প্রতিবছর ফাল্গুন মাসে এখানে ৭দিন ব্যাপী বার্ষিক শীবচতুর্দশী মেলা বসে। ভারত, নেপাল ও মিয়ানমার থেকে ধর্মপ্রাণ লোকেরা মন্দিও দর্শনে আসে। হিন্দুদেও পাশাপাশি রাখাইন সম্প্রদায়ও তাদেও মানস কামনা পূর্ণ করার জন্য এই মন্দিওে পূজা দিয়ে থাকে। কক্সবাজার শহরের ৬নং জেটি থেকে প্রতিদিন স্পীড বোট, লঞ্চ, ষ্টিমারযোগে মহেশখালী জেটি ও আদিনাথ মন্দিও জেটিতে পৌঁছে অসংখ্য পর্যটক ও স্থানীয়রা ।
মসজিদ: ২১টি মন্দির: ১টি	**ধলঘাটা** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে । মন্দির আছে ৭নং ওয়ার্ডে ।	বন্যামুক্ত নয় ।	-
মসজিদ: **৫৪** টি	**হোয়ানক** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে ।	পাহাড়ী ঢলে আংশিক প্লাবিত হয় তবে বৃষ্টি কমে	-

মসজিদ/ মন্দির / গীর্জা / ক্যায়াং	ইউনিয়ন ও ওয়ার্ড	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
মন্দির: ৪ টি	মন্দির আছে ৩, ৫ ও ৭ নং ওয়ার্ড	গেলে পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়	
মসজিদ: ৫৫ টি মন্দির: ৫ টি ক্যায়াং: ৩ টি	**কালামারছড়া** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ২, ৩, ৫ ও ৭ নং ওয়ার্ডে। ক্যায়াং আছে ১ ও ২ নং ওয়ার্ডে।	মসজিদ ও মন্দিরগুলো আংশিক প্লাবিত হয়। ক্যায়াং বন্যামুক্ত।	-
মসজিদ: ৩৪ টি	**কুতুবজুম** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে।	আংশিক প্লাবিত হয় তবে সমুদ্র উপকুলীয় এলাকা হওয়া ও বালি এলাকা হওয়ায় পানি দ্রুত নেমে যায়	-
মসজিদ: ৫৬টি মন্দির: ৩টি	**মাতারবাড়ি** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দিও আছে ৪নং ওয়ার্ডে।	আংশিক প্লাবিত হয়, তবে সমুদ্র উপকুলীয় এলাকা হওয়া পানি নেমে যায়।	-
মসজিদ: ৪৪ টি মন্দির: ৫ টি ক্যায়াং: ১ টি	**শাপলাপুর** ইউনিয়নের ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ৩ ও ৫নং ওয়ার্ডে। ক্যায়াং আছে ৫নং ওয়ার্ডে।	পাহাড়ী ঢলে আংশিক প্লাবিত হয়। পাহাড়ী এলাকা হওয়ায় পানি দ্রুত নেমে যায়	-
মসজিদ: ১৬ টি মন্দির: ১১ টি ক্যায়াং: ২ টি	**মহেশখালী পৌরসভা** ৯টি ওয়ার্ডেই মসজিদ আছে। মন্দির আছে ২, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে। ক্যায়াং আছে ৪ নং ওয়ার্ডে।	প্লাবিত হয়, তবে উচু এলাকা হওয়া পানি বেশী সময় থাকেনা	৪ নং ওয়ার্ড বড় রাখাইন পাড়ায় আনুমানিক ২০০ বছরের পুরানো বৌদ্ধ মন্দির।

- **ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাহ্):**

কয়টি	কোন ইউনিয়নের কোন ওয়ার্ডে অবস্থিত	বন্যামুক্ত কিনা	সংক্ষিপ্ত বর্ণনা
১ নং ওয়ার্ড বড় ডেইলে ও ২ নং ওয়ার্ড মুন্সির ডেইলে = ২টি	**বড় মহেশখালী** ইউনিয়নের ১ ও ২নং ওয়ার্ড।	অধিক মাত্রায় বন্যা বা জোয়ার এর প্লাবন হলে মাঠে পানি আসে।	উঁচু ও বালি এলাকা হওয়ায় এখানে জোয়ার ও পাহাড়ি ঢলের পানি আসে না।
	অন্যন্য ইউনিয়নে মসজিদ সংলগ্ন মাঠ ও খালি মাঠে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়ে থাকে।		

- **স্বাস্থ্য সেবা:**

উপজেলায় ১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সরকারী হাসপাতাল), ৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (সরকারী), ২৬টি কমিউনিটি ক্লিনিক (সরকারী), ৩টি এনজিও পরিচালিত স্বাস্থ্য সেবা কেন্দ্র এবং ১টি ব্যক্তি পরিচালিত স্বাস্থ্য কেন্দ্র আছে। তাছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের জনগণ অসুখ হলে ঔষধের দোকান, ওঁঝা, বৈদ্য ও কবিরাজ এর উপর নির্ভর করে থাকে। বড় ধরণের অসুখ হলে বিশেষ করে স্বচ্ছল ব্যক্তিরা কক্সবাজার, চকোরিয়া বা চট্টগ্রাম থেকে স্বাস্থ্য সেবা গ্রহণ করে থাকে।

ইউনিয়ন ও ওয়ার্ড	স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ডাক্তার, নার্স কতজন এবং অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন	মন্তব্য
মহেশখালী পৌরসভার ৪ নং ওয়ার্ড উপজেলা পরিষদ কমপ্লেক্স।	**উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স** (সরকারী হাসপাতাল): ১টি	ইউএইচও -১, আরএমও -১, জুনি: কন: (শিশু)-১, জুনি: কন: (কর্ডিও) - ১ এমও- ২, সহ : সার্জন (ইএমও)- ১ স্যনিটারী ইন্সেপেক্টর - ১ এসএসিএমও- ২, এম টি (ফার্মা)- ১, এম টি (ল্যাব) - ১, এমটি (ডেন্টাল)- ১ এমটি (ইপিআই)- ১, এস এস নার্স - ২, কম্পাউন্ডার - ১ কার্ডিগ্রোফার - ১ হারবাল সহকারী- ১ ল্যাব এটেন্ডেন্ট - ১ ওটি বয় - ১ ইমারজেন্সী এটেন্ডেন্ট - ১ এমএলএসএস - ১ ওয়ার্ড বয় - ১	এই হাসপাতালে স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা দেওয়া হয়। সরকারী নিয়ম অনুযায়ী ৩২ জন ডাক্তার থাকার কথা কিন্তু আছে ৫ জন, নার্স থাকার কথা ১৪ জন আছে ২ জন। এছাড়া আধুনিক সরঞ্জাম থাকার পরও লোকবল কম এবং দক্ষ লোকের অভাবে সেইসব যন্ত্রপাতি অযত্নে পরে আছে। মুলত দ্বীপ এলাকার জন্য হওয়ায় ডাক্তার ও নার্সরা এখানে থাকতে চায়না। রোগীর তুলানায় ডাক্তার সংখ্যা কম হওয়ায় একজনকে অনেক সময় দুই সিফটেই ডিউটি করতে হয়। যে কারণে সঠিক সেবা দেয়া সম্ভব	আউট ডোরে ১০ টাকা দিয়ে টিকেট করে রোগীরা ডাক্তার দেখায়। এছাড়া প্যাথলজি ও ওটিতে সরকারী নিয়ম অনুযায়ী চার্জ নেওয়া হয়।	পুরো মহেশখালী উপজেলায় এটি একটি মাত্র ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল। মহেশখালী উপজেলায় যারা মোটামুটি স্বচ্ছল তারা জেলা সদরেই চিকিৎসা নিয়ে থাকে

ইউনিয়ন ও ওয়ার্ড	স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ডাক্তার, নার্স কতজন এবং অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন	মন্তব্য
			হয় না ।		
মহেশখালী পৌরসভার ৪ নং ওয়ার্ডে ।	**উপজেলা পরিবার কল্যাণ কেন্দ্র:** ১টি	উপজেলা প: প: কর্মকর্তা - ১জন ইউ এফ পি এ - ২ এম এল এস এস - ১ এফ ডাব্লিউ ভি - ২ এফ ডাব্লিউ এ - ৩	কেন্দ্র থেকে মাসে একবার স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) গ্রহণ করার জন্য ক্যাম্প করা হয় ।	অস্থায়ী ও স্থায়ী পদ্ধতির জন্য কোন টাকা নেয়া নেয়া হয় না	পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্টাফদের কাজের মনিটরিং করে থাকে ।
বড় মহেশখালী ইউনিয়নের ৪নং ওয়ার্ড, **ধলঘাটা** ইউনিয়নের ৬নং, **মাতারবাড়ি** ইউনিয়নের ১নং, **হোয়ানক** ইউনিয়নের ২নং, **কালামারছড়া** ইউনিয়নের ৭নং, **কুতুবজুম** ইউনিয়নের ৩নং এবং **শাপলাপুর** ইউনিয়নের ৫নং ওয়ার্ডে ।	**ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র : ৭টি**	প্রতিটি কেন্দ্রে উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার - ১ এফ ডাব্লিউ ভি - ১ এফ ডাব্লিউ এ - ৬ এফ পি আই - ১	মা ও শিশু স্বাস্থ্যসহ স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপি আই, পরিবার পরিকল্পনা সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনামুল্যে	ছোট মহেশখালী ইউনিয়নে কেন্দ্র নাই, কারণ উপজেলা সদরের কাছাকাছি হওয়ায় জনগণ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে এ যেতে পারে । মাতারবাড়ীর কর্মকর্তা ধলঘাটায় দায়িত্ব পালন করে থাকেন । বর্ষা মৌসুমে ইউনিয়নের যোগাযোগ ব্যবস্থা বিছিন্ন থাকায় স্বাস্থ্য কেন্দ্র প্রায় বন্ধ থাকে । শুষ্ক মৌসুমে সপ্তাহে মাত্র দুই দিন (রবি ও সোম) ডাক্তার বসে
বড় মহেশখালী ইউনিয়নের ১, ২, ৫, ৭ ও ৯নং ওয়ার্ড =৫টি, **ছোট মহেশখালী** ইউনিয়নের ৭ ও ৯ নং ওয়ার্ড= ২টি **ধলঘাটা** ইউনিয়নের ২ নং ওয়ার্ড = ১টি **মাতারবাড়ি** ইউনিয়নের ১, ৪, ৭ ও ৯ নং ওয়ার্ড =৪টি **হোয়ানক** ইউনিয়নের ১, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড = ৫টি **কালারমারছড়া**	**কমিউনিটি ক্লিনিক: ২৬টি**	প্রতিটি **কমিউনিটি** ক্লিনিকে- সি এইচ সিপি - ১ এইচ এ - ২ এফ ডাব্লিউ এ - ১	স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপিআই, প:প: ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনামুল্যে	

ইউনিয়ন ও ওয়ার্ড	স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম	ডাক্তার, নার্স কতজন এবং অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন	মন্তব্য
ইউনিয়নের ১, ৫, ৮ ও ৯ নং ওয়ার্ড = ৪টি, **কুতুবজুম** ইউনিয়নের ১, ৬ ও ৭ নং ওয়ার্ড = ৩টি, **শাপলাপুর** ইউনিয়নের ২ ও ৯নং ওয়ার্ড = ২টি					
বড় মহেশখালী ইউনিয়নের ৫ নং ওয়ার্ডে **হোপ মেডিকেল সেন্টার**। মাতারবাড়ি ইউনিয়নের ১ নং ওয়ার্ডে সিকদারপাড়া **বি জি এস স্বাস্থ্য কেন্দ্র** ৫ নং ওয়ার্ড পুরান বাজারে **ব্র্যাক জাতীয় যক্ষা নিয়ন্ত্রন কর্মসুচী**	এনজিও পরিচালিত স্বাস্থ্য সেবা কেন্দ্র	এমবিবিএস ডাক্তার -১ নার্স - ৫, প্যাথলজি টেশনিসিয়ান - ১, সহকারী প্যাথলজি টেকনিসিয়ান - ১ আয়া - ১ এমবিবিএস ডাক্তার স্বাস্থ্য সহকারী-১ টেকনিক্যাল সহকারী-১ ল্যবরোটারিয়ান - ১ স্বাস্থ্য কর্মী - ২ স্বাস্থ্য সেবিকা - ২৫	৪ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্র ও প্যাথলজি সেন্টার মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্র ও প্যাথলজি সেন্টার শুধু মাত্র যক্ষা রোগীদের চিকিৎসা দেওয়া হয়	ডাক্তার ফি ৩০ টাকা, ও সকল স্বাস্থ্য পরীক্ষায় ১০% ছাড় ডাক্তার ফি ৫০ টাকা, ও সকল স্বাস্থ্য পরীক্ষায় ৫০% ছাড় টিকেট ২০ টাকা, ডাক্তার, ঔষধ ও স্বাস্থ্য পরীক্ষা ফ্রি	হোপ এ রিক এনজিও র সাথে চুক্তির কারণে প্রতি মাসে ৩০ জন প্রবীণকে ফ্রি চিকিৎসা দেয়া হয় ।
মহেশখালী পৌরসভার ৪ নং ওয়ার্ডে	**নিউরণ হেলথ এন্ড ডায়গোনষ্টিক সেন্টার**	এম বি বি এস - ৬	প্রতিদিন দুই জন চিকিৎসক চিকিৎসা করে থাকেন । এছাড়া সপ্তাহে একদিন করে শিশু, ডায়বেটিস, মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তাররা এখানে রুগী দেখেন ।	বেসরকারী ক্লিনিক হওয়ায় এখানে ডাক্তার ফি ২০০ -৪০০ টাকার মধ্যে । এছাড়া সকল স্বাস্থ্য পরীক্ষার জন্য আলাদা চার্জ নেয়া হয় ।	এখানে শুধুমাত্র স্বচ্ছল লোকেরা ডাক্তার দেখানোর সুযোগ পায় ।

- **ব্যাংক:**

জনগণের সুবিধার্থে উপজেলায় ৮টি ব্যাংক আছে। নিম্নে ইউনিয়নভিত্তিক ব্যাংকের তথ্য তুলে ধরা হলো:

ব্যাংকের নাম	শাখার নাম ও অবস্থান (ইউনিয়ন ও ওয়ার্ড)	সেবার ধরণ	সেবার মান
কৃষি ব্যাংক ৫টি	নতুন বাজার শাখা - **বড় মহেশখালী** ইউনিয়নের ৩নং ওয়ার্ড, নতুন বাজার সিকদার পাড়া শাখা - **মাতারবাড়ি** ইউনিয়নের ১নং ওয়ার্ড, কালারমার ছড়া বাজার শাখা - **কালারমারছড়া** ইউনিয়নের ৭নং ওয়ার্ড, টাইম বাজার শাখা - **হোয়ানক** ইউনিয়নের ৩নং ওয়ার্ড, গোরকঘাটা বাজার শাখা, **মহেশখালী পৌরসভার** ৭নং ওয়ার্ড।	কৃষি খাতে সহজ শর্তে ঋণ বিতরণ, ডিপিএস, সরাকরী ভাত বিতরণ ও টাকা অমানত রাখা।	ভাল ও সন্তোষজনক
সোনালী ব্যাংক ১টি	গোরকঘাটা বাজার শাখা, **মহেশখালী পৌরসভার** ৭নং ওয়ার্ড।	সরকারী ভাতা প্রদান, টাকা আমানত রাখা, সরকারী ও বেসরকারী কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা প্রদান।	ভাল ও সন্তোষজনক
ইসলামী ব্যাংক ১টি	গোরকঘাটা বাজার শাখা, **মহেশখালী পৌরসভার** ৭নং ওয়ার্ড।	টাকা অমানত রাখা, ডিপিএস, সহজ শর্তে ঋণ বিতরণ, বেসরকারী কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতা প্রদান।	ভাল ও সন্তোষজনক
পূবালী ব্যাংক ১টি	গোরকঘাটা বাজার শাখা, **মহেশখালী পৌরসভার** ৭নং ওয়ার্ড।	টাকা অমানত রাখা, ডিপিএস, সহজ শর্তে ঋণ বিতরণ, বেসরকারী কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা প্রদান।	ভাল ও সন্তোষজনক

- **পোস্ট অফিস: ৮টি।**

জনগণের সুবিধার্থে উপজেলায় ৮টি পোস্ট অফিস আছে। নিম্নে ইউনিয়নভিত্তিক পোস্ট অফিসের তথ্য তুলে ধরা হলো:

পোস্ট অফিসের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	সেবার ধরণ	সেবার মান

নতুন বাজার পোষ্ট অফিস সুতরিয়া বাজার পোষ্ট অফিস টাইম বাজার পোষ্ট অফিস কালামারছড়া পোষ্ট অফিস কুতুবজোম পোষ্ট অফিস, নতুন বাজার সিকদার পাড়া পোষ্ট অফিস শাপলাপুর পোষ্ট অফিস উপজেলা পোষ্ট অফিস, গোরকঘাটা বাজার	**বড় মহেশখালী** ইউনিয়নের ৩নং ওয়ার্ড **ধলঘাটা** ইউনিয়নের ৬নং ওয়ার্ড **হোয়ানক** ইউনিয়নের ৩নং ওয়ার্ড **কালামারছড়া** ইউনিয়নের ৭নং ওয়ার্ড **কুতুবজুম** ইউনিয়নের ৬ নং ওয়ার্ড **মাতারবাড়ি** ইউনিয়নের ১নং ওয়ার্ড, **শাপলাপুর** ইউনিয়নের ৬নং ওয়ার্ড, **মহেশখালী পৌরসভার** ৭নং ওয়ার্ড ।	নিয়মিত চিঠিপত্র আদান প্রদান, মানি অর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম প্রভৃতি ।	মোবাইলসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করার ফলে পোস্ট অফিস থেকে সেবা গ্রহণের মাত্রা কমে এসেছে । তবে যারা ব্যবহার করেন তারা সেবার মানে সন্তুষ্ট প্রকাশ করেন ।

- **অন্যান্য প্রতিষ্ঠান**

বন বিট/ ফরেষ্ট অফিস:

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
অফিস পাড়া বন বিট অফিস	**কালারমারছড়া** ইউনিয়নের ৭নং ওয়ার্ড	
উম্বনিয়া পাড়া ফরেষ্ট অফিস	**ছোট মহেশখালী** ইউনিয়নের ৪ নং ওয়ার্ড	
ঘটিভাঁঙ্গা ফরেষ্ট অফিস	**কুতুবজুম** ইউনিয়নের ১নং ওয়ার্ড	
কেরুণতলী ফরেষ্ট অফিস মোহরা কাটা ফরেষ্ট অফিস	**হোয়ানক** ইউনিয়নের ৭ ও ৮নং ওয়ার্ড	শুধুমাত্র প্যরাবন পাহারা দেওয়ার জন্য মোহরা কাটা ফরেষ্ট অফিসকে স্থানীয়রা প্যরাবন বিট বলে ।
দিনেশপুর ফরেষ্ট অফিস শাপলাপুর ফরেষ্ট অফিস	**শাপলাপুর** ইউনিয়নের ৯ ও ৫নং ওয়ার্ড	

মৎস্য অবতরণ কেন্দ্র: ২ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
কেরুণতলী মৎস্য অবতরণ কেন্দ্র	হোয়ানক ইউনিয়নের ৭নং ওয়ার্ড	১৯৯৮ সালে মৎস্য অবতরণ কেন্দ্রটি নির্মাণ করা হয় । তবে মাছ সংরক্ষণের জন্য কোল্ড ষ্টোর না থাকায় এটি শুরু থেকেই পরিত্যক্ত

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
		অবস্থায় পড়ে আছে
বড় রাখাইন পাড়া মৎস্য অবতরণ কেন্দ্র	মহেশখালী পৌরসভার ৪ নং ওয়ার্ড	

ভুমি অফিস: ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
শাপলাপুর ভুমি অফিস	শাপলাপুর ইউনিয়নের ৫নং ওর্য়াড	
গোরকঘাটা বাজার ভুমি অফিস	মহেশখালী পৌরসভার ৭ নং ওয়ার্ড	

সাব রেজিষ্ট্রি অফিস: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
সাব রেজিষ্ট্রি অফিস	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড	আদালত পাড়ায়

কুটির শিল্প: ৬টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
কুটির শিল্প	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড	৬টি কুটির শিল্প মহেশখালী পৌরসভার বড় রাখাইন পাড়ায়

ফ্লাওয়ার মিল: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
ফ্লাওয়ার মিল	মহেশখালী পৌরসভার ২নং ওয়ার্ড	পাল পাড়ায়

বরফ মিল: ২টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
বরফ মিল	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	বড় রাখাইন পাড়ায়

স-মিল: ৬টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য

ডাক বাংলো পাড়া স-মিল, - ১ টি , বড়রাখাইন পাড়া স-মিল -২টি, হাজী মুখলেছুর রহমান পাড়া স-মিল - ১ টি, বানিয়ার দোকান স-মিল- ২টি	মহেশখালী পৌরসভার ৭, ৪, ৩ ও ২নং ওয়ার্ড ।	

আদালত ভবন: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
আদালত ভবন	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	আদালত পাড়া

উপজেলা পরিষদ :- ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
উপজেলা ভবন/ উপজেলা পরিষদ	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	

থানা: ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
মহেশখালী থানা	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	উপজেলা পরিষদ এলাকায়

টেলিফোন এক্সচেঞ্জ: ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
টেলিফোন এক্সচেঞ্জ	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	কলেজ পাড়া

জীপ ষ্টেশন: ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
জীপ ষ্টেশন (স্ট্যান্ড)	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড ।	গোরকঘাটা বাজার

বিদুৎ অফিস: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
পল্লী বিদুৎ অফিস	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড ।	গোরকঘাটা বাজার

ডাক বাংলো: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
ডাক বংলো	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	ডাক বাংলো পাড়া

কাসাই খানা: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
পৌর কসাই খানা	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড ।	গোরকঘাটা বাজার

খাদ্য গুদাম: ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	কাজ	মন্তব্য
কালারমারছড়া খাদ্য গুদাম	কালামারছড়া ইউনিয়নের ৭নং ওয়ার্ড	গম, চালসহ বিভিন্ন খাদ্র দ্রব্য গুদামজাত ও সংরক্ষণ করা হয়	এটি নতুন ভাবে সংস্কার করা হয়েছে। তবে এখনো পরিতাক্ত অবস্থায় পড়ে আছে, ব্যহার হচ্ছে না ।

মাধ্যমিক শিক্ষা অফিস: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
মাধ্যমিক শিক্ষা অফিস	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড ।	গোরকঘাটা বাজার

বি আর ডি বি অফিস: ১ টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
বি আর ডি বি অফিস	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড ।	গোরকঘাটা বাজার

স্কাউট: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
স্কাউট	মহেশখালী পৌরসভার ৪নং ওয়ার্ড ।	উপজেলা পরিষদ এলাকা

পাবলিক লাইব্রেরী: ১টি

নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	মন্তব্য
পাবলিক লাইব্রেরী	মহেশখালী পৌরসভার ৭নং ওয়ার্ড ।	গোরকঘাটা বাজার

- **ক্লাব/ সাংস্কৃতিক কেন্দ্র: ২০টি**

ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
বড় মহেশখালী প্রবীণ কল্যাণ সংগঠন ও আলহাজ্ব সিরাজুল হক স্মৃতি সংসদ	**বড় মহেশখালী** ইউনিয়নের ৩ ও ৭ নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	জাতীয় দিবস পালন, বৃক্ষ রোপণ, মৎস্য চাষ, হাঁস মুরগী ও গরু ছাগল পালন, গরীব দুস্থ দের সাহায্য, বিভিন্ন খেলায় অংশগ্রহণ
নাই	**ছোট মহেশখালী** ইউনিয়নে নাই	-	-
জন কল্যাণ ক্লাব- মহুরী ঘোনা	**ধলঘাটা** ইউনিয়নের ২নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	জাতীয় দিবস পালন, বৃক্ষ রোপণ, মৎস্য চাষ, হাঁস মুরগী ও গরু ছাগল পালন, গরীব দুস্থ দের সাহায্য, বিভিন্ন খেলায় অংশগ্রহণ
বানিয়া কাটা সমাজ কল্যাণ সমিতি কেরুনতলী ডেভলপমেন্ট সোসাইটি	**হোয়ানক** ইউনিয়নের ৪ ও ৭ নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	জাতীয় দিবস পালন, বৃক্ষ রোপণ, মৎস্য চাষ, হাঁস মুরগী ও গরু ছাগল পালন, গরীব দুস্থ দের সাহায্য, বিভিন্ন খেলায় অংশগ্রহণ, বয়স্ক শিক্ষা
ফ্রেন্ডস এসোসিয়েশন ও কালারমারছড়া ক্রীড়া ও সমাজ উন্নয়ন সংসদ	**কালামারছড়া** ইউনিয়নের ৭ নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ, বৃক্ষ রোপণ, গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহণ, বয়স্ক শিক্ষা
ঘটি ভাঁঙ্গা সমাজ কল্যাণ সমিতি	**কুতুবজুম** ইউনিয়নের ৬ নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ, বৃক্ষ রোপণ, গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহণ, বয়স্ক শিক্ষা
মাতারবাড়ী উপকুলীয় সমাজ কল্যান সমিতি-সিকদারপাড়া, মাতারবাড়ী সমাজ কল্যান সমিতি- নতুন বাজার, মাতারবাড়ী সিকদার পাড়া সমাজ কল্যান সমিতি, উপকুলীয় ফাউন্ডেশন- ওয়াপদা পাড়া	**মাতারবাড়ি** ইউনিয়নের ১ ও ২নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম শিক্ষা কার্যক্রম বনায়ন	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ, বৃক্ষ রোপণ, গরীব দুস্থ: দের সাহায্য, বয়স্ক শিক্ষা, বিভিন্ন খেলায় অংশগ্রহণ
উপকুল সমাজ কল্যাণ সংগঠন কায়দাবাদ হিলফুল ফুজুল সংঘ	**শাপলাপুর** ইউনিয়নের ২ ও ৯নং ওয়ার্ড	সামাজিক কার্যক্রম আয় বৃদ্ধিমূলক কার্যক্রম শিক্ষা কার্যক্রম বনায়ন	বয়স্ক শিক্ষা পরিচালনা করা, প্যারাবন ও বৃক্ষ রোপণ কর্মসুচী করে, জাতীয় দিবস পালন, গরীব দুস্থ:দের সাহায্য করা
গোরকঘাটা যুব উন্নয়ন পরিষদ,	**মহেশখালী**	সামাজিক কার্যক্রম	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ,

ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	ইউনিয়ন ও ওয়ার্ড	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
অর্ফিসাস কল্যাণ ক্লাব, পুটিবিলা সার্বজনীন কালি মন্দির পরিষদ, পুটিবিলা আই পি এন ক্লাব, গোরকঘাটা বাজার বনিক সমিতি, শহীদ মনিন্দ্র লাল ভট্টাচার্য ও ননী সুশীলা স্মৃতি ফাউন্ডেশন = ৬টি	**পৌরসভার** ২, ৪ ও ৭নং ওয়ার্ড	আয় বৃদ্ধিমূলক কার্যক্রম	বৃক্ষ রোপণ, গরীব দুস্থ: দের সাহায্য, বয়স্ক শিক্ষা, বিভিন্ন খেলায় অংশগ্রহণ

- **এন জি ও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ**

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল	ইউনিয়ন
১.	রিক	ক্ষুদ্র ঋণ প্রকল্প সিডিএমপি দুর্যোগ বিষয়ে	১২০৭৪	চলমান কার্যক্রম ফ্রেবুয়ারী ২০১৪	বড় মহেশখালী, ছোট মহেশখালী, ধলঘাটা, কালারমারছড়া, মাতারবাড়ি, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
২.	ব্যুরো বংলাদেশ	ক্ষুদ্র ঋণ প্রকল্প	৫০০০	চলমান কার্যক্রম	বড় মহেশখালী, ছোট মহেশখালী, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
৩.	প্রত্যাশী	ক্ষুদ্র ঋণ প্রকল্প	২২০০০	চলমান কার্যক্রম	বড় মহেশখালী, ছোট মহেশখালী, কালারমারছড়া, মাতারবাড়ি, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
৪.	গ্রামীণ ব্যাংক	ক্ষুদ্র ঋণ প্রকল্প	১৪০০০		বড় মহেশখালী, ছোট মহেশখালী, কালারমারছড়া, মাতারবাড়ি, কুতুবজুম, হোয়ানক ও মহেশখালী পৌরসভা
৫.	আশা	ক্ষুদ্র ঋণ প্রকল্প	৯৯০০	চলমান কার্যক্রম	বড় মহেশখালী, ছোট মহেশখালী, কালারমারছড়া, মাতারবাড়ি, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
৬.	কোডাক	শিক্ষা	৪৫০০	২০১২-২০১৬	বড় মহেশখালী, ছোট মহেশখালী, মাতারবাড়ি,

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল	ইউনিয়ন
					কালারমারছড়া, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
৭.	এস এ আরপিভি	রিকেটস	১৫০০	চলমান কার্যক্রম	বড় মহেশখালী, ছোট মহেশখালী, হোয়ানক, শাপলাপুর
৮.	কোষ্ট্র ট্রাষ্ট	স্কুল ফিডিং, রিকেটস ক্ষুদ্র ঋণ প্রকল্প	৪১০০০	২০১৩ - ২০১৬ ও চলমান কার্যক্রম	বড় মহেশখালী, ছোট মহেশখালী, ধলঘাটা, কালারমারছড়া, মাতারবাড়ি, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
৯.	ব্র্যাক	এইচ এন পি পি অপুষ্টি প্রতিরোধ ও দরীকরণ কার্যক্রম, মা ও নবজাতক শিশু স্বাস্থ্য পরিচর্যা, যক্ষা কর্মসূচি, ক্ষুদ্র ঋণ প্রকল্প	১৬০০০	চলমান কার্যক্রম	বড় মহেশখালী, ছোট মহেশখালী, ধলঘাটা, মাতারবাড়ি, কুতুবজুম, কালারমারছড়া, হোয়ানক, শাপলাপুর ও মহেশখালী পৌরসভা
১০.	বিজিএস	শিক্ষা, স্বাস্থ্য, ওয়াটসন, ক্ষুদ্র ঋণ প্রকল্প	৯৭০০	২০০২ - ২০১৪	কালারমারছড়া, মাতারবাড়ি,
১১.	আইএসডি	খুদ্র ঋণ প্রকল্প	২৪০০	চলমান কার্যক্রম	কালারমারছড়া,
১২.	সুখী বংলাদেশ	প্যরাবন সৃজন, কেয়া বনায়ন, কাছিম ডিম সংরক্ষন	১ ও ২ নং ওয়ার্ড এর জনগণ	২০১০ - ২০১৪	কুতুবজুম
১৩.	পাউস	প্যরাবন সৃজন, কেয়া বনায়ন	১ ও ২ নং ওয়ার্ড এর জনগণ	২০০৭ - ২০১৩	ধলঘাটা, কুতুবজুম
১৪.	মুসলিম এইড	ক্ষুদ্র ঋণ প্রকল্প	৫৪০	চলমান কার্যক্রম	মহেশখালী পৌরসভা
১৫.	বাইতুশ শরফ	সমাজ ভিত্তিক পূর্ণবাসন প্রকল্প, একিভোত সমাজ প্রকল্প	৬১০জন	চলমান কার্যক্রম	মহেশখালী পৌরসভা
১৬.	আজাদ	ভি.জি.ডি কর্মসুচি	১৯৫৬ জন	২০১৩–২০১৪	বড় মহেশখালী, ছোট মহেশখালী, ধলঘাটা, কালারমারছড়া, মাতারবাড়ি, কুতুবজুম, হোয়ানক ও শাপলাপুর
১৭.	শক্তি ফাউন্ডেশন	ক্ষুদ্র ঋণ প্রকল্প	১৪৫০ জন	চলমান কার্যক্রম	ছোট মহেশখালী, বড় মহেশখালী,পৌরসভা
১৮.	মুক্তি	ক্ষুদ্র ঋণ প্রকল্প	১১০০ জন	চলমান	ছোট মহেশখালী, বড়

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল	ইউনিয়ন
		প্রভিশন অফ লাইফ সেভিং হেলথ কেয়ার সার্ভিস প্রজেক্ট (পি.এল.এইস.সি.এস)	নতুন প্রকল্প উপকার ভোগী বাছাই করা হয় নি	কার্যক্রম জানুয়ারি ২০১৪থেকে জুলাই ২০১৪সাল পর্যন্ত	মহেশখালী, কুতুবজুম ও পৌরসভা । মহেশখালী উপজেলা

- **প্রধান প্রধান খেলাধূলা ঃ**

ফুটবল, ক্রিকেট, ভলিবল, হা-ডু-ডু, লাঠিখেলাসহ স্থানীয়/ আঞ্চলিক খেলাসমূহ ।

- **খেলার মাঠ (বড়)ঃ ২২টি ।**

প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের সাথে ছোট খেলার মাঠ এবং উচ্চ মাধ্যমিকের সাথে ফুটবল খেলার মাঠ আছে । এছাড়াও খালি জায়গায় ছোট ছোট খেলার মাঠ রয়েছে ।

ইউনিয়ন	খেলার মাঠের নাম	ওয়ার্ড	দুর্যোগের সময় কোন কাজে লাগে কিনা	কিভাবে
বড় মহেশখালী	বড় ডেইল মাদ্রাসা মাঠ, মুন্সির ডেইল মাঠ, নতুন বাজর মাঠ, ও নতুন বাজার প্রা: বিদ্যালয় মাঠ	১, ২ ও ৩নং ওয়ার্ড	নতুন বাজার প্রা: বিদ্যালয় মাঠ দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
ছোট মহেশখালী	ছোট মহেশখালী নিু মাধ্যমিক বিদ্যালয় মাঠ	৫ নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
ধলঘাটা	সুতরিয়া প্রাইমারী স্কুলের মাঠ	৩নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
হোয়ানক	হোয়নক টাইম বাজার স: প্রা: বি: মাঠ, হোয়নক বহুমুখী উচ্চ বিদ্যালয় মাঠ, পানির ছড়া আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠ	৩, ৪ ও ৯ নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
কালামারছড়া	ইউনুছখালী উচ্চ বিদ্যালয় মাঠ, কালরমারছড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ ও নুনাছড়ি কমিউনিটি সেন্টার মাঠ	৩, ৭ ও ৮ নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
কুতুবজুম	কুতুবজুম আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠ, অপসুর উচ্চ বিদ্যালয় মাঠ ও কুতুবজুম জামেয়া সুন্নাহ দারুল উলুম দাখিল মাদ্রাসা মাঠ	৫ ও ৬ নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার হয়ে থাকে । পাশাপাশি ত্রাণ বিতরণ কাজে ব্যবহার করা হয় ।

ইউনিয়ন	খেলার মাঠের নাম	ওয়ার্ড	দুর্যোগের সময় কোন কাজে লাগে কিনা	কিভাবে
মাতারবাড়ি	মাতারবাড়ী উচ্চ বিদ্যালয় মাঠ	১নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
শাপলাপুর	দিনেশপুর মাঠ, শাপলাপুর উচ্চ বিদ্যালয় মাঠ	৯ ও ৬নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে
মহেশখালী পৌরসভা	মহেশখালী আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠ, কলেজ পাড়া, মহেশখালী ডিগ্রি কলেজ মাঠ, কলেজ পাড়া, গোরকঘাটা উচ্চ বিদ্যালয় মাঠ, চরপাড়া ও চর পাড়া খেলার মাঠ	৩ ও ৯নং ওয়ার্ড	দুর্যোগের সময় কাজে লাগে	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা হয়ে থাকে

- **কবরস্থান / শ্মশানঘাট :**

কবরস্থান: ৩১১টি, হিন্দু শ্মশান: ২৪টি ও বৌদ্ধ শ্মশান: ৩টি

ইউনিয়ন	কবরস্থান বা শ্মশানঘাটের সংখ্যা	ওয়ার্ড/ অবস্থান	বন্যা লেভেলের উপরে কিনা
বড় মহেশখালী	কবরস্থান ৬০টি ও হিন্দু শ্মশান ১ টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৫/ ৬টি করে কবরস্থান আছে। শ্মশান রয়েছে ৪ ও ৫নং ওয়ার্ডে।	আংশিক প্লাবিত হয়, তবে বালি এলাকা হওয়ায় পানি নেমে যায়
ছোট মহেশখালী	কবরস্থান ৩৪টি হিন্দু শ্মশান ৪ টি ও বৌদ্ধ শ্মশান ১টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৩/ ৪টি করে কবরস্থান আছে। হিন্দু শ্মশান রয়েছে ৮ ও ৯নং ওয়ার্ডে (৩টি) ও বৌদ্ধ শ্মশান রয়েছে ৬নং ওয়ার্ডে।	আংশিক প্লাবিত হয়, তবে পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়
ধলঘাটা	কবরস্থান ১৮টি ও হিন্দু শ্মশান ১টি	৯টি ওয়ার্ডেই গড়ে ২টি করে কবরস্থান আছে। শ্মশান রয়েছে ৭নং ওয়ার্ডে।	সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় পানি জমে থাকে না
হোয়ানক	কবরস্থান ৫৫টি ও হিন্দু শ্মশান ৭টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৬টি করে কবরস্থান আছে। শ্মশান রয়েছে ২, ৪, ৫ ও ৭নং ওয়ার্ডে।	আংশিক প্লাবিত হয়, তবে পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়
কালামারছড়া	কবরস্থান ৩৭টি ও হিন্দু শ্মশান ৩টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৪/ ৫টি করে কবরস্থান আছে। শ্মশান রয়েছে ১, ৩ ও ৭নং ওয়ার্ডে।	আংশিক প্লাবিত হয়, তবে পাহাড়ী এলাকা হওয়ায় পানি নেমে যায়
কুতুবজুম	কবরস্থান ৪০টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৪/ ৫টি করে কবরস্থান আছে।	সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় পানি জমে থাকে না
মাতারবাড়ি	কবরস্থান ২৭টি ও হিন্দু শ্মশান ১টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৩টি করে কবরস্থান আছে। শ্মশান রয়েছে ৪নং ওয়ার্ডে।	সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় পানি জমে থাকে না
শাপলাপুর	কবরস্থান ৩০টি হিন্দু শ্মশান ১ টি	৯টি ওয়ার্ডেই গড়ে ৩/ ৪টি করে কবরস্থান আছে। হিন্দু শ্মশান	আংশিক প্লাবিত হয়, তবে পাহাড়ী এলাকা হওয়ায় পানি

ইউনিয়ন	কবরস্থান বা শ্মশানঘাটের সংখ্যা	ওয়ার্ড/ অবস্থান	বন্যা লেভেলের উপরে কিনা
	ও বৌদ্ধ শ্মশান ১টি	রয়েছে ৬নং ওয়ার্ডে (৩টি) ও বৌদ্ধ শ্মশান রয়েছে ৫নং ওয়ার্ডে।	নেমে যায়
মহেশখালী পৌরসভা	কবরস্থান ১০টি হিন্দু শ্মশান ৬ টি ও বৌদ্ধ শ্মশান ১টি	৯টি ওয়ার্ডেই কবরস্থান আছে। হিন্দু শ্মশান রয়েছে ২ ও ৬নং ওয়ার্ডে (২টি করে), ও বৌদ্ধ শ্মশান রয়েছে ৭নং ওয়ার্ডে।	বৌদ্ধ শ্মশানটি দ: রাখাইন পাড়ার সাথে লাগানো। এটি জোয়ারের সময় প্রায় ডুবে থাকে। যে কারণে সৎকার করতে বৌদ্ধ ধর্মালম্বীরা ছোট মহেশখালী ইউনিয়নের শ্মশানে যায়।

- **যোগাযোগ ও পরিবহনের মাধ্যম**

কক্সবাজার জেলা সদরসহ অন্যান্য উপজেলার সাথে মহেশখালী উপজেলার প্রধান যোগাযোগের মাধ্যম হলো সমুদ্র চ্যানেল ও সড়ক পথ (চকরিয়া হয়ে)। এ উপজেলার জনগণ সমুদ্র পথে ইঞ্জিন বোট (এক/ দেড় ঘন্টা) ও স্পীড বোট (২০ মিনিট) এবং সড়ক পথে চকোরিয়া উপজেলা হয়ে অটো রিক্সা, জীপ, ট্যাক্সি, মিনি বাস প্রভৃতি পরিবহনে যাতায়াত করে থাকে। এছাড়াও উপজেলার বিভিন্ন ইউনিয়নের মধ্যে এবং ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড ও গ্রামের মধ্যে চলাচল করার জন্য পাকা রাস্তায় সাধারণত: ট্যাক্সি, রিক্সা ও অটো রিক্সায়, নদী পথে ছোট নৌকায় এবং কাঁচা রাস্তায় রিক্সা বা পায়ে হেটেই যাতায়াত করে থাকে।

মহেশখালী উপজেলা সদর ও পৌরসভার ভিতরের যোগাযোগ ব্যবস্থা ভাল। অধিকাংশ রাস্তা পাকা অথবা ইট বিছানো। ভিতরে যাতায়াতের জন্য ট্যাক্সি, রিক্সা ও টমটম ব্যবহার করতে হয়। মহেশখালী থেকে সড়ক পথে জেলা শহরে যাওয়ার জন্য একটি পাকা সড়ক ইউনিয়নগুলোর মাঝখান দিয়ে চলে গেছে। সেই কারণে মহেশখালী পৌরসভা থেকে দুইটি পথ দিয়ে জেলা শহরে যাওয়ার সুযোগ রয়েছে। একটি পথ হলো পৌরসভার ৪নং ওয়ার্ডের বড় রাখাইন পাড়ার ষ্টেশন হতে জীপ/ সিএন জি দিয়ে শাপলাপুর - বদরখালী সড়ক পথে যার দুরত্ব ৩৩ কি:মি:। তবে এই পথে রাতের বেলা ডাকাতি হয় বলে জনসাধারণ পারতপক্ষে এই রাস্তায় রাতে যাতায়াত করেনা। আর অন্য পথটি হলো পৌরসভা ৪নং ওয়ার্ডের রাখাইন পাড়া ষ্টেশন হতে বড়মহেশখালী-হোয়নক-কালারমারছড়া হয়ে জীপ/ সিএনজি যোগে বদরখালী দিয়ে যার দুরত্ব ৩৫ কি:মি। এ ছাড়াও পৌরসভার জেটি ঘাট থেকে স্পীড বোট ২০ থেকে ২৫ মিনিট বা কাঠের ইঞ্জিন চালিত বোটে ১ ঘন্টায় জেলা শহরে যাওয়া যায়। নৌ পথে ইঞ্জিন বোট বা স্পীড বোটে সূর্য উদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত যোগাযোগ থাকে। মহেশখালী পৌরসভা হওয়ার পর বর্তমানে অনেক রাস্তা প্রশস্ত করা হয়েছে। পৌরসভার মধ্যে প্রতিটি ওয়ার্ডে পাকা রাস্তা থাকায় বর্ষা মৌসুমে এলাকার জনগণের যাতায়তে তেমন বড় কোন সমস্যা হয়না।

উপজেলা থেকে বিভিন্ন ইউনিয়নে যাওয়ার জন্য পাকা রাস্তা আছে। তবে বিভিন্ন ইউনিয়নের সব ওয়ার্ডে পাকা রাস্তা না থাকায় বর্ষা মৌসুমে এসব এলাকার জনগণের চলাচল অনেক ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। বিভিন্ন ইউনিয়ন থেকে কক্সবাজার জেলা সদরে যেতে কোন কোন ইউনিয়ন থেকে টেক্সি, অটো রিক্সা বা রিক্সায় এবং কোন কোন ইউনিয়ন থেকে ইঞ্জিন বোট, ছোট বোট/ নৌকায় মহেশখালী পৌরসভার জেটি ঘাট পর্যন্ত এসে স্পীড বোট/ ইঞ্জিন বোটে জেলা শহরে যেতে হয়।

আবার জেলা শহর থেকে পর্যটন মৌসুমে পর্যটক ও হিন্দুদের শিব চর্তুদশীর চৈত্র সংক্রান্তির মেলায় তীর্থ যাত্রীদের সুবিধার্থে ছোট মহেশখালী ইউনিয়নের ৯নং ওয়ার্ডে অবস্থিত ঠাকুর তলার আদিনাথ মন্দিরে জেটি থেকে স্পীড বোট ও কাঠের ইঞ্জিন বোট প্রতিনিয়ত সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত চলাচল করে।

- **বন ও বনায়ন**

মহেশখালী উপজেলায় বনায়নের পরিমাণ প্রায় ৭৩০৫১ হেক্টর (প্রায় ১৮০৪৩৫একর), এর মধ্যে প্যারাবন প্রায় ১৫০০০ একর। প্রয়োজনের তুলনায় বনায়ন বহুলাংশে কমে গেছে। ১৫-২০ বছর আগেও পাহাড়ী এলাকা বিভিন্ন ধরণের বনজ গাছে সবুজ ছিল। কোন কোন জায়গায় মাটিতে আলোও পড়ত না। এখন সেখানে আর প্রাকৃতিক বন নেই। মাঝে মাঝে বন বিভাগের সৃষ্ট কিছু ৫-১০ বছরের বনায়ন চোখে পড়ে যা আগের প্রাকৃতিক বনের ১৫% এরও কম। সাইরার ডেইল থেকে উজানটিয়ার মূখ পযন্ত, বদরখালী থেকে ঠাকুরতলা হয়ে ঘটিভাঙ্গা পর্যন্ত এবং উজানটিয়া থেকে পূর্ব দিকে ও রাজঘাট থেকে রাঙ্গা খালী পর্যন্ত দীর্ঘ প্যারাবন ছিল। প্রায় ৩২ কি:মি: প্যারাবনের এখন তিনটি স্থানে মাত্র ৪ কি:মি: টিকে আছে। এছাড়া ধলঘাটা থেকে বদরখালী খালের মূখ পর্যন্ত নিবিড় প্যারাবন গত পনের বছরে মাছ ধরা, মহিষ চড়ানো, চিংড়ি ঘের তৈরী, লবণ চাষ প্রভৃতি কারণে প্রায় ৮০% এর বেশী নষ্ট হয়ে গেছে। রাস্তায় বনায়ন নেই বললেই চলে। কৃষি বনায়ন একেবারেই চোখে পড়ে না, বসত বাড়ি বা তার আশে পাশে কিছু নারকেল, আম, কাঠাল গাছ চোখে পড়ে। তবে বিগত ৫-৭ বছরে এলাকার লোকজনের মধ্যে গাছ লাগানোর প্রবণতা বৃদ্ধি পেয়েছে। বাড়ির পাশে বা পুকুর পাড়ে ও পথের ধারে ওরা বাঁশ, ইউক্লিপটাশ, রেইনট্রি, মেহগনি, আম, কাঁঠাল, নারকেল ইত্যাদি লাগাতে শুরু করেছে। স্থানীয় সরকার ও বিভিন্ন এনজিও বা ব্যক্তিগত উদ্যোগে কোন বনায়ন নাই।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

- **বৃষ্টিপাতের ধারা**

১৯৯১ সালের পূর্বে উপজেলার বৃষ্টিপাতের ধারা মোটামুটি নিয়মতান্ত্রিক ছিল। ১৯৯৪ সালের পর থেকে বৃষ্টিপাতের ধারার পরিবর্তন লক্ষ্য করা গেছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মাঘ মাস থেকে বৈশাখ মাসের আগে তেমন বৃষ্টিপাত হয় না। জৈষ্ঠ্য-আষাঢ় মাসে হঠাৎ করে ভারি বৃষ্টি হয়। প্রায়ই বন্যার আকার ধারণ করে। আবার আশ্বিন কার্তিক মাসেও একই অবস্থার সৃষ্টি হয়। গত ১০/ ১২ বছরে বৃষ্টিপাতের ধারার এ পরিবর্তনে ফসলের ক্ষতি হচ্ছে। ধান ও লবণের উৎপাদন ব্যহত হচ্ছে। পাশাপাশি উৎপাদন ব্যয় বৃদ্ধি পাচ্ছে।

- **তাপমাত্রা**

উপজেলায় তাপমাত্রা সাধারণত: পৌষ-মাঘ (জানুয়ারী) ১৫-২৬ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা থাকে। চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ (এপ্রিল, মে) ২৬ - ৩১ ডিগ্রী সেলসিয়াস। মুলতঃ চৈত্র-বৈশাখ, জ্যৈষ্ঠ এই তিন মাস এলাকায় খুব গরম অনুভূত হয় এবং প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা থাকে। সাধারণত: এই সময়টায় পানি শূণ্যতার কারণে পানিবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দেয় এবং কর্মক্ষমতা হ্রাস পায়। তাপমাত্রার তারতম্যে জীবনযাত্রা এবং পরিবেশে বিরূপ প্রভাব পড়ে। প্যারাবন ও বনায়ন অবৈধভাবে ধ্বংস হওয়া এবং তা নিয়ন্ত্রণের অভাবে ভবিষ্যতে মারাত্মক পরিণতি বয়ে আনতে পারে।

- **ভূ-গর্ভস্থ পানির স্তর**

১৫-২০ বছর আগেও ভূগর্ভস্থ পানির স্তর অনেক উপরে ছিল। ১৯৯১ সালের পরে মহেশখালী উপজেলার অনেক ইউনিয়নে বিশেষ ভাবে ধলঘাটা, মাতার বাড়ির পানির স্তর পাওয়া অনেকটা সহজ হয়েছে। বর্তমানে ৬০ থেকে ১২০ ফিটের মধ্যে খাবার উপযোগী পানি পাওয়া যায়। পাহাড়ী এলাকায় প্রায় ৩৫০ থেকে ৪০০ ফুট পর্যন্ত নিচে যেতে হয়। তবে বসতি এলাকায় চিংড়ি চাষের জন্য লবণ পানি জমিয়ে রাখায় বেশ কিছু

এলাকায় পানিতে লবণাক্ততা গত ১০ বছর আগের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। আগামীতে এসব নিয়ন্ত্রণ করা না হলে আরো লবণাক্ততা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

১.৪.৪ অন্যান্য

- **ভূমি ও ভূমির ব্যবহার**

মহেশখালী উপজেলায় ভুমি/ জমির পমিাণ প্রায় ৮৫৭৩৬ একর। এর মধ্যে আবাদী (ফসল চাষ, মাছ চাষের জলাশয়, লবন, চাষ, চিংড়ী চাষ, পান চাষ, পাহাড়ী এলাকায় গাছপালা) ভূমির পরিমাণ ৭৮৪০৮ একর। পান চাষের জন্য পমিাণ ২২৬৬৪ একর, লবণ চাষ ১৯৪৭১ একর ও চিংড়ী চাষের জন্য ১৮৪৮৭ একর ব্যবহৃত হয়ে থাকে। আবাদী মোট ৮২% দুই ফসলী, ১৮% এক ফসলী।
অনাবাদী জমির পরিমাণ প্রায় ৭৩২৮ একর। বন্যা কবলিত হয় প্রায় ২৫০০ একর জমি । নিম্নে ইউনিয়নভিত্তিক জমির পরিমাণ তুলে ধরা হলো:

ভূমির ধরণ	ভূমির পরিমাণ (একর)									
	বড় মহেশখালী	ছোট মহেশখালী	ধলঘাটা	হোয়ানক	কালামারছড়া	কুতুবজুম	মাতারবাড়ি	শাপলাপুর	পৌরসভা	মোট
আবাদি	৭৩২৬	৯০০০	১৯৮৬	৮৬০০	২৪২১৩	৭৪৫৩	৬৫০০	১২০৮৭	১২৪৩	৭৮৪০৮
অনাবাদি	২০০	৬৫০	৯০০	৫৯৮	১১৮৮	৬৯৭	২০০০	৪৫০	৬৪৫	৭৩২৮
মোট ভূমির পরিমাণ	৭৫২৬	৯৬৫০	২৮৮৬	৯১৯৮	২৫৪০১	৮১৫০	৮৫০০	১২৫৩৭	১৮৮৮	৮৫৭৩৬

- **কৃষি ও খাদ্য**

কৃষি নির্ভর মহেশখালী উপজেলার জনগণের প্রধান পেশা কৃষি। জমিতে মৌসুমে সাধারণত: দুই ফসলী ধান চাষ হয় এবং শীত মৌসুমে বাড়ির আশ পাশ ও আঙ্গিনায় কিছুটা সবজি চাষ দেখা যায়। ধান চাহিদা পুরণে সক্ষম হলেও সব্জি স্থানীয় চাহিদার তুলনায় খুবই কম। কৃষকরা মৌসুমে ২ ফসলী ধানের চাষ করলেও ৫২% লোক বছরের একটা সময় লবণ বা চিংড়ি চাষ করে থাকে। উপজেলার ৩৮০৪৯.৬২ জমিতে লবণ বা চিংড়ি চাষ শুরু হয়েছে। কুতুবজুম, মাতারবাড়ি, ধলঘাটা, ছোট মহেশখালী, শাপলাপুরসহ অন্যান্য ইউনিয়ন নদী ও সাগর তীরবর্তী হওয়ায় এলাকার জনগণ সাগর ও নদী থেকে মাছ ধরার কাজ করে থাকে। দরিদ্র এ মৎস্য জীবিদের নিজেদের নৌকা ও জাল না থাকায় তারা অন্যের নৌকায় দিনমজুরী বা মৌসুমভিত্তিক চুক্তিতে মাছ ধরে। জেলেদের পরিবারের নারী ও শিশুরা গৃহস্থালী কাজ ও পড়াশুনার ফাঁকে শুটকী তৈরীর কাজ করে। উপজেলায় এখনো আধুনিক চাষাবাদের ছোঁয়া না লাগায় ধান চাষের জন্য এখনো হালের বলদ, খালের পানি, বৃষ্টি প্রভৃতির উপর নির্ভরশীল।

প্রধান প্রধান ফসল ও শাক সব্জী:
ধান, পান, সুপারি, টমেটো, আলু, বেগুন, মুলা, ফুলকপি, বাঁধাকপি, শিম, মরিচ, পান, লালশাক, লঞ্চ, কলমি, মটরশুটি, কচু, হলুদ, তিতকরলা, কাঁকরল, আদা, ফেলন, মিষ্টিকুমড়া, লাউ, রাইশাক, ঢেঁড়শ, পালংশাক, শসা, চিচিংগা প্রভৃতি।

ফল:

আম, জাম, কাঁঠাল, বাতাবিলেবু, কমলা, জলপাই, কামরাঙ্গা, কলা, কুল, নারিকেল, খেজুর, সুপারী, আমলকি, বেল, গোলাপজাম, পেয়ারা, আনারস, টাম, পেঁপে ইত্যাদি ।

- **নদী**

মহেশখালী উপজেলার মধ্য বা পাশ দিয়ে ৩টি নদী ও ১টি চ্যানেল বয়ে গেছে । বর্ষা মৌসুমে এসব নদীতে পাহাড়ী ঢল ও সমুদ্রের জোয়ারের পানিতে নদী ভাঙ্গনসহ বন্যার সৃষ্টি হয় । নিম্নে নদীরগুলোর অবস্থান ও বর্ণনা তুলে ধরা হলো:

বাঁকখালী নদী:

বাঁকখালী নদী মহেশখালীর উপজেলার দক্ষিণ পূর্ব প্রান্ত দিয়ে শুরু হয়ে উত্তর পশ্চিম দিক প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরের কুতুবদিয়া চ্যানেলে মিশেছে। উজানটিয়া নামক স্থানে একই সময়ে জোয়ার ও ভাটা লেগে থাকায় অনেকের কাছে এক বিস্ময়ের ব্যাপার বলে মনে হয়। এই নদীর 'বাটা' মাছ খুবই স্বাদের। তাছাড়া লইট্যা, চিংড়ী, কোরাল, পাঙ্গাশ, খোরল, ইলিশ উল্লেখযোগ্য। কক্সবাজার থেকে গোরকঘাটা, ছোট মহেশখালী, শাপলাপুর, মাতারবাড়ী এ নদীপথের যাতায়াতের একমাত্র পথও বটে। প্রতিনিয়ত এ পথে কক্সবাজার থেকে কুতুবদিয়া, কুতুবদিয়া থেকে কক্সবাজার করে বড় বড় যাত্রীবাহি ও পণ্যবাহী নৌকা চলে। একই সময় এ পথে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা স্টীমার দিয়ে যাতায়াত করা হতো। বর্তমানে নদী ভরাট হওয়ায় যাতায়াত বন্ধ আছে।

বহদার নদী:

মহেশখালী চ্যানেল থেকে এই নদীর উৎপত্তি । আনুমানিক ১০ কি:মি: এই নদীটি ৭নং ওয়ার্ডে হামিদিয়া হয়ে ১নং ওয়ার্ডের সিলেটিয়া পুল খালে যেয়ে মিশেছে । মুলত: লবণ চাষ, মৎস্য ও চংড়ী চাষের সময় এই নদীর পানি ব্যবহার করা হয় । তবে খাল ভরাট হয়ে যাওয়ার কারণে বর্ষা মৌসুমে খালের পানির প্রবল স্রোতে প্লাবিত হয়ে যায় অনেক ঘর বাড়ী, ফসলি জমি, চিংড়ী ঘের । আর্থিকভাবে কৃষকরা চরম ক্ষতিগ্রস্ত হয় । এই নদী দিয়ে প্রবাহিত লবণ পানির কারণে পার্শ্ববর্তী গ্রামগুলোর লবণাক্ততা বৃদ্ধি পাচ্ছে ।

কুহেলীয়া নদী:

কুহেলীয়া নদীর আংশিক বড় মহেশখালীর পূর্বে পাহাড়ের শেষ সীমানা পর্যন্ত গেছে । কুহেলীয়া নদী ধলঘাটার উত্তর সীমানা অর্থাৎ টিয়াকাটি হতে ১নং ও ২নং ও ৫নং ওয়ার্ডের কিছু অংশ এবং ৮ ও ৯ নং ওয়ার্ডের পন্ডিতের ডেইলের নতুন ঘোনায় এসে বিভিন্ন খালে প্রবাহিত হয়েছে ।

কুহেলীয়া নদী আনুমানিক ৮ কি: মি: ১নং ওয়ার্ডের দরদরিয়া খাল থেকে সাথীর বাপের ঘেনার পশ্চিম পাশ দিয়ে ৯নং ওয়ার্ডের কালাগাজীর পাড়া ঘোনার সাথে মিশে হোয়ানক ইউনিয়নে দিকে চলে ঘেছে । বর্ষা মৌসুমে অতি বৃষ্টির কারণে পাহাড়ী ঢল হলে ঘর বাড়ী, লবণ মাঠ, পানের বরজ ও ফসলের ব্যাপক ক্ষতি করে ।

মহেশখালী চ্যানেল:

বঙ্গোপসাগরের থেকে প্রবাহিত মহেশখালী চ্যানেলের অংশ ছোট মহেশখালী ইউনিয়নের পাশ দিয়ে বয়ে গেছে । মহেশখালী চ্যানেলটি আনুমানিক ১০ কি:মি: ছোট মহেশখালী ইউনিয়নের ৯নং ওয়ার্ডের রাখাইন পাড়া

হয়ে ৬নং ওয়ার্ডের মুদিরছড়ার পাশ দিয়ে ৯ ও ৪ নং ওয়ার্ডের রশিদ মিয়ার খামার বাড়ী হয়ে শাপলাপুরের সীমানা দিয়ে চলে গেছে প্রতি বছর বর্ষা মৌসুমে জোয়ারের পানি প্রবাহিত হয়ে চ্যানেলের পাশের কৃষি জমি ও ঘর বাড়ির ব্যাপক ক্ষতি সাধন করে ।

- **পুকুর**

মহেশখালী উপজেলায় ছোট বড় মিলে মোট ৮০৬টি পুকুর রয়েছে। বড় পুকুর প্রায় ২০০টি ও ছোট পুকুর ৬০৬টি। এসব পুকুরের মধ্যে ব্যবহার উপযোগী রয়েছে প্রায় ৭৪৫টি। অধিকাংশ পুকুরে প্রায় সারা বছর পানি থাকে। তবে বর্ষা মৌসুমে পানির পরিমাণ বৃদ্ধি পায়। দৈনন্দিন কাজ, মাছ চাষ, শাক-সব্জীর ক্ষেতে পানি দেয়া প্রভৃতি কাজে এসব পুকুরের পানি ব্যবহৃত হয়ে থাকে। এসব পুকুরে সাধারণত: রুই, কাতলা, তেলাপিয়া ও বিভিন্ন কার্প জাতীয় মাছের চাষ বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি ছোট মাছের উৎপাদন হচ্ছে। মাছ চাষের ফলে এলাকার জনগণের আর্থিক স্বচ্ছলতার পাশাপাশি পুষ্টি চাহিদাও পূরণ হচ্ছে। পুকুরে মাছ চাষ করে মৎস চাষীরা দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছে। নিম্নে ইউনিয়নভিত্তিক পুকুরের তথ্য তুলে ধরা হলো:

ইউনিয়নভিত্তিক পুকুরের সংখ্যা									
বড় মহেশখালী	ছোট মহেশখালী	ধলঘাটা	হোয়ানক	কালামারছড়া	কুতুবজুম	মাতারবাড়ি	শাপলাপুর	পৌরসভা	মোট
১১৭	১৫০	২৫০	৫০	২৯	২৫	১২৮	৩৩	২৪	৮০৬

- **খাল**

মহেশখালী উপজেলার মধ্য বা পাশ দিয়ে ৩৯টি খাল প্রবাহিত হয়েছে। এ খালগুলোর মোট দৈর্ঘ্য ১১১কি:মি। মুলত; ধানসহ বিভিন্ন সব্জী, লবণ ও চিংড়ী চাষে এইসব খালের পানি ব্যবহার হয়ে থাকে। বিভিন্ন খাল হতে নানা ধরণের মাছ আহরণ করে জেলেরা জীবন জীবিকার পাশাপাশি জাতীয় অর্থনীতিতে ভূমিকা রাখছে। মাছের চাহিদা ও পুষ্টি পূরণেও অবদান রাখছে। তবে খালগুলোর বিভিন্ন স্থানে চিংড়ী ঘের ও লবণ মাঠের জন্য কৃত্রিম বাধ দেয়ায় বর্ষা মৌসুমে এই সব খালের পানি প্লাবিত হয়ে বিভিন্ন ইউনিয়নের নীচু এলাকা ডুবে যায়। প্রতি বছর বর্ষা মৌসুমে অতিবৃষ্টি, পাহাড়ী ঢল ও নদীর পানি বিভিন্ন খালের মধ্যে প্রবাহিত হওয়ায় পার্শ্ববর্তী গ্রামগুলো প্লাবিত হয়ে ঘর বাড়ী, লবণ মাঠ, পানের বরজ ও ফসলের ব্যাপক ক্ষতি হয়ে থাকে। ইউনিয়নভিত্তিক খালসমূহেরর তথ্য নিম্নে তুলে ধরা হলো:

ইউনিয়ন	খালের নাম ও দৈর্ঘ্য	কাজ করে কিনা
বড় মহেশখালী	ইছামতি খাল- ৪কি:মি: ও নাপিতের খাল- ৩কি:মি:।	সবগুলো কাজ করে
ছোট মহেশখালী	বরুনা ঘাট খাল- ২.৫কি:মি:, রাইছাড় খাল- ১কি:মি:, তেলী পাড়া খাল- ৫কি:মি, পুটির ছড়া খাল- ২কি:মি:, কুচি মারা খাল- ১কি:মি:, মুদিরছড়া খাল- ৩কি:মি:, ছেংছড়ি খাল- ১.৫কি:মি:, আছড় তলী খাল- ২কি:মি:, বাইরগাছড়ি খাল- ৩কি:মি:, গরম ছড়ি খাল- ৪কি:মি:।	সবগুলো কাজ করে
ধলঘাটা	লম্বা খাল- ৩কি:মি:, নীল ঘোনার খাল- ৩কি:মি:, পানির ছড়া খাল- ৩কি:মি:, বড়তনীমার খাল- ৫কি:মি:, বিএনপি খাল- ৩কি:মি:, উলাখালী খাল- ৪ক:মি:, বাটামনি খাল- ৪কি:মি:, বিশ্ব খাল- ৫কি:মি:।	সবগুলো কাজ করে
হোয়ানক	জামেরী খাল- ২.৫কি:মি: ও ভাংগার খাল- ৩.৫কি:মি:।	সবগুলো কাজ করে
মাতারবাড়ি	রাঙ্গাখালী খাল- ৭কি:মি: ও টিয়াকাটি খাল- ৫কি:মি:।	সবগুলো কাজ করে

ইউনিয়ন	খালের নাম ও দৈর্ঘ্য	কাজ করে কিনা
কালামারছড়া	দারাদিয়া খাল- ১.৫কি:মি:, হারকিলা খাল- ১কি:মি:, ঝাপুয়া খাল- ১.৫কি:মি ও নুনাছড়ি খাল- ৪কি:মি: ।	সবগুলো কাজ করে
কুতুবজুম	সিলেটিয়া খাল- ৫কি:মি:, বড় দিয়া খাল- ৫কি:মি:, ছিরার মুখ খাল- ১কি:মি, বহ্দ্দার খাল- ১কি:মি:, কতৈরিয়া খাল- ১কি:মি:, পানকৌড়ি খাল- ১কি:মি:, জব্বরিয়া খাল- ১কি:মি:, সোনাদিয়া পূর্ব খাল- ১কি:মি:, সোনাদিয়া পশ্চিম খাল-১কি:মি:, তাজিয়াকাটা খাল- ৫কি:মি: ।	সবগুলো কাজ করে
মহেশখালী পৌরসভা	বরুনা ঘাট খাল- ২কি:মি: ।	কাজ করে

- **বিল**

  নাই ।

- **হাওড়**

  নাই ।

- **লবণাক্ততা**

মহেশখালী উপজেলা বঙ্গোপসাগরের তীরবর্তী উপকূলীয় এলাকা হওয়ায় লবণাক্ততা পরিমাণের মাত্রা বেশী । এছাড়া লবণ ও চিংড়ী চাষকে ব্যবসা হিসেবে গ্রহণ করায় জনবসতি এলাকাগুলোতে ব্যাপক হারে লবণ ও চিংড়ী চাষ করার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এর ফলে এখানে জমি ও পানিতে লবণাক্ততার মাত্রা বেড়েই চলেছে ।

লবণাক্তার ফলে জমির উর্বরা শক্তি ক্রমান্বয়ে কমে যাচ্ছে। ফসলী জমি নষ্ট হয়ে উৎপাদনের মাত্রা কমে যাচ্ছে। গাছ পালায় লবণাক্ত পানি প্রবেশ করে ফলজ, বনজ ও ঔষধী গাছ ধ্বংস হয়ে যাচ্ছে। নদী, পুকুর ও খালের পানিতে লবণাক্ততার পরিমাণ বেড়ে যাওয়ায় মিঠা পানির (দেশী) মাছের উৎপাদন একেবারেই কমে গেছে। লবণাক্ততার জন্য খাবার পানির সংকট দেখা দিয়েছে। পাশাপাশি চর্ম রোগসহ বিভিন্ন রোগ বৃদ্ধি পাচ্ছে। ভবিষ্যতে এ অবস্থা অব্যহত থাকলে লবণাক্ততা বেড়ে গিয়ে মানব জীবন, প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য ও জীব বৈচিত্র্য হুমকির সম্মূখীন হতে পারে ।

- **আর্সেনিক দুষণ**

এই এলাকায় পানিতে আর্সেনিক নেই বললেই চলে। তবে পানিতে আয়রণের পরিমাণ বেশী ।

২০০০ সালে স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এনজিও সমন্বয়ে উপজেলায় আর্সেনিক সনাক্তিকরণ কার্যক্রম বাস্তবায়িত হয়। বিগত ১০ বছরের মধ্যে আর্সেনিক সনাক্তিকরণের ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট দপ্তর ও অন্যান্য সংস্থা উদ্যোগ গ্রহণ করেনি। ফলে বর্তমানে আর্সেনিক সমস্যা আছে কিনা স্থানীয় সরকার ও উপজেলা প্রশাসনের জানা নাই ।

- **জীব বৈচিত্র**

বন্য প্রাণীঃ

বন্য প্রাণীর মধ্যে খাটাস, হাতী, বানর, বেজী, গন্ধ গকুল, ভোদর, সজারু, শুকর, শিয়াল, বনমোরগ ইত্যাদি ২০/২৫ বছর আগের তুলনায়অনেক কমে গেছে। এসব বন্য প্রাণী এখন বিলুপ্ত প্রায় । তাছাড়া কচ্ছপ, বিভিন্ন

সরিসৃপ যেমন- গুইশাপ, দাড়াশ সাপ, বন রুই, গিরগিটি, অজগর এবং বুনো হাঁস, বাঁশ ঘূ ঘূ এখন বিলুপ্ত প্রায়। এখনো গ্রামের পাশে বা ঝোপ ঝড়ে কিছু ডাহুক, কাক, শালিখ এবং নদীর পাড়ে মাছ রাঙ্গা, বক, গাংচিল, কাঁদা খোঁচা ইত্যাদি পাখি আছে যা ১৫-২০ বছর আগের তুলনায় অনেক কমে গেছে। ১৯৯১ সালের প্রলংকারী ঘূর্ণিঝড় এবং প্যারাবন নষ্ট করা, নির্বিচারে শিকার প্রভৃতি কারণে এসব বন্য পশু পাখি ও সরিসৃপ বিলুপ্ত হয়ে যাচ্ছে।

বিলুপ্ত প্রায় গাছপালাঃ

২০-২৫ বছর আগেও এ উপজেলার কাউ ফল, হরতকি, বহেরা, চন্ডুল, সেগুন, কাজু বাদাম, বিভিন্ন প্রজাতির বাঁশ, চরের/ ঝোপঝাড়ের কেয়া ও বিভিন্ন লতা গুল্ম দেখা যেত। বর্তমানে এখন আর এসব দেখতে পাওয়া যায় না।

অতিথি পাখিঃ

২০-২৫ বছর আগেও শীতকালে নদীর পাড় ও চর এলাকা, সমুদ্রের চর এবং বড় পুকুরের পাড়ে বিভিন্ন অতিথি পাখি আসত। বর্তমানে সেই হারে এসব পাখি আর আসেনা। এর কারণ হলো মানুষের বিরূপ আচরণ, বন উজার, জলাশয়ের পাশে মানুষের বসতি বৃদ্ধি পাওয়া প্রভৃতি।

মৎস্য সম্পদ (প্রাকৃতিক জলাভূমিতে) ঃ

উপজেলার প্রাকৃতিক জলাশয় বলতে বিভিন্ন খাল, নদী ও মহেশখালী চ্যানেল এবং দক্ষিণ-পশ্চিমে সমুদ্র। পুকুর, খাল, নদী ও সামুদ্রিক মৎস্যের মধ্যে ইলিশ, রূপচাঁদা, আইশ চাঁদা, সামুদ্রিক কই, মাইট্টা, গুইজ্জা, করাতি, ফাইস্যা, তেলি ফ্যাইস্যা, পোয়া, ছুরি, পাংগাস, লক্ষ্যা, চ্যাপা, লইট্টা, তাইল্যা, লাটা, টাক চাঁদা, কোরাল, লুইস্যা, গাইগার চিংড়ি, ধনচা, বাইস, বড়া মাছ, পইট্টা, সুরমা, টুইট্টা, ভাটা, কেচকি, দাড়া পুড়ি, কইর, দাতিনা, চ্যালা, গুইলশা, প্রভৃতি। তাছাড়া প্যারাবনের মধ্যে চিরিং, কাকড়া, চিংড়ি মাছ উল্লেখযোগ্য।

সাদু পানির মাছ ঃ

উপজেলার বিভিন্ন পুকুরে আগে কৈ, শিং, মাগুর, টাকী, বোয়াল, শোল, গজার ইত্যাদি থাকলেও এখন কৃত্রিম চাষ বৃদ্ধি পাওয়ায় রুই, কাতলা, তেলাপিয়া ও বিভিন্ন কার্প জাতীয় মাছের চাষ বৃদ্ধি পেয়েছে। ফলে প্রাকৃতিক ও দেশীয় মাছ পুকুরগুলোতে নেই বললেই চলে।

পশু পালন ঃ

২০-২৫ বছর আগে উপজেলার সীমিত কিছু পরিবারের গরু, ছাগল, ভেড়া, মহিষ ছিল। বর্তমানে প্রায় পরিবারেই ১ /২টি করে গরু বা ছাগল আছে। উপজেলার মোট গবাদি পশুর সংখ্যা কমে গেছে। প্যারাবন নিধণ ও চারণ ভূমির অভাবে একক মালিকানায় অনেক গবাদি পশু রাখা কমে গেছে। উপজেলার পশু সম্পদের বর্তমান অবস্থা নিম্নরূপ ঃ-

গরু প্রায় ৮০০০টি, ছাগল প্রায় ১৭৭৫২টি, ভেড়া ৩০০টি, মহিষ ৪০০০টি, হাস-মুরগী ৮০০০০টি। মানুষের আগ্রাসনের ফলশ্রুতিতে বর্ণিত পশুপাখি, মৎস প্রভৃতি পূর্বের তুলনায় আশংকাজনকভাবে কমে গেছে। অধিকাংশ প্রজাতি বিলুপ্ত হওয়ার আশংকা রয়েছে।

- **স্থানীয় সমাজ ও জনগোষ্ঠী সম্পর্কিত বিবরণ**

সামাজিক স্তর বিন্যাস ঃ

১। গরীব ভূমিহীন (যারা দিন আনে দিন খায়) প্রায় ৪২ %

২। নিম্ন মধ্য বিত্ত ঃ (যাদের খাওয়া পড়ার পর সামান্য সঞ্চয় থাকে) প্রায় ২০ %
৩। মধ্য বিত্ত ঃ (সংসার চালনার পর যাদের মোটামুটি কিছু সঞ্চয় থাকে) প্রায় ৩৫%
৪। ধনী ঃ (যাদের সংসার ভালোভাবে চলে ও বেশ কিছু সঞ্চয় থাকে) প্রায় ০৩ %

অর্থনৈতিক কর্মকান্ড ও পেশা ঃ

- চাকুরী করে প্রায় ৩% জন।
- ব্যবসা করে (ক্ষুদ্র ব্যবসায়ী) ৭% জন
- কৃষি কাজ করে (ধানসহ বিভিন্ন ফসল, পান, লবণ ও চিংড়ি) ৬০% পরিবার
- দিন মজুরি, ভ্যান রিক্সা চালক প্রায় ১৫% জন
- জেলে ১৩% জন,
- নাপিত/ শীল, ধোপা, রাজ মিস্ত্রি/কাঠ মিস্ত্রি ২% পরিবার

নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী ঃ

মহেশখালী পৌরসভায় বাঙ্গালী নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর মধ্যে মুসলিম, হিন্দু ও রাখাইন জনগোষ্ঠীর বসবাস। রাখাইন সম্প্রদায় বৌদ্ধ ধর্মাবলম্বী ও তদানিন্তন আরাকান রাজ্যের অধিবাসী। জাতি হিসেবে খ্রিঃ পূঃ ৩৩২৫ সালে তাদের অভ্যুদ্বয় ঘটে, বংশগত মর্যাদায় তারা শাক্যবংশীয় ও মংগোলয়েড় নরগোষ্ঠীর অন্তর্ভূক্ত। রাজনৈতিক কারণে আরাকান রাজ্যের বিলুপ্তি পর কিছু কিছু রাখাইন বাংলাদেশের পূর্ব-দক্ষিণ অঞ্চলে বসতি স্থাপন করে। উপজাতি হিসেবে রাখাইনরা নিজেদের অস্তিত্ব মেনে নিতে রাজি নয়। কারণ তারা পূর্বে স্বাধীন দেশের সভ্য জাতির অংশ বিশেষ ছিল। তাদের আলাদা ভাষা, সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টি ও দর্শন রয়েছে। বিভিন্ন উপজাতির মত তারা নির্দিষ্ট এলাকায় বাস করে না। বর্তমানে তাদের বিকাশধর্মী মননশীলতা জাতিগত অধিকার রক্ষণের প্রোজ্জ্বল স্বাক্ষর। পালি শব্দ 'রক্খ' হতে 'রক্ষাইন' অপভ্রংশে' 'রাক্ষাইন' বা 'রাখাইন' শব্দটি উৎপত্তি হয়। ১৪০৬ খৃষ্টাব্দ থেকে সাম্রাজ্যবাদী বর্মীরা রাখাইনদের সর্বভৌম আরাকান রাজ্যের উপর আক্রমণ চালায় এবং ১৭৮৪ খৃষ্টাব্দে বর্মী রাজা আলংপায়া, বর্মী সম্রাট ভোদপায়া ও কুখ্যাত সমরমন্ত্রী মাহাবেনদুহ্লা আরাকান রাজ্য দখল করে নেয় এবং অমানুষিক অত্যাচারের মাধ্যমে আরাকানীদের স্বাধীকার প্রতিষ্ঠাকে স্তব্ধ করে দেয়। ফলশ্রুতিতে কিছু আরাকানী রাখাইন বাংলাদেশে বসতি স্থাপন করে। রাখাইনদের ইতিহাস ও সংস্কৃতি বর্মীদের থেকে সম্পূর্ণ স্বতন্ত্র। পরিসংখ্যানে দেখা যায় গোটা বাংলাদেশের প্রায় ৩ লক্ষ রাখাইন বসবাস করে। রাখাইন সম্প্রদায় দক্ষিন-পূর্ব এশিয়া বিভিন্ন রাষ্ট্রে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে আছে। মায়ানমার রাষ্ট্রে আকিয়াব জেলায় এই রাখাইন সম্প্রদায়ের বসতি সবচেয়ে বেশী (প্রায় ৯৯%)। এছাড়া বাংলাদেশের কক্সবাজার, চট্টগ্রাম, পটুয়াখালী ও বরগুনা জেলায় রাখাইন অধিবাসী বসবাস করে। তন্মধ্যে কক্সবাজার সদর, খুরুশকুল, চৌফলদন্ডি, মহেশখালী, রামু, পানেরছড়া, হারবাং, চকরিয়া, কাহারিয়াঘোনা, বরবাকিয়া, মানিকপুর, বাজালিয়া, খারেংখালী, সাবরাং, হ্নীলা চৌধুরী পাড়া ও টেকনাফ থানায় প্রায় ৭০ হাজারের অধিক রাখাইন অধিবাসী রয়েছে। তেমনি মহেশখালী পৌরসভায় ৪নং ওয়ার্ডের বড় রাখাইনপাড়া,

দঃ রাখাইন পাড়া এলাকায় ৪০০-৪৫০ পরিবার বাস করে। আদিকাল থেকে রাখাইনদের বসন ছিল মেয়েদের থাবিন/ থামি, আনজি আর পুরুষের লূঙ্গি ও শার্ট । তারা মাচাং ঘরে বসবাস করে। পুরুষতান্ত্রিক সমাজ ব্যবস্থা হলেও মেয়েরা স্বাধীনভাবে চলা-ফেরা করে থাকে। তাদের প্রধান পেশা তাঁত বুনা, ক্ষুদ্র ব্যবসা, নাপ্পি ব্যবসা, মাছ ধরা, মাছ ব্যবসা যা বর্তমানে কালের পরিপ্রেক্ষিতে তা হারিয়ে যেতে বসেছে।

সামাজিক আচার অনুষ্ঠান ঃ

মুসলিমঃ

ঈদুল ফিতর, ঈদুল আযহা, ঈদে মিলাদুন্নবী, শব-ই-কদর, শব-ই-বরাত, আশুরা, শব-ই-মেরাজ, সুন্নতে-খৎনা, মেলা-পর্বন, বিয়ে, আকিকা, জানাজা প্রভৃতি।

(সুন্নতে-খতনা সকল মুসলিমদের অবশ্যই পালনীয় রীতি। এই রীতি পালনের বাঁধা ধরা কোন নিয়ম নেই। আঞ্চলিকতার কারণে এই রীতি পালনের ভিন্নতা পরিলক্ষিত হয়। কক্সবাজার জেলা তথা মহেশখালী পৌরসভায় সিআরএ করতে গিয়ে খৎনা উপলক্ষে ভিন্ন এক অনুষ্ঠান চোখে পড়ে। পরিবারের পক্ষ থেকে সমস্ত আত্মীয় স্বজনদের দাওয়াত দিয়ে খৎনাকৃত ছেলেটিকে বর সাজিয়ে মঞ্চে অথবা টেক্সী, রিক্সা সাজিয়ে দুইপাশে দাদা-দাদী, নানা-নানীকে বসিয়ে ঢাক- ঢোল বাজিয়ে গ্রামের চারপাশে ঘুরানো হয়। যা আমাদের কাছে ব্যতিক্রম ধর্মীয় অভিজ্ঞতা হিসাবে মনে হয়।)

বৌদ্ধ ঃ

চৈত্র সংক্রান্তি (সাংগ্রেন), বৌদ্ধ পূর্ণিমা, মধু পূর্ণিমা, মাঘী পূর্ণিমা, প্রবারণা পূর্ণিমা, কঠিন চীবর দান, বিয়ে, অন্তষ্টিক্রিয়া, শ্রাদ্ধ প্রভৃতি।

(চৈত্র সংক্রান্তি (সাংগ্রেন) ঃ কক্সবাজার জেলার ব্যতিক্রম ধর্মীয় এক অনুষ্ঠান। পূজা পার্বনের এই রকম এক অনুষ্ঠান সত্যি দূর্লভ। বড়ুয়া, রাখাইন, হিন্দু ও ব্যবসায়ী সবাই অনুষ্ঠানটি পালন করে থাকে। কিন্তু রাখাইন সম্প্রদায় অনুষ্ঠানটি ভিন্ন আমেজে পালন করে থাকে। একে অপরের মাঝে খাওয়া বিনিময়, অতঃপর মনোমুগ্ধকর পানি খেলা (সাংগ্রেন) করে থাকে। সুসজ্জিত প্যান্ডেলে কিশোরী মেয়েরা অবস্থান নেয়। বাইরে দাড়িয়ে থাকা রাখাইন যুবকরা দলবেধে মগ বা পানির পাত্র নিয়ে প্যান্ডেলে অবস্থানরত মেয়েদের পানি ছিটিয়ে দৃষ্টি আকর্ষণ করে। অতঃপর মেয়েরা তদ্রুপভাবে পানি ছিটিয়ে খেলা শুরু করে। এ খেলার মাধ্যমে রাখাইনরা মনে পুরোনো বছরের দুঃখ গ্লানি মুছে ফেলে সুখী সমৃদ্ধি কামনায় নতুন বছরকে স্বাগত জানায়। রাখাইনদের এ উৎসব সাধারণত বর্ষাকালে অনুষ্ঠিত হয় এবং তা তিন মাসব্যাপী স্থায়ী হয়। 'ওয়াছো' যা আষাঢ়ী পূর্ণিমা নামে (জুন-জুলাই মাসে) পূর্ণ চন্দ্রের দিন 'ওয়া' বা 'LENT' উৎসবের ফুংগি বা বৌদ্ধ ভিক্ষুদের পোষাক বা অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদী যোগার করে দেয়া বা দান করা হয়। ৩ মাসব্যাপী ফুংগিগণ (বৌদ্ধ ভিক্ষু) ধর্মীয় কাজ বা আধ্যাত্মিক আচরানাদী সমাধা করে থাকে। 'ওয়াছো' সময় রাখাইনদের বিবাহ বন্ধন নিষিদ্ধ। উক্ত ৩ মাসের মধ্যে ভিক্ষুদের নিজ ধর্মীয় প্রতিষ্ঠান বা ক্যায়াং থেকে অন্য কোন স্থানে রাত্রি যাপন করতে পারে না। তবে পিতা-মাতা বা গুরু স্থানীয় ব্যক্তি অথবা ক্যায়াং পরিচালক (দায়ক- দায়িকা) মৃত্যু বা কঠিন রোগে আক্রান্ত হলে ৩-৫ রাত অধিষ্ঠান করতে পারেন। রাখাইন সংস্কৃতি উৎসবের মধ্যে 'রাঠাপোয়ে' বা রথ উৎসব একটি অন্যতম উৎসব। এদেশের প্রায় লোকেই 'TUG OF WAR' খেলার সাথে কম বেশী পরিচিত। এই 'রাঠাপোয়ে' বা 'TUG OF WAR' রাখাইন জাতীয় খেলা। এ উৎসব বৌদ্ধদের পবিত্র দিন মাঘী পূর্ণিমা সময় উদযাপিত হয়ে থাকে।)

বিয়ে, অন্ত্যষ্টিক্রিয়া ও অন্যান্য আচার অনুষ্ঠান ঃ রাখাইনদের বিয়ের অনুষ্ঠান সামাজিকভাবে দুই পক্ষের সম্মতিক্রমে হয়ে থাকে। বিয়ের অনুষ্ঠান সম্পন্ন করা হয় কনেদের বাড়ীতে।

রাখাইনদের মৃত্যুর পর মৃতদেহকে প্রয়াতের অন্তিম ইচ্ছা বা আত্মীয়-স্বজেনদের ইচ্ছানুযায়ী কবর দিয়ে বা চিতায় পুড়িয়ে সৎকার করা হয়।

হিন্দু ঃ

শারদীয় উৎসব (দূর্গা পুজা), স্বরস্বতী পূজা, লক্ষী পূজা, মনসা পূজা, হরিরাম মহাযজ্ঞ, কার্তিক পূজা, গনেশ পূজা, জন্মাষ্টমী, শীব চতুর্দর্শী, একাদশী ব্রত, বিয়ে, শ্রাদ্ধ প্রভৃতি।

(ব্রতের ভাতঃ অত্র এলাকায় তথা চট্টগ্রামের দক্ষিণ অঞ্চলে হিন্দুদের অন্যতম ধর্মীয় পূজা। আর্শ্বিনে ২৯তম দিন ঘরের মেয়েরা উপবাস অবস্থায় নতুন মাটি অথবা এ্যালমুনিয়মের হাড়িতে পট কড়ি দিয়ে ব্রত ভাত রান্না করে। ৩০ আর্শ্বিন স্থানীয় মন্দিরে পুরোহিত ঘরে ঘরে ব্রতের ভাতের পূজো দিয়ে আসে অতঃপর কার্তিকে ১ তারিখ ব্রতের ভাত দিয়ে আপ্যায়ন করা হয়। উল্লেখ্য ঘরের নতুন ছেলের বউ এলে শাশুড়ী ব্রতের ভাতের হাড়িটি পুত্রবধুর হাতে তুলে দেয়। এর মাধ্যমে আগামী দিনের দায়িত্বভার ছেলের বউয়ের হাতে অর্পন করে।)

সামাজিক মূল্যবোধ ঃ

সকল ধর্ম নির্বিশেষে একে অপরের প্রতি সহানুভূতি ও সহযোগিতামূলক সম্পর্ক এলাকায় বিদ্যমান। সকল প্রকার সামাজিক ও পারিবারিক অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ পরিলক্ষিত হয়।

লিঙ্গ বৈষম্য ঃ

মহেশখালী উপজেলায় সকল ক্ষেত্রে নারীদের সহাবস্থান দেখা যায়। এতদসত্ত্বেও ধর্মীয় ও সামাজিক কুসংস্কারের জন্য নারীরা বিভিন্ন বৈষম্যের শিকার হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নে মেয়েদের লেখাপড়ার হার খুবই কম। সামান্য যা শিক্ষা লাভ করে থাকে, সেটাও আবার ধর্মীয় পুস্তক পাঠের মধ্যে সীমাবদ্ধ। ধর্মীয় প্রথা

ও রীতিনীতি অনুযায়ী মুসলিম নারীদের বোরকা পড়ে চলাচল করতে দেখা যায়। মুসলিম নারীদের সন্তান ধারণ, গরু-ছাগল, হাঁস- মুরগী পালন ও ক্ষেত-খামার পরিচর্যার মধ্যে সীমাবদ্ধ। অন্যান্য সম্প্রদায়ের নারীরা ঘর সংসারের কাজের পাশাপাশি মাঠে গিয়ে কৃষি কাজে সহযোগিতা করে। বর্তমানে সামাজিক কাজকর্মে ও চাকুরী করার ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ লক্ষণীয়।

প্রথাগত ও আইনগত অধিকার ঃ

সমাজ ব্যবস্থার কারণে পুরুষেরা সর্বময় ক্ষমতার অধিকারী। তারা দেশের প্রচলিত আইনের ভিত্তিতে জমি-জমার অধিকার মুসলিম আইন অনুযায়ী ও অন্যান্য সম্প্রদায় পারিবারিক ও জাতিগত প্রথা অনুযায়ী অধিকার পেয়ে থাকে। এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দের সমন্বয়ে বিচার ও সালিশ পরিচালিত হয়ে থাকে। বর্তমানে গ্রাম্য সালিশ ও বৈঠকে নারীদের অংশগ্রহণ লক্ষ্য করা যায়। ফলে নারীরা প্রথা ও আইনগত অধিকার সমভাবে না হলেও কম বেশী ভোগ করে থাকে।

রাজনৈতিক সংগঠন ঃ

- বাংলাদেশ আওয়ামী লীগ।
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল।
- জামায়াতে ইসলামী বাংলাদেশ।
- বাংলাদেশ জাতীয় পার্টি।
- লিবারেল ডেমোক্রেটিক পার্টি প্রভৃতি।

উপজেলার মানচিত্র

উৎস: বাংলাদেশ ওয়েব পোর্টাল



দ্বিতীয় অধ্যায়

দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

বছর	দুর্যোগের নাম	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/ উপাদানক্ষতিগ্রস্থ হয়
১৯৯১	ঘুর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাস	রাস্তা ও বেড়ী বাঁধ: ১৪৪ কি:মি:, গবাদি পশু: ৬৬৪৭৬টি, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ১৫২৯০একর , বিভিন্ন প্রতিষ্ঠান: ১৮০টি, বনভুমি: ৮৯২৮একর, ক্ষতিগ্রস্ত পরিবার: ৪৫১৫০টি ক্ষতিগ্রস্ত লোক: আহত- ৪৮৭১৫জন ও নিহত- ১১০৪৫জন	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, লবন, চিংড়ী ঘেড়, বিভিন্ন প্রতিষ্ঠান, বনভুমি, ক্ষতিগ্রস্ত পরিবার
১৯৯৭	ঘুর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাস	রাস্তা ও বেড়ী বাঁধ: ৩০কি:মি:, গবাদি পশু: ৮০৬০টি, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ৭৯৩০একর, বনভুমি: ৪৯৪একর, বিভিন্ন প্রতিষ্ঠান: ৯০টি, ক্ষতিগ্রস্ত পরিবার: ১৬৯৮৬টি ক্ষতিগ্রস্ত লোক: আহত - ১০৮৪জন ও নিহত - ১৩১জন	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, লবণ, চিংড়ী ঘেড়, বিভিন্ন প্রতিষ্ঠান, ক্ষতিগ্রস্ত পরিবার, বনভুমি
১৯৯৭	ভূমিকম্প	বিভিন্ন প্রতিষ্ঠান: ২ টি, ক্ষতিগ্রস্ত পরিবার: ১২৪টি, ক্ষতিগ্রস্ত লোক: আহত- ১১৬ ও নিহত- ০	বিভিন্ন প্রতিষ্ঠান, ক্ষতিগ্রস্ত পরিবার
১৯৯৮	ঘুর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাস	রাস্তা ও বেড়ী বাঁধ: ৮কি:মি:, গবাদি পশু: ২৮৬০টি, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ৩৮০০একর, বনভুমি: ১০ একর, বিভিন্ন প্রতিষ্ঠান: ২৮টি, ক্ষতিগ্রস্ত পরিবার: ২১৪০টি, ক্ষতিগ্রস্ত লোক: আহত- ৪৩০জন নিহত- ৪০জন	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, লবণ, চিংড়ী ঘেড়, বিভিন্ন প্রতিষ্ঠান, ক্ষতিগ্রস্ত পরিবার, বনভুমি
২০০৭	ঘুর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাস (সিডর)	রাস্তা ও বেড়ী বাঁধ: ৫কি:মি:, গবাদি পশু: ১৫০০টি, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ২০০০একর, বনভুমি: ৩ একর, বিভিন্ন প্রতিষ্ঠান: ১৫টি, ক্ষতিগ্রস্ত পরিবার: ১৫৪০টি, ক্ষতিগ্রস্ত লোক: আহত- ৩২০জন নিহত- .. জন	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, লবণ, চিংড়ী ঘেড়, বিভিন্ন প্রতিষ্ঠান, ক্ষতিগ্রস্ত পরিবার, বনভুমি
২০০৭	অতিবৃষ্টি	রাস্তা ও বেড়ী বাঁধ: ৮কি:মি:, গবাদি পশু: ৩১৫০টি, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ৩৩০একর, বনভুমি: ৬১একর, বিভিন্ন প্রতিষ্ঠান:২০টি, ক্ষতিগ্রস্ত পরিবার: ৬৫০টি, ক্ষতিগ্রস্ত লোক: আহত - ৫১৭জন ও নিহত - ২৯জন	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, লবণ, চিংড়ী ঘেড়, বিভিন্ন প্রতিষ্ঠান, ক্ষতিগ্রস্ত পরিবার, বনভুমি
২০০৯	ঘুর্ণিঝড় (আইলা)	রাস্তা ও বেড়ী বাঁধ: ৫কি:মি:, গবাদি পশু: ১৫০০টি, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ২০০০একর, বনভুমি: ৩ একর, বিভিন্ন প্রতিষ্ঠান: ১৫টি, ক্ষতিগ্রস্ত পরিবার: ১৫৪০টি, ক্ষতিগ্রস্ত লোক: আহত- .. জন নিহত- .. জন	ফসলি জমি, ধান, লবণ, চিংড়ী ঘেড়,
২০১২	অতিবৃষ্টি ও পাহাড়ী ঢল	রাস্তা ও বেড়ী বাঁধ: ৭৪কি:মি:, ফসলিজমি, ধান, লবন ও চিংড়ী চাষ: ১৮৯০একর, বিভিন্ন প্রতিষ্ঠান: ৭টি, গবাদি পশু: ৪৩০টি, বনভুমি: ২৩একর, ক্ষতিগ্রস্ত	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ, গবাদি পশু, ফসলি জমি, ধান, লবণ, চিংড়ী ঘেড়,

বছর	দুর্যোগের নাম	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/ উপাদানক্ষতিগ্রস্থ হয়
		পরিবার: ১৫৫০টি, ক্ষতিগ্রস্ত লোক: আহত - ১৭৪০জন ও নিহত - ৪ জন	বিভিন্ন প্রতিষ্ঠান, ক্ষতিগ্রস্ত পরিবার

২.২ উপজেলার আপদসমুহ

ক্রমিক নং	আপদ সমূহ	ক্রমিক নং	অগ্রাধিকার
১.	সামুদ্রিক জলোচ্ছ্বাস	১.	সামুদ্রিক জলোচ্ছ্বাস
২.	নদী ভাঙ্গন	২.	পাহাড়ী ঢল
৩.	বন্যা	৩.	জোয়ারের প্লাবন
৪.	পাহাড়ী ঢল	৪.	বন্যা
৫.	জলাবদ্ধতা	৫.	নদী ভাঙ্গন
৬.	লবণাক্ততা	৬.	লবণাক্ততা
৭.	টর্ণেডো/ ঘূর্ণিঝড়	৭.	জলাবদ্ধতা
৮.	জোয়ারের প্লাবন	৮.	টর্ণেডো/ ঘূর্ণিঝড়
৯.	পাহাড় ধ্বস	৯.	পাহাড় ধ্বস
১০.	শৈত্য প্রবাহ	১০.	শৈত্য প্রবাহ
১১.	খরা	১১.	খরা
১২.	ভূমিকম্প	১২.	ভূমিকম্প

অতীতে ঘটে যাওয়া এবং এলাকার জনগণের অভিজ্ঞতার আলোকে আপদের চিত্র



২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বিস্তারিত বর্ণনা ঃ

বাংলাদেশের পূর্ব দক্ষিণের একটি সমুদ্র উপকুলবর্তী দ্বীপপুঞ্জ মহেশখালী। দ্বীপ বিধায় বিভিন্ন আপদের প্রভাব এখানে বেশি। বর্ষা মৌসুমে অকস্মাৎ বন্যা, নদী ভাঙ্গন, অতি বৃষ্টি, জোয়ারের প্লাবন মহেশখালীর নিত্য নৈমিত্তিক আপদ। এছাড়াও এ অঞ্চলের মানুষের কাছে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস সবচেয়ে বড় বিপদ/ আপদ। একই সঙ্গে উপজেলার লবণাক্ততা, বৃক্ষ নিধন, প্যারাবন ধ্বংস, পাহাড় ধ্বস/ কাটা, জেলেদের বোটে ডাকাতি, কারেন্ট জাল, ট্রলিং নেট জাল প্রভৃতির ফলে পরিবারের দৈন্যতা নিত্য দিনের। খরা, আর্সেনিক দূষণের মত আপদ এখন পর্যন্ত বড় আকারে দেখা দেয়নি।

সাইক্লোন/ জলোচ্ছ্বাসঃ

১৯৯১ সালের ঘূর্ণিঝড় এখনো স্থানীয় অধিবাসী স্মরণ করে তাদের স্বজন হারানো বেদনায়। ১৯৬০ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত যে ৪০টি ঘূর্ণিঝড় বাংলাদেশকে আঘাত হানে তার ৯০% এর বেশি ক্ষতিকর প্রভাব পড়ে মহেশখালী উপজেলার উপর। গত দশকে ১৯৯১ এর ২৯ এপ্রিল, ১৯৯৪ এর ২ মে, ১৯৯৫ সনের ১৫ মে, ১৯৯৭ সনের ১৯ মে ও ১৯৯৮ সনের ২০ মে ও ২০০৭ সনের ১৪ মে ও ১৫ নভেম্বর মহেশখালীর উপর দিয়ে ঘূর্ণিঝড় প্রবাহিত হয়। এতে অনেক পরিবার তাদের স্বজন হারিয়েছে, অনেকে হারিয়েছে বেঁচে থাকার সম্বল। বাজারের দোকান-পাট, ঘরবাড়ী বিধ্বস্ত হয় এবং ব্যাপক সম্পদের ক্ষয়ক্ষতি হয়। মহেশখালীতে ঘটে যাওয়া বিভিন্ন ঘূর্ণিঝড়ে ১৭৩ কিঃমিঃ এর বেশি বাতাসের গতিবেগ লক্ষ্য করা গেছে। সাইক্লোনের প্রচন্ড টানে বিরাট জলরাশি সমুদ্র উপকুল এবং মহেশখালী দ্বীপের নিম্নাঞ্চলের উপর দিয়ে অতিক্রম করে জনপদ ও জীবন ভাসিয়ে নিয়ে যায়। এ জলোচ্ছাস ৩ ফুট থেকে ২০-৩০ ফুট পর্যন্ত উচ্চতা হয়ে থাকে। ভবিষ্যতে ২০০-২২০ কিঃ মিঃ গতিতে ঘূর্ণিঝড় সংঘটিত হলে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে। সাইক্লোন ঘটার সম্ভাবনা দিন দিন বৃদ্ধি পাচ্ছে বলে এলাকার লোকজনের ধারণা।
আপদের ব্যাপকতা ও ক্ষতির মাত্রার ভিত্তিতে পূর্বে ঘটে যাওয়া ঘুর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছাসের চিত্র



জোয়ারের প্লাবনঃ

মহেশখালী পূর্ব, দক্ষিণ এবং পশ্চিম পাশের ইউনিয়নগুলো নদী ও সাগর তীরবর্তী চরাঞ্চল বিশেষভাবে সোনাদিয়া চর সমুদ্রের নিম্নচাপ, অমাবশ্যা ও পূর্ণিমায় এবং বর্ষার সময় ৪-৮ ফুট পানি উঠে। বছরে ২/১ বার করে এসব এলাকার ঘরবাড়ি ২-৪ ফুট পানিতে তলিয়ে যায়। মাতার বাড়ি ইউনিয়নের চারপাশ, ধলঘাটা

ইউনিয়নের উত্তর পাশ বাদে বাকী তিন পাশ, হোয়ানকের দক্ষিণ ও পশ্চিম পাশ, কুতুবজুমের প্রায় সম্পূর্ণ এলাকা, শাপলাপুরের পূর্ব পাশের চ্যানেলের তীরবর্তী এলাকা, ছোট মহেশখালীর দক্ষিণ, পূর্ব ও উত্তর পাশ এবং পৌরসভার দক্ষিণ পূর্ব পাশ বেশি আক্রান্ত হয়ে থাকে।

জলাবদ্ধতাঃ

মহেশখালী উপজেলার প্রায় সবগুলো ইউনিয়নের কম বেশী জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়ে থাকে। এর মধ্যে উপজেলার দক্ষিণ পূর্ব পাশ, ছোট মহেশখালীর তেলিপাড়া থেকে ঠাকুর তলা, শিপাহী পাড়ার উত্তর পাশ এবং মুদির ছড়া, কালারমার ছড়া ইউনিয়নের সবগুলো ওয়ার্ড, কুতুবজুম ইউনিয়নের দক্ষিণ পশ্চিম পাশ, ধলঘাটা ইউনিয়নের সম্পূর্ণ এলাকা, মাতার বাড়ির সম্পূর্ণ এলাকা উল্লেখযোগ্য। বিশেষ ভাবে উপজেলার যে সব এলাকায় চিংড়ি চাষ হয় সেখানে জলাবদ্ধতা বেশি।

বন্যাঃ

জৈষ্ঠ্য, ভাদ্র, আশ্বিন ও কার্তিক মাসে প্রতি বছরই মহেশখালী উপজেলার মাতারবাড়ি, শাপলাপুর ও ধলঘাটা ইউনিয়নের সমতল ভূমি বন্যার শিকার হয়ে থাকে। এতে ঐসব এলাকার ফসলের উৎপাদন ও স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়।

তাপদাহ ও খরা প্রবণতাঃ

১৫-২০ বছর আগের তুলনায় পুরো মহেশখালী দ্বীপের তাপমাত্রা অনেক বেড়ে গেছে। সাগর ও নদীর পাড়ে গাছ কমে যাওয়ায় এ তাপ আরো বেশি অনুভূত হচ্ছে। প্রতি বছর চৈত্র থেকে ভাদ্র মাস পর্যন্ত অসহ্য তাপ থাকে। এ তাপ মাত্রা ৩১° সেলসিয়াস থেকে প্রায় ৪১° সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পায়। নিয়ন্ত্রনহীনভাবে ব্যাপকহারে ঝাউ/ প্যারাবন ধ্বংস, পাহাড় কাটা, বৃক্ষ নিধন চলতে থাকলে ভবিষ্যতে তাপদাহ আরো বৃদ্ধি পেতে পারে।

দেশের অন্যান্য এলাকার মত এখানে খরা তেমন দেখা যায় না। তবে মাঘ - বৈশাখ মাস সেচের পানির অভাবে স্বল্প সময়ের জন্য সেচ ব্যবস্থা ব্যাহত হয়। খাল, বিল, নদী, নালার পানি শুকিয়ে যায়, পানির স্তর নীচে নেমে আসে। পানির অভাবে উৎপাদন কমে যায়। জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ে ও লোকজনের অসুখ-বিসুখ বেড়ে যায়। এ ধারা ভবিষ্যতে অব্যাহত থাকলে জনজীবন ও পরিবেশ মারাত্নক বিপর্যয়ের সম্মূখীন হতে পারে।

পাহাড় ধ্বসঃ

বর্ষা মৌসুমে অধিক বৃষ্টিপাত হলে এই উপজেলায় বিশেষ করে কালারমার ছড়া, হোয়ানক, শাপলাপুর, বড়মহেশখালী ও ছোট মহেশখালী ইউনিয়নে পাহাড় ধ্বসের ঘটনা ঘটে থাকে। পাহড়ের আশ পাশ ও উপরের গাছ অবাধে কেটে ফেলা, অবৈধভাবে পাহড়ের কোল ঘেষে বসতি স্থাপন কওে বসবাস করা পাহাড় ধ্বসের অন্যতম কারণ। অবাধে ব্যাপকহারে কাটা ও পাহাড়ের নীচে বসবাস করার প্রবণতা বৃদ্ধি পেলে আরো বড় আকারে পাহার ধ্বসের ঘটনা ঘটবে বলে এলাকাবাসীর ধারণা। ভবিষ্যতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা না হলে ভুমি ধ্বসের ঘটনা ক্রমান্বয়ে বাড়তে থাকবে।

পাহাড়ী ঢল ও নদী ভাঙ্গনঃ

মহেশখালী উপজেলায় কুহেলীয়া, বাকখালী ও বহদ্দার নদী এবং মহেশখালী চ্যানেল আছে বিধায় বর্ষা মৌসুমে শাপলাপুর, কালারমার ছড়া, হোয়ানক, ছোট মহেশখালী ও বড়মহেশখালী ইউনিয়নের বিভিন্ন পাহাড়ে অধিক বৃষ্টিপাত হলে নদীতে পাহাড়ী ঢলের সৃষ্টি হয়। সৃষ্ট ঢলের স্রোতে নদীর দুকূল ভাঙ্গনের কবলে পড়ে। ফলে নদী ও পাহাড়ের পাড়ের কৃষি জমি, রাস্তাঘাট, ঘরবাড়ীসহ বিভিন্ন স্থাপনা নানাবিধ ক্ষতির সম্মুখীন হয়।

বাঁধ নির্মাণ ও বৃক্ষ রোপণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে ভবিষ্যতে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

লবণাক্ততাঃ

মহেশখালী উপজেলা সমুদ্র উপকূলবর্তী হওয়ায় ধলঘাটা, মাতার বাড়ি, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও কালারমারছড়া ইউনিয়নে প্রতি বছর লবণাক্ততার ফলে প্রায় ৮৫০০ পরিবারের ঘরবাড়ী ও ফসল নষ্ট হয়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়ে থাকে। এছাড়াও অবৈধ ও নিয়ন্ত্রনহীনভাবে লবণ ও চিংড়ী চাষ করার ফলে বসতি এলকায় লবণাক্ততার পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ভবিষ্যতে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা না হলে উপজেলার জন জীবন হানী হবে এবং ফসলসহ বিভিন্ন সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার আশংকা রয়েছে।

টর্নেডো/ ঘূর্ণিঝড়ঃ

বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে কালভদ্রে টর্নেডো সংঘটিত হয়। তবে ব্যাপক টর্নেডো সংঘটনের কোন নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায়নি। দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা কালবৈশাখী/ টর্নেডো সহনীয় নয়। বিধায়, বড় আকারে টর্নেডো আঘাত হানলে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

ভূমিকম্পঃ

১৯৯৭ সালে বৃহত্তর চট্টগ্রামে ভূমিকম্প হয়। ১৯৯৯ সালের ২২ জুলাই মহেশখালীতে মাঝারী ভূ-কম্পন হয়। এতে সরকারী মতে ৭ জন মানুষ মারা গেছে, প্রায় ১০০ জন আহত ও অসংখ্য কাঁচা ঘরবাড়ি ভেঙ্গে গেছে। ২০০৫ সালের ২৪ ডিসেম্বর মহেশখালীতে ১ বার মৃদু ভূমিকম্প হয়েছে।

শৈত্য প্রবাহঃ

বিগত ১০-১২ বছর আগে নির্দিষ্ট সময়ে শীতের আবির্ভাব হত এবং নির্দিষ্ট সময় পার করে চলে যেত। বর্তমানে এ ক্ষেত্রে তারতম্য দেখা যায়। ঋতু অনুযায়ী পৌষ-মাঘ শীতকাল, কিন্তু বিগত ২০০১ সাল থেকে শৈত্যপ্রবাহের ব্যাপক পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। ২০০৬ সালের পর থেকে পর্যায়ক্রমে ১৫-২০ দিন হাড় কাপানো শৈত্য প্রবাহ মানুষের জীবনযাত্রাকে অচল করে দেয়। ঘন কুয়াশা ও প্রচন্ড শীতের কারণে শীতকালীন সবজী ও রবিশস্যের উৎপাদন হ্রাস পাচ্ছে।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

মহেশখালী উপজেলা একটি দ্বীপপুঞ্জ। এ দ্বীপের দক্ষিণ ও পশিমে বঙ্গোপসাগর ও কুতুবদিয়া প্রণালী/ চ্যানেল এবং উত্তর পূর্বে মহেশখালী প্রণালী/ চ্যানেল দ্বারা বেষ্টিত। সমুদ্রের কাছাকাছি অবস্থানের কারণে জান মালসহ আর্থ-সামাজিক ও পরিবেশগত বিদ্যমান অবস্থাতে দুর্যোগে ক্ষয় ক্ষতির আশংকা দেখা দেয় এবং তা কোন কোন পর্যায়ে মোকাবেলা করার ক্ষেত্রে অসমর্থ হয়ে থাকে। পাশাপাশি উপজেলায় প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ প্রভৃতির সমন্বয়ে সৃষ্ট সামগ্রীক অবস্থা, স্থানীয় জনগণ, বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের বিদ্যমান সম্পদ ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবেলা করে দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করার ক্ষমতাও রয়েছে। উপজেলায় কোন কোন আপদে কি কি বিপদাপন্নতা ও সক্ষমতা রয়েছে তা তুলে ধরা হলো :

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
নদী ভাঙ্গন	• কৃষি জমি, ঘর-বাড়ি, রাস্তা ঘাট, গাছপালা নদীর দুই পাড়ে হওয়ায় ব্যাপক ক্ষতি হয়ে থাকে; • নদী ভাঙ্গন প্রতিরোধে সিমেন্টের ব্লক/	• পর্যাপ্ত জায়গা আছে • বেড়ীবাঁধ করলে নদী ভাঙ্গন হবে না, • মাটি ভরাট করার সুযোগ আছে • বেড়ীবাঁধ মজবুত ও স্লুইচ গেট সংস্কার করার

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	বালুর বস্তা ফেলার ক্ষেত্রে সরকারীভাবে বলিষ্ট উদ্যোগ গ্রহণের অভাব; ● দূর্বল বেড়ীবাঁধ; ● নদীর ধারে ব্যাপক বনায়ন না থাকা; ● অবাধে প্যারাবন ও বৃক্ষ নিধন করা; ● বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন বেড়ীবাঁধের প্রায় বিভিন্ন অংশ ভাঙ্গা; ● বেশ কিছু স্লুইচ গেট অকেজো হয়ে যাওয়া ।	সুযোগ আছে ● মুলত অধিকাংশ কৃষক লবণ চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে ● নদী ভাঙ্গন রোধে সিমেন্টের ব্লক/ বালুর বস্তা ফেলার ক্ষেত্রে সরকারীভাবে কার্যক্রম আছে ● ঘর-বাড়ি, রাস্তাঘাট, গাছপালা নদী পাড় থেকে দুরে করার সুযোগ আছে । ● প্যারাবন ও বৃক্ষ রোপণ করার সুযোগ আছে ।
পাহাড়ী ঢল	● পাহাড় সংলগ্ন ফসলের জমি, ঘর-বাড়ি হওয়ায় ব্যাপক ক্ষতি হয় ● অবৈধভাবে ও অবাধে পাহাড় কেটে ফেলায় পানি সহজেই প্রবাহিত হয়ে নীচু এলাকা তলিয়ে যায়	● পাহাড়ী ও উঁচু এলাকা হওয়ায় দ্রুত পানি নেমে যায় । ● পাহাড়ী ছড়া সংস্কার করা যেতে পারে ● বাঁধ দিয়ে ফসলের জমি রক্ষা করা যেতে পারে । ● মুলত অধিকাংশ কৃষক লবণ চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে
বন্যা	● নদীর দুই পাড়ে কৃষি জমি হওয়ায় ফসলের ব্যাপক ক্ষতি হয়; ● দূর্বল বেড়ীবাঁধ ও অধিকাংশ রাস্তাঘাট কাঁচা হওয়ায় যোগাযোগ ব্যবস্থা দ্রুত নষ্ট হয় এবং জনগণের চলাচল খুব কষ্ট হয়; ● ঘরবাড়ী নীচু এলাকা থাকায় ক্ষতিগ্রস্ত হওয়ার পরিমাণ বেশী; ● খাবার পানির সংকট হয়; ● বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন বেড়ীবাঁধের প্রায় বিভিন্ন অংশ ভাঙ্গা ; ● বন্যার সময় শিশু, গর্ভবতী, প্রতিবন্ধী ও প্রবীণরা বেশী ঝুঁকিতে থাকে; ● শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকে; ● বেশ কিছু স্লুইচ গেট অকেজো হয়ে যাওয়া ।	● বেড়ীবাঁধ মজবুত করার সুযোগ আছে; ● বেড়ীবাঁধ ও রাস্তার দুই পাশে এবং বাড়ি ঘরের চারিদিকে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; ● ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে; ● বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা ও টিউবওয়েল উঁচুতে স্থাপন করার সুযোগ আছে;
জলাবদ্ধতা	● সমুদ্র ও নদী তীরবর্তী এলাকায় অবস্থান; ● তুলনামূলক নীচু এলাকায় বাড়ি ঘর, টিউবওয়েল ও রাস্তা ঘাট হওয়ায় ব্যাপক ক্ষতি হয়; ● পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় পানি জমে থাকে; ● জলাবদ্ধতায় শিশু, গর্ভবতী, প্রতিবন্ধী ও প্রবীণরা বেশী ঝুঁকিতে থাকে; ● মশা, মাছি উপদ্রব ও পানিবাহিত রোগ বেড়ে যায় ● অবৈধভাবে চিংড়ী ও লবণ চাষ করা;	● বাড়ি ঘর ও টিউবওয়েল উঁচু জায়গায় বসানোর সুযোগ আছে; ● মাটি ভরাট করার সুযোগ আছে; ● সরকারীভাবে পানি নিষ্কাশন করার সুযোগ আছে; ● লবণ ও চিংড়ী চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করার সুযোগ আছে; ● ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে;
সামুদ্রিক জলোচ্ছাস	● সমুদ্রের কাছেই উপজেলার অবস্থান ● দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত	● মাটি ভরাট ও উঁচু করার সুযোগ আছে; ● বাড়ি ঘর ও প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো মজবুত

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	বসতভিটা হওয়ায় ব্যাপক ক্ষতি হয়; ● অবাধে বৃক্ষ;	করে বানানোর সুযোগ আছে; ● রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; ● ব্যাপক প্রচার প্রচারণা চালানো ও জনগণকে পূর্ব প্রস্তুতি নেয়ার ব্যাপারে সরকারী ও বেসরকারী কার্যক্রম আছে । ● ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে;
লবণাক্ততা	● সমুদ্র উপকুলবর্তী এলাকা হওয়ায় জমিতে লবণ পানির মাত্রা বৃদ্ধি পাওয়ায় ফসলের ব্যাপক ক্ষতি হয় ও সুপেয় পানির অভাব দেখা দেয়; ● চাহিদার তুলনায় কম ও দূর্বল বেড়ীবাঁধ হওয়ায় পানি অবাধে কৃষি জমি ও বসতি এলাকায় প্রবশ করে; ● অবৈধভাবে চিংড়ী ও লবণ চাষ করা;	● নতুন বেড়ীবাঁধ নির্মাণ করার সুযোগ আছে; ● বেড়ীবাঁধ মজবুত করার সুযোগ আছে; ● খালের দু'পাশে বনায়ন করা যাবে; ● লবণ ও চিংড়ী চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করার সুযোগ আছে; ● কৃষি অধিদপ্তরের পরামর্শক্রমে স্যালাইনিটি সহনীয় ধান এর চারা রোপণ করার ব্যপারে কৃষকদের আগ্রহ ও চাহিদা বাড়ছে; ● অধিকাংশ বাড়ীতে নলকূপের পানির ব্যবহার বৃদ্ধি পেয়েছে;
পাহাড় ধ্বস	● অবাধে পাহাড় ও গাছ কেটে ফেলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে; ● পাহাড়ে ও পাহাড়ের কোল ঘেষে মানুষের বসবাস করার প্রবণতা ।	● পাহাড়ের উপরে ও পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; ● অবৈধভাবে গাছ কাটা ও মাটি কাটা করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে; ● পাহাড় কেটে বসতি স্থাপন ও পাহাড়ের কোল ঘেষে মানুষের বসবাস বন্ধ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে;
টর্ণেডো/ ঘূর্ণিঝড়	● দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা হওয়ায় নানাবিধ ক্ষতি হয়; ● অবাধে পাহাড় ও গাছ কেটে ফেলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে;	● বাড়ি ঘর তুলনামূলক উঁচু স্থানে মজবুত করে নির্মাণ করার সুযোগ আছে; ● বাড়ি ঘরের আশে পাশে, রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; ● ব্যাপক প্রচার প্রচারণা চালানো ও জনগণকে পূর্ব প্রস্তুতি নেয়ার ব্যাপারে সরকারী ও বেসরকারী কার্যক্রম আছে; ● ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে;
জোয়ারের পানি	● সমুদ্র উপকুলবর্তী এলাকা হওয়ায় সহজে জোয়ারের পানি প্রবেশ করে ফসলসহ নানাবিধ ক্ষতি হয় । ● চাহিদার তুলনায় কম ও দূর্বল বেড়ীবাঁধ	● ফসলী জমি বাড়ি ঘরের আশে পাশে, রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; ● অমাবশ্যা, পূর্ণিমার সময় স্বাভাবিক জোয়ারে পানি উঠার আগে স্থানীয় জনগণ পার্শবতী গ্রামে চলে যায় ও উচু জায়গায় আশ্রয় নেয়;
পাহাড় কাটা	● কঠিন আইনী ব্যবস্থার প্রযোগ না থাকায় অবৈধভাবে পাহাড় কাটার প্রবণতা বৃদ্ধি পেয়েছে; ● ঘরবাড়ি, রাস্তা ঘাট ও ফসলের ব্যাপক	● অবৈধভাবে পাহাড় কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে;

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	ক্ষতি হয়; ● মানুষ ও পশু-পাখি মাটির নীচে চাপা পড়ে মারা যায়; ● প্রাকৃতিক পরিবেশ চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে । ● জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ছে ও লোকজনের রোগব্যাধি বৃদ্ধি পাচ্ছে ।	
বৃক্ষ নিধন ও প্যারাবন ধ্বংস	● কঠিন আইনী ব্যবস্থার প্রয়োগ না থাকায় অবৈধভাবে গাছ ও প্যারাবন কাটার প্রবণতা বৃদ্ধি পেয়েছে; ● প্রাকৃতিক পরিবেশ চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে; ● জীব-বৈচিত্র্য হুমকির মুখে পড়ছে	● বাড়ি ঘরের আশে পাশে, রাস্তা ও খালসমূহের দুই পাশে গাছ লাগানো বা বনায়ন করার সুযোগ আছে; ● অবৈধভাবে গাছ ও প্যারাবন নিধন নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করার সুযোগ আছে;

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

মহেশখালী উপজেলা সমুদ্র উপকুলবর্তী হওয়ায় নানাবিধ আপদে বিপদাপন্ন । কোন্ কোন্ আপদে কোন্ কোন্ এলাকা কি কারণে ও কিভাবে বিপদাপন্ন, তার বর্ণনা তুলে ধরা হলো:

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা/ পরিবার
সামুদ্রিক জলোচ্ছ্বাস	সামুদ্রিক জলোচ্ছ্বাস ইউনিয়নের সবগুলো ইউনিয়নে কমবেশি আঘাত হানলেও পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মাতার বাড়ি ইউনিয়নের ৬,৭, ৮, ১ ও ৩ নং ওয়ার্ড, ধলঘাটার ২, ৪, ৬, ৭, ৮ ও ৫নং ওয়ার্ড, হোয়ানকের ৮, ৯, ৫ ও ৬নং ওয়ার্ড, কুতুবজুমের ৩নং ওয়ার্ড সবচেয়ে বেশি বিপদাপন্ন এছাড়া কুতুবজুমের ৪,২, ৬ ও ৭নং ওয়ার্ড, বড় মহেশখালীর ৪ ও ৫ নং ওয়ার্ড, কালারমারছড়ার ৭, ৮, ১ ও ৯ নং ওয়ার্ড, শাপলাপুরের সব গুলো ওয়ার্ড এর পূর্ব পাশ এবং ছোট মহেশখালীর দক্ষিণ পূর্ব পাশ বেশি আঘাত হানতে পারে ।	● বঙ্গোপসাগরের পাশে উপজেলার অবস্থান; ● বাড়ি ঘর ও বিভিন্ন প্রতিষ্ঠানের অবকাঠামো দুর্বল ও অপরিকল্পিত; ● তুলনামূলক নীচু এলাকায় বাড়ি ঘর ও বিভিন্ন প্রতিষ্ঠান নির্মাণ; ● অবৈধভাবে পাহাড় ও গাছ কাটা	প্রায় ৭০০০ পরিবার
নদী ভাঙ্গন, বন্যা, পাহাড়ী ঢল	বড় মহেশখালীর পাহাড় তলী, দাশ পাড়া, নিজতালুক পাড়া, কুলাল পাড়া, পাহাড় তলী পাড়া, মাঝের ডেইল, মাতার বাড়ি ও ধল ঘাটার পূর্বপাশ, শাপলাপুরের পূর্ব পাশ, কালারমার ছড়া, ছোট মহেশখালী, কুতুবজুম	● নদীর কাছাকাছি ও নীচু এলাকায় বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ; ● বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনার কাঠামো দুর্বল; ● অবৈধভাবে বৃক্ষ নিধন ও পাহাড় কাটা, প্যারাবন ধ্বংস; ● বাঁধ ভেঙ্গে যাওয়া; ● রাস্তাঘাট উঁচু না করা; ● খাল ভরাট হয়ে যাওয়া;	প্রায় ১০০০০ পরিবার

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা/ পরিবার
		• স্লুইজ গেট নষ্ট হওয়া;	
জলাবদ্ধতা	মহেশখালী উপজেলার প্রায় সবগুলো ইউনিয়নের কম বেশী জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়ে থাকে। এর মধ্যে উপজেলার দক্ষিণ পূর্ব পাশ, ছোট মহেশখালীর তেলিপাড়া থেকে ঠাকুর তলা, শিপাহী পাড়ার উত্তর পাশ এবং মুদির ছড়া, কালারমার ছড়া ইউনিয়নের সবগুলো ওয়ার্ড, কুতুবজুমের দক্ষিণ পশ্চিম পাশ, সম্পূণ ধলঘাটা, মাতার বাড়ির সম্পূর্ণ এলাকা বিশেষভাবে উপজেলার যে সব এলাকায় চিংড়ি চাষ হয় সেখানে জলাবদ্ধতা বেশি।	• নীচু এলাকায় বাড়ি ঘরসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ ও টিউবওয়েল বসানো; • অবৈধভাবে বৃক্ষ নিধন, মাটি কাটা ও পাহাড় কাটা; • অবৈধভাবে অবাধে চিংড়ী চাষ করা;	প্রায় ৩৫০০ পরিবার
জোয়ারের পানি	মাতার বাড়ি ইউনিয়নের চারপাশ, ধলঘাটা ইউনিয়নের উত্তর বাদে তিন পাশ, হোয়ানকের দক্ষিণ ও পশ্চিম পাশ, কুতুবজুমের প্রায় সম্পূর্ণ এলাকা, শাপলাপুরের পূর্ব পাশের চ্যানেল্যের তীরবর্তী এলাকা, ছোট মহেশখালীর দক্ষিণ ও পূর্ব উত্তর পাশ, পৌরসভার দক্ষিণ পূর্ব পাশ বেশি আক্রান্ত হয়।	• বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা হওয়া; • মাতবাড়ী ও ধলঘাটের ৭০নং ফোল্ডার বেড়ী বাঁধ বিগত ২০১২ সালে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ভেঙ্গে যাওয়া; • প্যারাবন কেটে চিংড়ী ঘেড় তৈরি; করা • অবৈধভাবে প্যরাবন নিধন করায় সমুদ্র উপকুলবর্তী গ্রাম গুলো প্লাবিত হয়;	প্রায় ৫০০০ পরিবার
লবণাক্ততা	সমুদ্র উপকুলবর্তী এলাকা ও জলাবদ্ধতা সৃষ্টির কারণে মহেশখালী উপজেলার প্রায় সবগুলো ইউনিয়নের কম বেশী জায়গায় লবণাক্ত হয়ে থাকে। এর মধ্যে বড় মহেশখালী দক্ষিণ পূর্ব পাশ, ছোট মহেশখালীর তেলিপাড়া থেকে ঠাকুর তলা, সিপাহী পাড়ার উত্তর পাশ এবং মুদির ছড়া, কালারমার ছড়া ইউনিয়নের সবগুলো ওয়ার্ড কুতুবজুমের দক্ষিণ পশ্চিম পাশ, সম্পূণ ধলঘাটা ও মাতারবাড়ির সম্পূর্ণ এলাকা । এছাড়াও যে সব এলাকায় চিংড়ি ও লবণ চাষ হয় সেখানে লবণাক্ততার মাত্রা প্রকট।	• সমুদ্র উপকুলবর্তী এলাকা; • জনবসতিপূর্ণ এলাকায় লবণ মাঠ বেড়ে যাওয়া; • খাস জমি অবৈধ দখল নিয়ে চিংড়ী ঘেড় তৈরী করা; • স্থানীয় পদ্বতিতে মাটি গর্ত করে লবণ সংরক্ষণ করা; • চিংড়ী চাষের জন্য লবণ পানি জমিয়ে রাখা;	প্রায় ৩৫০০ পরিবার
টর্ণেডো/ ঘূর্ণিঝড়	সমগ্র উপজেলা ঘূর্ণিঝড় ইউনিয়নের সবগুলো ইউনিয়নে কম বেশি আঘাত হানে। তবে পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ড, মাতার বাড়ির ৬, ৭, ৮, ১ ও ৩নং ওয়ার্ড, ধল ঘাটার ২, ৪, ৬, ৭, ৮ ও ৫নং ওয়ার্ড, হোয়ানকের ৮, ৯,	• দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা; • টর্নেডো/ ঘূর্ণিঝড় সহনীয় স্থাপনা নির্মাণ না করা; • অবৈধভাবে অবাধে গাছ কাটা ও প্যারাবন ধ্বংস করা;	সমগ্র উপজেলার জনগণ

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা/ পরিবার
	৫ ও ৬নং ওয়ার্ড কুতুবজুমের ৩নং ওয়ার্ড সবচেয়ে বেশি বিপদাপন্ন। এছাড়া বড় মহেশখালীর ৪ ও ৫নং ওয়ার্ড, কালারমারছড়ার ৭, ৮, ১ ও ৯নং ওয়ার্ড শাপলাপুরের সবগুলো ওয়ার্ড এর পূর্ব পাশ এবং ছোট মহেশখালীর দক্ষিণ পূর্ব পাশে বেশি আঘাত হানতে পারে।		
ভূমিকম্প	ভূমিকম্পে উপজেলার সবগুলো ইউনিয়ন কমবেশি ক্ষতিগ্রস্ত হবে। তবে কালারমার ছড়া, শাপলাপুর, ছোট মহেশখালী ও হোয়নক ইউনিয়নের বেশী ক্ষতি হতে পারে।	• বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা; • দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা; • ভূমিকম্প সহনীয় স্থাপনা নির্মাণ না করা;	সমগ্র উপজেলার জনগণ
পাহাড় ধ্বস	পাহাড় ধ্বস এ উপজেলার সবগুলো ইউনিয়ন কমবেশি ক্ষতিগ্রস্ত হতে পারে। তবে ধলঘাটা, শাপলাপুর, কালারমার ছড়া, হোয়ানক, ছোটমহেশখালী ও বড়মহেশখালী ইউনিয়নের বেশী ক্ষতি হতে পারে।	• পাহাড় কেটে বসতি স্থাপন, • ঝুকি পূর্ণ পাহাড়ে পাদদেশে বসতি স্থাপন • অবৈধভাবে পাহাড়ের উপরের গাছ কাটা • গাছ কাটা নিয়ন্ত্রণ করার আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ না থাকা; • অসচেতনতা	প্রায় ৫০০০ পরিবার
বৃক্ষ নিধন/ প্যারাবন ধ্বংস	বৃক্ষ নিধন/ প্যারাবন ধ্বংস উপজেলার সবগুলো ইউনিয়ন কমবেশি ক্ষতিগ্রস্ত হতে পারে।	• অবৈধভাবে গাছ ও প্যারাবন নিধন নিয়ন্ত্রণ করার আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ না থাকা; • অসচেতনতা	প্রায় ৮০০০ পরিবার

সর্বাধিক বিপদাপন্ন এলাকার মানচিত্র



২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ

মহেশখালী উপজেলার উন্নয়ন পরিকল্পনার প্রধান প্রধান খাতসমূহ হলো কৃষি, অবকাঠামো, যোগাযোগ, স্বাস্থ্য, মানব সম্পদ, পরিবেশ, বনজ সম্পদ, মৎস্য। যেহেতু উপজেলাটি অন্যতম ঝুঁকিপ্রবণ এলাকা হওয়ায় উল্লেখিত খাতসমূহ নানান হুমকির সম্মুখীন হয়ে থাকে। এর ফলে উপজেলার উন্নয়ন কার্যক্রম বাঁধাগ্রস্ত হয়। উপজেলার উন্নয়ন কার্যক্রম টেকসই করতে হলে দুর্যোগ ঝুঁকি কমানোর কৌশল বাস্তবায়ন করে এসব খাতসমূহকে উন্নয়ন পরিকল্পনার আওতায় আনতে হবে।

খাতসমূহের বিস্তারিত বর্ণনাঃ

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
আবাসন/ ঘর বাড়ি	• ১৯৯১ সালের মতো সামুদ্রিক জলোচ্ছ্বাস হলে ৪৫০০০ পরিবার আবাসন হারাবে। প্রায় ৩০০কোটি টাকার ক্ষতি হতে পারে। ১৯৯১ সালের মতো জলোচ্ছ্বাস হলে ৫০০০০ পরিবার আবাসন হারায়ে প্রায় ৩৫০ কোটি টাকার ক্ষতি হতে পারে। • ২০০৭ সালের মতো নদী ভাঙ্গনের ফলে শাপলাপুর, মাতারবাড়ি ও ধলঘাটার ৫৫০টি ঘর বাড়ি ধ্বসে গিয়ে প্রায় ৬.৫ কোটি টাকার ক্ষতি হতে পারে। • বিগত ৪/ ৫ বছরের মতো লবনাক্ততা চলতে থাকলে ধলঘাটা, মাতার বাড়ি, কুতুবজুম, হোয়ানক, শাপলাপুর ও কালারমারছড়ার প্রতি বছর প্রায় ৮৫০০ পরিবারের ঘরবাড়ী নষ্ট হয়ে প্রায় ১ কোটি ৩৫ লক্ষ টাকার ক্ষতি হতে পারে। • ১৯৯৯ সালের মতো ভূমিকম্প হলে ১৩৬৬০ ঘরবাড়ি ভেঙ্গে গিয়ে প্রায় ১০,৯২,৮০০০০ টাকার ক্ষতি হতে পারে। • ২০০৪ সালের মতো কাল বৈশাখী হলে ১৫৯১৫টি ঘর বাড়ি আংশিক বা সম্পূর্ণ নষ্ট হয়ে প্রায় ৭,৯৫,৭৫,০০০ টাকার ক্ষতি হতে পারে। • প্রতি বছরের ন্যায় টর্নেডো হলে বিশেষ করে কুতুবজুম, ধলঘাটা, মাতারবাড়ি ইউনিয়নের ৬৮৮ টি ঘর বাড়ি ভেঙ্গে গিয়ে প্রায় ৫৫লক্ষ টাকার ক্ষতি হতে পারে।	• বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনা উপকুল হতে দুরে ও উঁচু স্থানে মজবুতভাবে নির্মাণ করা; • বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা; • বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা; • পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা
গবাদি পশু ও পাখি	• ১৯৯১ সালের মতো ঘূর্ণি ঝড় হলে ২৩৫২০টি গরু, ৭৭৯৫০টি ছাগল, ১৬৬২৭টি মহিষ, ৩৯৮৩০০টি হাঁস মুরগী মারা গিয়ে প্রায় ৪৫০ কোটি টাকার ক্ষতি হতে পারে। ১৯৯১ সালের মতো জলোচ্ছাস হলে ২৩৫২০ টি গরু, ৭৭৯৫০টি ছাগল, ১৬৬২৭টি মহিষ, ৩৯৮৩০০টি হাঁস মুরগী মারা গিয়ে প্রায় ৪৫০ কোটি টাকার ক্ষতি হতে পারে। • বিগত ৪/ ৫ বছরের মতো লবনাক্ততা চলতে থাকলে প্রতি বছর ৪৮৫৮০টি গবাদি পশুর খাদ্যের অভাব দেখা দিয়ে প্রায় ৫০কোটি টাকার ক্ষতি হতে পারে। • ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে বিশেষ করে কুতুবজুম, মাতারবাড়ি ও ধলঘাটার ১৩৩৩২ গবাদি পশূর খাদ্যের অভাব দেখা দিয়ে প্রায় ১০ কোটি টাকার ক্ষতি হতে পারে।	• গবাদি পশু ও পাখির আবাস স্থান উপকুল হতে দুরে ও উঁচু স্থানে মজবুতভাবে করা; • বেড়িবাধ নির্মাণ করা ও মেরামত করা; • পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
অবকাঠামো ও যোগাযোগ	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস হলে কালারমারছড়া, হোয়ানক, কুতুবজুম, ধলঘাটা ও মাতারবাড়ির ৭৬ কি:মি: বেড়িবাধ, ৮১কি:মি: রাস্তা নষ্ট হয়ে ২ হাজার কোটি টাকার ক্ষতি হতে পারে। ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস হলে ২৩৫ টি মসজিদ, ৫০টি মন্দির, ১০টি বৌদ্ধ মন্দির, ৯০টি স্কুল/ শিক্ষাপ্রতিষ্ঠান, ২২৫টি মাদ্রাসা, ৫টি শ্মশান, ৩০টি কবরস্থান, ১৭টি বাজার, ১৮টি আশ্রয়কেন্দ্র ও ১২০টি কালভার্ট ক্ষতি হয়ে প্রায় ৩০ হাজার কোটি টাকার ক্ষতি হতে পারে। • বিগত ৮ বছরের ন্যায় জলাবদ্ধতা থাকলে ৩০১৮০ জন মানুষের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে প্রায় ১২লক্ষ টাকার ক্ষতি হতে পারে। হোয়ানক, কতুবজুম, ছোট মহেশখালীর সিপাহী পাড়ারপশ্চিম উত্তর পাশ,কালারমারছড়ার, মাতারবাড়ি, ধলঘাটা ইউনিয়নের আংশিক জলাবদ্ধতার যোগাযোগ ব্যহত হয়ে বছরে ৫ কোটি টাকার ক্ষতি হতে পারে। মাতারবাড়ির উত্তর পূর্ব পাশ, ধলঘাটার পূর্ব পাশ, শাপলাপুরের পূর্ব পাশ ও ছোট মহেশখালীর মুদিরছড়া এলাকায় রাস্তা, বেড়িবাধ, ৪টি বাজার, ২জেটি ও সংযোগ ব্রীজ ভেঙ্গে গিয়ে প্রায় ১০ কোটি টাকার ক্ষতি হতে পারে • ১৯৯৯ সালের মতো ভূমিকম্প হলে দুটি বাজারসহ জেটি এবং প্রায় ৫২ কি:মি: বেড়ি বাধ, ৭৮টি কালভার্ট ও সংযোগ সেতু ২৩ টি আশ্রয়কেন্দ্র ভেঙ্গে গিয়ে প্রায় ১০০০ কোটি টাকার ক্ষতি হতে পারে।	• রাস্তা উচু করা ও গাইড ওয়াল দেয়া • প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মাণ করা • পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা
স্বাস্থ্য	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে ৭৫৮৩০ জন মানুষ আহত হয়ে প্রায় ১০কোটি টাকার ক্ষতি হতে পারে। ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে ৭৫৮৩০ জন মানুষ আহত এবং ১ লক্ষ লোক বিভিন্ন রোগ আক্রান্ত হয়ে প্রায় ১৫ কোটি টাকার ক্ষতি হতে পারে । • ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে ৮০২০ জন মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ও পুষ্টি হীনতায় ভুগতে পারে ফলে প্রায় ১ কোটি টাকার ক্ষতি পারে। ১২৭৯৬ জন শিশু ও নারী পুষ্টি হীনতায় ভুগতে পারে। মাতার বাড়ি, ধলঘাটা, কুতুবজুম, কালামছড়া ও হোয়ানকের ৩৭৮০০ মানুষের খাদ্যের অভাব দেখা দিতে পারে এবং যোগাযোগ সাময়িক ভাবে বন্ধ হতে পারে এবং শিশুদের স্বাস্থগত সমস্যা দেখা দিতে পারে।	• স্যানিটেশন বিষয়ে সচেতনতা বাড়ানো • পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা • দুর্যোগ ঝুঁকি হ্রাস করার জন্য ব্যাপক প্রস্তুতিমূলক কার্যক্রম পরিচালনা করা।
মানব সম্পদ	• ১৯৯১সালের মত ঘুর্ণিঝড় ও জলোচ্ছ্বাস হলে ৮০,০০০জন মানুষ জীবন হারাতে পারে • জলাবদ্ধতার কারণে ১৮৫৭ জন শিশুর প্রাণ হানি হতে পারে। ৬৯২ নারী ও প্রতিবন্ধি বিভিন্ন রোগে মারা যেতে পারে। • লবণাক্ততার কারণে ১৫০০০ নারী ও শিশু পুষ্টিহীনতায় ভুগতে পারে। • ১৯৯৯ সালের মতো ভূমিকম্প হলে ৩৩১০ জন মানুষ মারা যেতে পারে • ২০০৪ সালের মতো কাল বৈশাখী হলে ১০৩৬ জন লোকের প্রাণ হানি হতে পারে প্রতি বছরের ন্যায় টর্নেডো হলে ১৪২০ জনের জীবন হানি হতে পারে। • প্রতি বছরের ন্যায় পাহাড়ী ঢল বা পাহাড় ধ্বস হলে প্রায় ১৭০ জন মানুষ মারা যেতে পারে।	• পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছা-সেবক প্রস্তুত করা • প্রাকৃতিক দুর্যোগ বিষয়ে সচেতনতা বাড়ানো • পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
শিক্ষা	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে ৪৩৭০৯ জন ছাত্র ছাত্রীর পড়ালেখা সাময়িক বন্ধ হতে পারে/ শিক্ষা ব্যবস্থার ৩০% ক্ষতি হতে পারে। ৪৩৭০৯ জন ছাত্র ছাত্রীর লেখাপড়া সাময়িক ভাবে বন্ধ থাকতে পারে। • ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে ছোট মহেশখালী, ধলঘাটা, মাতারবাড়ি ও কুতুবজুম ইউনিয়নের ৯০৭৫ জন শিশুর পড়ালেখা সাময়িক ভাবে বন্ধ হয়ে প্রায ৩ কোটি টাকার ক্ষতি হতে পারে । • বিগত ৮ বছরের ন্যায় জলাবদ্ধতা থাকলে পৌরসভা, মাতারবাড়ি, কুতুবজুম ও ধলঘাটা ইউনিয়নের ৭৭৯১ জন ছাত্র ছাত্রীর সাময়িক ভাবে প্রতিষ্টানে যাওয়া ও পড়া লেখা বন্ধ হতে পারে। ছোট মহেশখালী, শাপলাপুর, হোয়ানক, বড়মহেশখালী ও কালারমারছড়া ইউনিয়নের ১১১০০ ছাত্রছাত্রীর লেখাপড়া সাময়িক ভাবে বন্ধ থাকতে পারে।	• শিক্ষা প্রতিষ্ঠানগুলো উপকুল হতে দুরে ও উঁচু স্থানে মজবুতভাবে করা; • বেড়িবাধ নির্মাণ করা; • খাল কাটা; • রাস্তা উঁচু করা; • গাইড ওয়াল দেয়া; • প্রযোজনীয় ব্রীজ ও কালভার্ট নির্মাণ করা।
কৃষি	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস হলে ৮টি ইউনিয়ন ও পৌরসভায় ১৩১১২ একর জমির ১৪৯২১০০ আড়ি ধান নষ্ট হয়ে ৫৩৯৩০০০টাকার ক্ষতি হতে পারে। ৬৬৮১৯ একর জমির ১,১১,১৯,২০০ মন লবণ নষ্ট হয়ে প্রায় ৬৭কোটি ৫৫ লক্ষ টাকার ক্ষতি হতে পারে। ২৬৬৪৭ একর জমিতে ২৬৮টি চিংড়ী ঘের নষ্ট হয়ে প্রায় ৩৯৫ কোটি ৮৭ লক্ষ টাকার ক্ষতি হতে পারে। ছোটমহেশখালী, শাপলাপুর, হোয়ানক, কালারমারছড়া ও বড়মহেশখালীর ৬৫৫৫ একর জমির পান নষ্ট হয়ে প্রায় ১৩৫ কোটি ১৪ লক্ষ টাকার ক্ষতি হতে পারে। • ২০০৫ ও ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে ধলঘাটা বাদে ৭টি ইউনিয়ন ও পৌরসভার ২০৪৮ একর জমির ধান নষ্ট হয়ে ৪ কোটি ৭৭ লক্ষ ৫০হাজার টাকার ক্ষতি হতে পারে। হোয়ানক, শাপলাপুর, কালারমারছড়া পৌরসভা কুতুবজুম ধলঘাটা ও মাতারবাড়ির ৬৬৮১৯ একর জমির লবণ আংশিক নষ্ট হয়ে কোটি ২৪ লক্ষ টাকার ক্ষতি হতে পারে। ২৬৬৪৭ একর জমির ২৮টি চিংড়ি ঘেরের উৎপাদন ব্যাহত হয়ে প্রায় ৪১৫ কোটি ৬২লক্ষ টাকার ক্ষতি হতে পারে। ১৩১১২ একর জমির ধান, ৬৬৮১৯ একর জমির লবণ ও ২৬৬৪৭ একর জমির চিংড়ি ঘের আংশিক ক্ষতিগ্রস্ত হয়ে প্রায় ১০০ কোটি টাকার ক্ষতি হতে পারে। • বিগত ২/৩ বছরের মতো লবণাক্ততা চলতে থাকলে প্রতি বছর বিশেষভাবে ধলঘাটা, মাতারবাড়ি, কুতুবজুম ইউনিয়ন ও অন্যান্য ইউনিয়নে প্রায় ১৪একর জমির ফসল/ ধান উৎপাদন কমে গিয়ে প্রায় ২০০কোটি টাকার ক্ষতি হতে পারে। • প্রতি বছরের ন্যায় পাহাড় ধ্বস বা পাহাড়ী ঢল হলে শাপলাপুর, কালারমার ছড়া, হোয়ানক, ছোটমহেশখালী ও বড়মহেশখালী ইউনিয়নের ১০০০ একর জমির ধান ও ১৪০০ একর জমির পান নষ্ট হয়ে প্রায় ১৫০ কোটি টাকার ক্ষতি হতে পারে।	• পশ্চিম পাশে সাগরে নিমজ্জিত বাঁধ দেয়া; • বেড়ীবাঁধগুলো মজবুত করা; • পাহাড়ী ছড়াগুলো সংস্কারের মাধ্যমে ঢলের পানি থেকে ফসল রক্ষা; • ছড়ার পাশে গাইড ওয়াল ও ড্রেন নির্মাণ করা;

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
পরিবেশ ও গাছ পালা	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস হলে মহেশখালী উপজেলার প্রায় ৩৮কোটি ৮৭ লক্ষ টি গাছ-পালা ভেঙ্গে বা আংশিক নষ্ট হয়ে গিয়ে প্রায় ২২০কোটি টাকার ক্ষতি হতে পারে । • ২০০৭ সালের মতো জোয়ারেরপানি হলে ১২৪৩২৫টি গাছপালা মরে গিয়ে প্রায় ২ কোটি টাকার ক্ষতি হতে পারে । • ২০০৪ সালের মতো কাল বৈশাখী হলে উপজেলার ১৮৭০১০ টি গাছের ডাল পালা ভেঙ্গে গিয়ে প্রায় ১০ কোটি ৫২ লক্ষ টাকার ক্ষতি হতে পারে । • বিগত ৪/ ৫ বছরের মতো লবণাক্ততা চলতে থাকলে মাতারবাড়ি, ধলঘাটা, কুতুবজুম, শাপলাপুর, ছোটমহেশখালী ও হোয়ানক এলাকায় প্রতি বছর ফলজ গাছে ফলন কমে এবং বিভিন্ন প্রজাতির গাছ বিলুপ্ত হয়ে প্রায় ৫০ কোটি টাকার ক্ষতি হতে পারে । • নদী ভাঙ্গনের ফলে মাতারবাড়ি, শাপলাপুর ও ধলঘাটা এলাকার ৫৫০০গাছ ভেঙ্গে গিয়ে আনুমানিক ২৫লক্ষ টাকার ক্ষতি হতে পারে । • ২০০৭ সালের মতো নদী ভাঙ্গনের ফলে পরিবেশের ভারসাম্য হারিয়ে যেতে পারে ও মাটির ক্ষয় বৃদ্ধি পাবে ফলে প্রায় ২ কোটি টাকার ক্ষতি হতে পারে । • প্রতি বছরের ন্যায় পাহাড়ধ্বস বা পাহাড়ী ঢল হলে শাপলাপুর, কালারমার ছড়া, হোয়ানক, ছোটমহেশখালী ও বড়মহেশখালী ইউনিয়নের বিভিন্ন প্রজাতির গাছপালা বিলুপ্ত হয়ে প্রায় ২০০ কোটি টাকার ক্ষতি হতে পারে । • প্রতি বছরের ন্যায় টর্নেডো হলে উপজেলার ১২৫৩৩৯০টি গাছপালা ভেঙ্গে গিয়ে প্রায় ২০ কোটি টাকার ক্ষতি হতে পারে ।	• রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা; • বাড়ির আশে পাশে বৃক্ষ রোপণ করার জন্য জনগণকে উৎসাহিত কর;া • প্যারাবন সৃষ্টি করা; • পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা; • অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা ।
মৎস	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে উপজেলার ২০৮২টি ছোট বড় নৌকা নষ্ট হয়ে প্রায় ১০৪ কোটি টাকার ক্ষতি হতে পারে । ৬১১১টি জাল নষ্ট হয়ে প্রায় ৩০কোটি টাকা ক্ষতি হতে পারে । ৬৫০টি বড় ছোট পুকুরের মাছ নষ্ট হয়ে প্রায় ২কোটি টাকার ক্ষতি হতে পারে • বিগত আট বছরের ন্যায় জলাবদ্ধতা থাকলে প্রায় ৬৫০ পুকুরের মিঠা পানির মাছ চাষের উৎপাদন কমে গিয়ে প্রায় বছরে ১ কোটি টাকার ক্ষতি হতে পারে । • ২০০৪ সালের মতো কাল বৈশাখী হলে ছোট মহেশখালী, পৌরসভা ও মাতারবাড়ির ৩০৫টি নৌকা জালসহ ডুবে গিয়ে প্রায় ৩ কোটি ৫০ লক্ষ টাকার ক্ষতি হতে পারে ।	• মাছ ধরা বোট ও জাল রক্ষা করার জন্য দুর্যোগ সহনশীল ও মজবুত স্থাপনা নির্মাণ করে বোট ও জাল রক্ষা করা ও মৎস উৎপাদনকে তরান্বিত করা; • পুকুরের পাড় উঁচুকরণ এবং পুকুর সংস্কার করা; • নদী/ সাগর পাড়ের কম পক্ষে ১ কিলোমিটার দুরে বিহিঙ্গি জাল পাতা
	• ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস হলে ধলঘাটা, মাতারবাড়ি, কুতুবজুম, শাপলাপুর ও পৌরসভার ৫১৪৫০ জন মানুষের পানিয় জলের অভাবে বিভিন্ন রোগে প্রায় ৫ কোটি টাকার ক্ষতি হতে পারে । • উপজেলার ৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভার ৩০% স্যানিটারী ল্যাট্রিন নষ্ট হয়ে ৫ কোটি টাকার ক্ষতি হতে পারে । • বিগত আট বছরের ন্যায় জলাবদ্ধতা থাকলে শাপলাপুর, ধলঘাটা ও মাতারবাড়ির ২৩৫০টি নলকুপ নষ্ট হয়ে ১ কোটি ২০ লক্ষ টাকার ক্ষতি হতে পারে ।	• টিউবওয়েল ও ল্যাট্রিন উঁচু স্থানে স্থাপন করা ও চারপাশ পাকা ও মজবুত করা । • সরকারী উদ্যোগে গভীর নলকুপ বসানো ।

খাত	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
জল ও স্যানিটেশন	• ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে কুতুবজুম, ধলঘাটা ও মাতার বাড়ির ২৬০০ নলকুপ নষ্ট হয়ে প্রায় ১কোটি ৩০লক্ষ টাকার ক্ষতি হতে পারে । • চলতি সময়ের মতো লবনাক্ততা থাকলে ধলঘাটা, মাতারবাড়ি ও কুতুবজুমের ১৮২০টি নলকুপ নষ্ট/ পানি লবণাক্ত হয়ে প্রায় ১কোটি ৫০লক্ষ টাকার ক্ষতি হতে পারে	•

২.৭ সামাজিক মানচিত্র

উৎস: বাংলাদেশ ওয়েব পোর্টাল



২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র

উৎস: বাংলাদেশ ওয়েব পোর্টাল



মহেশখালী উপজেলার ৮টি ইউনিয়নের ঝুঁকি ও সম্পদের মানচিত্র







২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি

ক্রম	আপদ	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রাহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১.	সাইক্লোন/ সামুদ্রিক জলোচ্ছ্বাস												
২.	পাহাড়ী ঢল												
৩.	বন্যা												
৪.	নদী ভাঙ্গন												
৫.	জোয়ারের পানি												
৬.	জলাবদ্ধতা												
৭.	ঘুর্ণিঝড়/ টর্ণেডো												
৮.	পাহাড় ধ্বস												
৯.	লবনাক্ততা												

দিনপঞ্জি বিশ্লেষণ

এই আপদগুলো মহেশখালী উপজেলার প্রায় সব ইউনিয়নে সারা বছর কোন না কোন মাসে ঘটে থাকে। কোন্ মাসে কোন্ আপদ ঘটার সম্ভাবনা থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। বিভিন্ন ইউনিয়নের অংশগ্রহণকারীদের সাথে এফজিডি'র মাধ্যমে আলোচনার মাধ্যামে জানা যায়:

- এই উপজেলার মারাত্মক ভয়ঙ্কর ও আতংকের আপদ হলো **সাইক্লোন/ সামুদ্রিক জলোচ্ছ্বাস**। ১৯৭০ সাল হতে এ পর্যন্ত ৭০টির মত ছোট বড় সাইক্লোন/ সামুদ্রিক জলোচ্ছ্বাসের শিকার হয়েছে এ উপজেলার মানুষ। এর ফলে লক্ষ লক্ষ মানুষের প্রাণহানি ঘটেছে, গবাদী পশু পাখিও মারা গেছে এবং বিভিন্ন স্থাপনাসহ বিভিন্ন সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এই আপদ সাধারণত বৈশাখ, জৈষ্ঠ্য ভাদ্র থেকে অগ্রাহায়ন মাসের ঘটে থাকে। সাইক্লোন ঘটার প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে বলে এলাকার লোকজনের ধারণা।

- এই এলাকা **পাহাড়ী ঢল, বন্যা ও নদী ভাঙ্গন** হলো অন্যতম আপদ। এই ৩টি আপদ পারস্পারিক সম্পর্কযুক্ত এই আপদগুলো সাধারণত: আষার থেকে আশ্বিন মাসের মধ্যে ঘটে থাকে। বিভিন্ন পাহাড়ে অধিক বৃষ্টিপাত হলে নদীতে পাহাড়ী ঢলের সৃষ্টি হয়। সৃষ্ট ঢলের স্রোতে নদীর দুকূল ভাঙ্গনের কবলে পড়ে। প্রতি বছরই উপজেলার মাতারবাড়ি, শাপলাপুর ও ধলঘাটা ইউনিয়নের সমতল ভূমি বন্যার শিকার হয়ে থাকে। এতে ঐসব এলাকার ফসলের উৎপাদন ও স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়।

- মহেশখালী উপজেলায় **জোয়ারের প্লাবন** আরেকটি অন্যতম আপদ। উপজেলার পূর্ব, দক্ষিণ এবং পশ্চিম পাশের ইউনিয়নগুলো নদী ও সাগর তীরবর্তী চরাঞ্চল বিশেষভাবে সোনাদিয়া চরে সমুদ্রের নিম্নচাপ, অমাবশ্যা ও পূর্ণিমা এবং বর্ষার সময় ৪-৮ ফুট পানি উঠে। বছরে ২/১ বার করে এসব এলাকার জনগণের ঘরবাড়ি ২-৪ ফুট পানিতে তলিয়ে যায়। এটি সাধারণত: আষাঢ় মাসের মাঝামাঝি থেকে অগ্রাহায়ন মাসের মধ্যে ঘটে থাকে।

- এই উপজেলার জন্য **জলাবদ্ধতা**ও একটি বড় আপদ। পাহাড়ী ঢলের সৃষ্ট পানি ও বন্যার পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় এই এলাকায় ব্যাপক **জলাবদ্ধতা** তৈরি হয়। উপজেলার দক্ষিণ পূর্ব পাশ, ছোট মহেশখালীর তেলিপাড়া থেকে ঠাকুর তলা, শিপাহী পাড়ার উত্তর পাশ এবং মুদির ছড়া, কালারমার ছড়া ইউনিয়নের সবগুলো ওয়ার্ড, কুতুবজুম ইউনিয়নের দক্ষিণ পশ্চিম পাশ, ধলঘাটা ইউনিয়নের সম্পূর্ণ এলাকা, মাতার বাড়ির সম্পূর্ণ এলাকা উল্লেখযোগ্য। বিশেষ করে উপজেলার যে সব এলাকায় চিংড়ি চাষ হয় সেখানে জলাবদ্ধতা বেশি। জলাবদ্ধতা আষাঢ় মাস থেকে শুরু হয়ে মাঘ মাস পর্যন্ত থাকে।

- **টর্নেডো/ ঘূর্ণিঝড়**ও আর একটি মারাত্মক আপদ। ঘূর্ণিঝড় এই এলাকার ঘরবাড়ি, যোগাযোগ ব্যবস্থা ও গাছপালা, মাছের ঘের ও ফসলসহ সম্পদের ব্যাপক ক্ষতি করে। এটি বৈশাখ ও জৈষ্ঠ্য, কার্তিক ও অগ্রাহায়ন এবং ফাল্গুন ও চৈত্র মাসে ঘটে থাকে।

- **পাহাড় ধ্বস** এই উপজেলার জন্য আর একটি আপদ। উপজেলার শাপলাপুর, কালারমার ছড়া, হোয়ানক, ছোটমহেশখালী ও বড়মহেশখালী ইউনিয়নে পাহাড়ের আধিক্যতার কারণে বিশেষ করে আষাঢ় মাস থেতে কার্তিক মাসের মধ্যে অধিক বৃষ্টিপাত ও পাহাড়ী ঢলের মাত্রা বেশী পরিমাণ হলে পাহাড় ধ্বসের ঘটনা ঘটে থাকে।

- এই উপজেলার জন্য আরেকটি গুরুত্বপূর্ণ আপদ হলো **লবণাক্ততা**। বৈশাখ মাসের মাঝামাঝি থেকে চৈত্র মাসের মাঝামাঝি পর্যন্ত মাত্রতিরিক্ত লবণাক্ততা পরিলক্ষিত হয়। তবে অধিক মুনাফা লাভের আশায় এলাকার জনগণের মধ্যে লবণ ও চিংড়ি চাষের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় জমি ও পানিতে লবণাক্ততার মাত্রা বেড়েই চলেছে। এর ফলে ফসলী জমি নষ্ট হয়ে উৎপাদনের মাত্রা কমে যাচ্ছে। গাছ পালায় লবণাক্ত পানি প্রবেশ করে গাছ ধ্বংস হয়ে যাচ্ছে। লবণাক্ততার পরিমাণ বেড়ে যাওয়ায় মিঠা পানির (দেশী) মাছের উৎপাদন কমে গেছে। খাবার পানির সংকট দেখা দিয়েছে।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি

মহেশখালী উপজেলার জীবিকার উৎসগুলো হলো: কৃষিকাজ, লবণ চাষ, চিংড়ী চাষ, ক্ষুদ্রব্যবসা, রাজমিস্ত্রী, কাঠমিস্ত্রী, জুম চাষ, দিনমজুর, দর্জি, চাকুরী প্রভৃতি। এলাকার বিভিন্ন শ্রেণী পেশার জনগণের মতামত অনুযায়ী পেশাগুলো চিহ্নিত করা হয়।

ক্রমিক নং	জীবিকার উৎস	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	লবণ চাষ												
২	চিংড়ী চাষ												
৩	কৃষি												
৪	পান চাষ												
৫	শুটকী বাজারজাত করণ।												
৬	চাকুরী/ ক্ষুদ্র ব্যবসা												
৭	মৎস্য আহরণ/ জেলে												
৮	নাপিত/ শীল, ধোপা												
৯	রাজ মিস্ত্রি/ কাঠ মিস্ত্রি, দর্জ্জি												

লবণ চাষ:
মহেশখালী উপজেলা সমুদ্র উপকুলবর্তী হওয়ায় এখানে লবণ চাষ একটি অন্যতম লাভজনক জীবিকা। লবণ চাষ মূলত: বৈশাখ ও জৈষ্ঠ্য মাস এবং থেকে কার্তিক মাস থেকে চৈত্র মাস পর্যন্ত চলে। বর্ষা মৌসুমের জন্য বাকী মাসগুলোতে লবণ চাষীরা লবণ চাষ থেকে বিরত থাকে।

চিংড়ী চাষ:
মহেশখালী উপজেলা সমুদ্র উপকুলবর্তী হওয়ায় এখানে চিংড়ী চাষও আর একটি অন্যতম লাভজনক জীবিকা। চিংড়ী চাষ মূলত: বৈশাখ মাস থেকে পৌষ মাস পর্যন্ত চলে।

পান চাষ:
মহেশখালী উপজেলার কৃষকদের জন্য চাষও আর একটি অন্যতম জীবিকা। পান চাষ প্রায় সারা বছর চলে।

শুটকী/ মহাল শুটকী বাজারজাত করণ:
মহেশখালী উপজেলা সমুদ্র উপকুলবর্তী হওয়ায় সমুদ্রে পাওয়া যায় এমন মাছ যেমন- লইট্টা, রূপচাঁদা, ছুরি মাছসহ বিভিন্ন মাছের শুটকী প্রস্তুত ও বাজারজাতকরণ আর একটি লাভজনক জীবিকা। বৈশাখ ও জৈষ্ঠ্য মাস এবং থেকে আশ্বিন মাস থেকে চৈত্র মাস পর্যন্ত চলে। বর্ষা মৌসুমের জন্য বাকী মাসগুলোতে শুটকী প্রস্তুতকরণের কাজ থেকে থেকে বিরত থাকে।

উপরোক্ত জীবিকাসমূহের পাশাপাশি উপজেলার জনগণ **চাকুরী/ ক্ষুদ্র ব্যবসা, সাগরের মৎস্য আহরণ, নাপিত/ শীল, ধোপা, রাজ মিস্ত্রি/ কাঠ মিস্ত্রি, দর্জি, দিনমজুর**সহ নানাবিধ জীবিকার উপর নির্ভরশীল, যা সারা বছরই করে থাকে।

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

নানামুখী আপদ ও দুর্যোগের কারণে মহেশখালী উপজেলার জনগণের জীবন ও জীবিকা সম্পর্কিত কার্যক্রম হয়ে পড়ছে ঝুঁকিপূর্ণ। বিন্যস্ত হচ্ছে না কৃষি, শিল্প, অবকাঠামো, স্বাস্থ্য, মৎস্য, শিক্ষা, মানবসম্পদসহ বিভিন্ন খাত এবং খাত সংশ্লিষ্ট জীবিকাসমূহ। বিদ্যমান এবং ক্রমবর্ধমান দুর্যোগ সংঘটিত হওয়ায় বিভিন্ন খাত, উপখাতসহ মানুষের জীবন জীবিকা হয়ে পড়ছে বিপদাপন্ন। নিম্নের টেবিলের মাধ্যমে কোন্ কোন্ আপদ বা দুর্যোগে কোন্ কোন্ খাত সংশ্লিষ্ট জীবিকা বিপদাপন্ন তা তুলে ধরা হলো:

ক্রমিক নং	জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগসমূহ									
		নদী ভাঙ্গন	পাহাড়ী ঢল	বন্যা	জোয়ারের পানি	সামুদ্রিক জলোচ্ছ্বাস	জলবদ্ধতা	লবণাক্ততা	টর্ণেডো/ ঘূর্ণিঝড়	পাহাড় ধ্বস	বৃক্ষ ও প্যারাবন নিধন
১	কৃষি	■	■	■	■	■	■	■	■		■
২	মৎস্য	■	■	■	■	■	■	■	■		
৪	স্বাস্থ্য	■		■		■	■	■	■	■	
৫	শিক্ষা		■	■		■			■		
৬	পরিবেশ	■			■	■	■	■	■	■	■
৭	অর্থনৈতিক	■	■	■	■	■	■	■	■	■	■
৮	অবকাঠামো	■		■		■			■		
৯	যোগাযোগ	■		■	■	■			■		
১০	মানবসম্পদ	■	■	■		■		■	■	■	■
১১.	বনায়ন	■	■	■		■		■	■	■	■

২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা

প্রায় সারা বছর সংঘটিত কোন না দুর্যোগের কারণে মহেশখালী উপজেলার উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। বিন্যস্ত হচ্ছে না কৃষি, শিল্প, শিক্ষা, অবকাঠামো, স্বাস্থ্য, মৎস্য, মানবসম্পদ প্রভৃতি খাতসমূহ। বিদ্যমান এবং ক্রমবর্ধমান ঝুঁকির মধ্যে অবস্থান অথবা কোন না কোন দুর্যোগ সংঘটিত হওয়ায় বিভিন্ন খাত, উপখাত সমাজের বিদ্যমান উপাদানসমূহ প্রাকৃতিক সম্পদ এবং বিভিন্ন এলাকা দারুণভাবে ঝুঁকিপূর্ণ। কোন্ কোন্ আপদ বা দুর্যোগে কোন্ কোন্ খাত বা উপাদানসমূহ ঝুঁকিপূর্ণ/ বিপদাপন্ন তা তুলে ধরা হলো:

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ													
	ঘরবাড়ী	রাস্তাঘাট	গাছপালা	ফসল	পরিবেশ	হাঁস মুরগী	গরু ছাগল	খাবার পানি	হাট বাজার	নদ-নদী	মৎস	স্বাস্থ্য	শিক্ষা	আশ্রয়কেন্দ্র
নদী ভাঙ্গন	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
পাহাড়ী ঢল	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
বন্যা	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
জলবদ্ধতা		■		■	■						■			
জোয়ারের পানি	■	■		■				■			■			
সামুদ্রিক জলোচ্ছ্বাস	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
পাহাড় ধ্বস	■		■		■							■		
টর্ণেডো/ ঘূর্ণিঝড়	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■	■
বৃক্ষ ও প্যারাবন নিধন			■		■									
লবণাক্ততা				■	■			■			■	■		
রাসায়নিক সার ব্যবহার				■	■						■	■		

প্রতিটি খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনার বিপদাপন্নতার বিস্তারিত বর্ণনাঃ

সমুদ্র বেষ্টিত মহেশখালী উপজেলা অধিকমাত্রায় দুর্যোগপ্রবণ হওয়ায় এখানকার প্রতিটি খাত, প্রতিষ্ঠান ও স্থাপনা বিভিন্ন আপদে দুর্যোগ ঝুঁকির মধ্যে থাকে এবং কোন না কোনভাবে বিপদাপন্ন। এগুলো কেন বিপদাপন্ন এবং কি করলে বিপদাপন্নতা কমে আসবে তা খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহের আলোকে নিম্নে তুলে ধরা হলো:

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
ঘরবাড়ী	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় বসতভিটার অবস্থান; • অপরিকল্পিত বসতভিটা;	• বসতভিটার অবস্থান উপকুল হতে দুরে ও উঁচু স্থানে করতে হবে। • ঘরবাড়ির প্রয়োজনীয় উপকরণ দিয়ে মজবুতভাবে

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
	• দূর্বল অবকাঠামো	বানাতে হবে । • বাড়ির চারপাশে বেশী বেশী বৃক্ষ রোপণ করতে হবে ।
রাস্তা ঘাট	• সমুদ্র উপকুলবর্তী এলাকা; • অবাধে গাছ কেটে রাস্তার পাড় দুর্বল করে ফেলা; • প্রয়োজনীয় ব্রীজ বা কালভার্ট না থাকা	• রাস্তা, বেড়ী বাঁধ এর দুই পাশে বেশী বেশী বৃক্ষ রোপণ করতে হবে । • জনগণকে গাছ লাগাতে উৎসাহিত করতে হবে । • প্রয়োজনীয় স্থানে ব্রীজ বা কালভার্ট নির্মাণ করতে হবে •
গাছপালা/ বনায়ন	• প্রয়োজনীয় গাছ রোপণ না করে অবাধে গাছ কেটে ফেলা; • প্যারাবন ধ্বংস করা; • অবৈধভাবে চিংড়ী ও লবণ চাষের জন্য লবণাক্ত পানি গাছের গোড়ায় প্রবেশ করা; • অবৈধভাবে পাহাড় কাটা	• অবৈধভাবে গাছ ও প্যারাবন নিধন নিয়ন্ত্রণ করার জন্য কঠোরভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে । • বাড়ির আশে পাশে, রাস্তা, বেড়ী বাঁধ ও খালের দুই পাশে বেশী বেশী বৃক্ষ রোপণ করতে হবে । • গাছ লাগাতে জনগণকে উৎসাহিত করতে হবে । • লবণ ও চিংড়ী চাষ নিয়মতান্ত্রিকভাবে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে
ফসল	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় ফসলী জমির অবস্থান; • প্রয়োজনীয় বেড়ী বাঁধ না থাকা; • সময়মত বেড়ী বাঁধ সংস্কার না করা; • অবৈধভাবে চিংড়ী ও লবণ চাষ করার ফলে লবণাক্ত পানি ফসলের জমিতে প্রবেশ করা ।	• প্রয়োজনীয় বেড়ী বাঁধ নির্মাণ করতে হবে । • ক্ষতিগ্রস্থ বেড়ী বাঁধগুলো দ্রুত সংস্কার করতে হবে । • লবণ ও চিংড়ী চাষ নিয়মতান্ত্রিকভাবে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
হাস-মুরগী ও গবাদী পশু	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় হাস-মুরগী ও গবাদী পশুর আবাসস্থল; • অপরিকল্পিত ও দূর্বল অবকাঠামো	• হাস-মুরগী ও গবাদী পশুর আবাসস্থল উপকুল হতে দুরে ও উঁচু স্থানে করতে হবে । • ঘর প্রয়োজনীয় উপকরণ দিয়ে মজবুতভাবে বানাতে হবে । • প্রশাসন কর্তৃক দুর্যোগকালীন সময় বিকল্প নিরাপদ আবাস স্থলের ব্যবস্থা করতে হবে ।
খাবার পানি	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু স্থানে টিউবওয়েল স্থাপন; • টিউবওয়েলের চারপাশ পাকা না করা; • অবাধে লবণাক্ত পানির প্রবেশ	• তুলণামূলক উঁচু স্থানে টিউবওয়েল স্থাপন করতে হবে । • টিউবওয়েলের চারপাশ পাকা করতে হবে ।
স্বাস্থ্য	• অস্বাস্থ্যকর ল্যাট্রিন ব্যবহার করা; • পানিতে লবণাক্ততার পরিমাণ থাকা; • জলাবদ্ধতা/ বাড়ি ঘরে পানি জমে থাকা; • স্বাস্থ্যসেবা কেন্দ্রের অবস্থান দুরে; • স্বাস্থ্য বিষয়ে সচেতনতার অভাব ।	• তুলণামূলক উঁচু স্থানে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ করতে হবে । • স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারে ও স্বাস্থ্য বিষয়ে সামাজিক ও প্রশাসনিকভাবে জনসচেতনতা বাড়াতে হবে । • টিউবওয়েলের চারপাশ পাকা করতে হবে । • স্বাস্থ্য সেবা গ্রহণে সচেতন ও উদ্যোগী করা ।

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
		• ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিকের সংখ্যা বৃদ্ধি করা।
শিক্ষা	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় স্কুলের অবস্থান; • স্কুলের কাঠামো মজবুত নয়; • প্রয়োজনীয় বেড়ী বাঁধ না থাকা; • জলাবদ্ধতা	• তুলণামূলক উঁচু স্থানে মজবুত করে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করতে হবে। • প্রশাসন কর্তৃক দুর্যোগকালীন সময় স্কুল চালানোর ব্যবস্থা করতে হবে।
মৎস	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় পুকুরের অবস্থান; • পুকুরের পাড় উঁচু না করা; • পুকুরের চার পাশে গাছ না লাগানো; • লবণাক্ত পানি সহজে পুকুরে প্রবেশ করে	• মাছ ধরা বোট ও জাল রক্ষা করার জন্য দুর্যোগ সহনশীল ও মজবুত স্থাপনা নির্মাণ করে বোট ও জাল রক্ষা করতে হবে। • পুকুরের পাড় উঁচু এবং পুকুর সংস্কার করতে হবে। • পুকুরের চার পাশে গাছ লাগাতে হবে। • নদী/ সাগর পাড়ের কম পক্ষে ১ কিলোমিটার দুরে বিহিঙ্গি জাল পাতাতে হবে।
হাট-বাজার	• সমুদ্র উপকুলবর্তী ও তুলণামূলক নীচু এলাকায় হাট বাজারের অবস্থান; • দুর্বল ও দুর্যোগ অসহনশীল অবকাঠামো	• তুলণামূলক উঁচু স্থানে মজবুত করে হাট বাজারের ঘরসমূহ স্থাপন করতে হবে। • চারপাশে বনজ ও ফলজ গাছ লাগাতে হবে।

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

মহেশখালী উপজেলা অধিক মাত্রার একটি দুর্যোগপ্রবণ এলাকা। এই উপজেলার ৮টি ইউনিয়ন একটি পৌরসভা সামুদ্রিক জলোচ্ছ্বাস, জোয়ারের প্লাবন, লবণাক্ততা, জলাবদ্ধতা, নদী ভাঙ্গন, বন্যা, পাহাড়ী ঢল, ঘূর্ণিঝড় প্রভৃতি আপদ/ দুর্যোগে আক্রান্ত। অবৈধভাবে বৃক্ষ নিধন, পাহাড়ের মাটি কাটা, লবণ ও চিংড়ী চাষ করার ফলে এসব আপদ আগের চেয়ে ভয়াবহতার রূপ নিচ্ছে। যা জনসাধারণের জীবন ও জীবিকার উপর ব্যাপক ক্ষতিকর প্রভাব ফেলছে। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে কৃষি, মৎস্য, পরিবেশ/গাছপালা, জীবিকা, পানি, স্বাস্থ্য, অবকাঠামোসহ নানান খাতসমূহ। নিম্নে বিভিন্ন খাতসমূহের আলোকে জলবায়ু পরির্তনের প্রভাব তুলে ধরা হলো:

খাতসমূহ	বর্ননা
কৃষি	অস্বাভাবিক জোয়ার ও সামুদ্রিক জলোচ্ছ্বাস বৃদ্ধি পাওয়ায় কৃষি খাত হুমকির মুখে পড়েছে। কৃষি উৎপাদন পূর্বেও সময়ের চেয়ে প্রায় ২০ - ২৫ ভাগ কমে এসেছে। জোয়ারের প্লাবন, লবণাক্ততা, জলাবদ্ধতার জন্য ক্রমান্বয়ে কৃষি জমি কমে আসছে। এলাকার লোকজন কৃষি নির্ভর পেশা পরিবর্তনে বাধ্য হচ্ছে। শহর ও শিল্পের প্রতি মানুষের আগ্রহ তৈরি হয়েছে। অস্বাভাবিক পাহাড়ী ঢল ও বন্যা জলাবদ্ধতার প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা না হলে উপজেলার সবকয়টি ইউনিয়নের জমির প্রায় ৪০% ফসল সম্পূর্ণ ধবংস হয়ে যাবে। এর ফলে কৃষি উৎপাদন ব্যাহত হবে এবং খাদ্য ঘাটতি দেখা দিবে।
পরিবেশ/ গাছপালা	সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাওয়ায় উপকুলীয় গ্রামগুলো প্লাবিত হয়ে বিভিন্ন ফলজ, বনজ

খাতসমূহ	বর্ননা
	গাছসহ প্রভৃতি গাছ বিলুপ্ত হয়ে যাচ্ছে এবং প্যারাবন ধ্বংস হচ্ছে। পূর্বের চেয়ে প্রায় ২০ ভাগ গাছ ও প্যারাবন ধ্বংস হয়ে গেছে। ফলে অতি বৃষ্টি ও অনা বৃষ্টির মত আপদ আসবে। পাশাপাশি পরিবেশের উপর বিরূপ প্রভাব সৃষ্টি হবে।
